- আল্লাহ তাআলাকে পাওয়ার জন্য সহায়ক খাতসমূহ হচ্ছে সেই খাত সমূহ যেগুলোতে খরচ করতে আল্লাহ তাআলা হুকুম করেছেন, যেমন-
  - ✓ নিজের এবং অধীনস্থ পরিবার-পরিজনদের আহার, বস্ত্র, বাসস্থান, গৃহস্থালি প্রয়োজনীয় সরঞ্জামাদির জন্য ব্যয়।
  - ✓ বিলাসিতা না হয়, এমন পরিমাণ অন্যান্য প্রয়োজনীয় ব্যয়।
  - ✓ নিজের এবং অধীনস্থদের ইলম চর্চার জন্য আনুসঙ্গিক ব্যয়।
  - ✓ চিকিৎসা ব্যয়।
  - ✓ গৃহপালিত পশু-পাখি পালন বাবদ ব্যয়।

✓আল্লাহর রাস্তায় দাওয়াত, হিজরত এবং জিহাদের জন্য প্রয়োজনীয় ব্যয়।

- দারিদ্র্যের সীমা: দারিদ্র্য যেন এই পরিমাণ না হয়, যেই অবস্থায় শয়তান দারিদ্র্যের কারণে দীলের মাঝে কুফুরী এবং আল্লাহ তাআলার প্রতি কুধারণা সৃষ্টি করার সুযোগ পায়।
- ধনাঢ্যের সীমা: **ধনসম্পদের প্রাচুর্য যেন এই পরিমাণ না হয়, যাতে করে একজন মানুষের উপর যাকাত ফরয হয়ে যায়।** অর্থাৎ সম্পদের প্রাচুর্যের কারণে তা জমানোর প্রয়োজন যেন না পড়ে। এটাই রাসূলুল্লাহ এবং তাঁর হাতেগুনা দুই একজন সাহাবী বাদে সকলের যিন্দেগীর সুন্নত। আল্লাহ তাআলা সকল সাহাবায়ে কেরামকে জান্নাতুল ফিরদাউসের সুউচ্চ মাকাম দান করুন। আমীন।

- এই কারণেই রাসূলুল্লাহ ﷺ আল্লাহ তাআলার কাছে দুআ করতেন, "হে পরওয়ারদেগার! মুহাম্মাদের সন্তানদেরকে অভাব মোচনের (দুনিয়ার যিন্দেগী চলে যায়) পরিমাণ সম্পদ দান করুন।" কেননা, তিনি খুব ভালো করেই জানতেন, এরচেয়ে কম সম্পদে যেমন কুফুরির গন্ধ আছে, তেমনি এর চেয়ে বেশি সম্পদে ধ্বংস বা বিনাশের গন্ধ আছে।

- হযরত আবু বকর রদিয়াল্লহু আনহু "প্রয়োজন পরিমাণ" সম্পদ উপার্জনের ব্যাপারে অত্যন্ত সতর্ক ছিলেন।

তখন তিনি আমীরুল মুমিনীন। একবার তাঁর স্ত্রী তাঁর কাছে মিষ্টি খাওয়ার আবদার করলেন। তিনি জানালেন, তাঁর কাছে মিষ্টি খাওয়ানোর মতো কোনো অতিরিক্ত টাকা নেই। তিন মাস পর তাঁর স্ত্রী কিছু দীনার তাঁর হাতে দিয়ে বললেন, এগুলো দিয়ে আমাকে মিষ্টি এনে

দিন। তখন তিনি জিজ্ঞেস করলেন, এই দীনারগুলো তুমি কোথায় পেলে? তাঁর স্ত্রী উত্তর দিলেন, আপনি প্রতি মাসে খোরাকি বাবদ যে পরিমাণ টাকা তুলে দেন, তা থেকে বাঁচিয়ে জমা করেছি। তখন হযরত আবু বকর সিদ্দিক রদিয়াল্লহু বললেন, তার মানে প্রতি মাসে এই পরিমাণ উপার্জন না হলেও আমার সংসার চলে। তখন তিনি ঐ দীনারগুলো বাইতুল মালে জমা করে দিলেন এবং তাঁর জন্য নির্ধারিত বেতন থেকে ঐ পরিমাণ অংশ কমিয়ে নিলেন, যে পরিমাণ তাঁর স্ত্রী প্রতি মাসে জমা করতো।

- মাল জমা করা যাবে না। এটা সুন্নতের খেলাফ। রাসূলুল্লাহ ইরশাদ করেন,“ হে আদম সন্তান! তুমি প্রয়োজনের অতিরিক্ত মাল খরচ করে দাও, এটি তোমার জন্য মঙ্গলজনক আর তা জমা করে রাখা তোমার জন্য অমঙ্গলজনক।” (মুসলিম, মেশকাত)

তিনি আরো ইরশাদ করেন, “আমার কাছে যদি ওহুদ পাহাড় পরিমাণ স্বর্ণও থাকে তবুও আমি এটি পছন্দ করব না যে, তার কিছু অংশ আমার নিকট তিন দিনের অধিক থাকুক। হ্যাঁ, কর্জ/ঋণ পরিশোধের জন্য রাখা যেতে পারে।” (মেশকাত)

অর্থাৎ যা রোজগার হবে, প্রয়োজনের অতিরিক্ত জমা রাখা যাবে না। আল্লাহর রাস্তায়/গরীব মিসকিনকে দান করে দিতে হবে। তবে ঋণ থাকলে তা পরিশোধ করার নিয়তে অর্থ-কড়ি জমানো যাবে।

একটু চিন্তা করুন! আমরা যারা ভবিষ্যতে জায়গা ক্রয় করার জন্য অর্থ জমাচ্ছি, বাড়ি করার জন্য অর্থ জামাচ্ছি, গাড়ি ক্রয় করার জন্য অর্থ জমাচ্ছি, কিংবা সরকারী চাকুরী এই আশায় করি যে, শেষ বয়সে পেনশন

মিলবে (পরোক্ষভাবে সরকারের ব্যাংকে টাকা জমাচ্ছি), তাদের যিন্দেগী কতটুকু সুন্নতওয়ালা যিন্দেগী, তাদের যিন্দেগী কতটুকু নবীওয়ালা, কিংবা সাহাবাওয়ালা যিন্দেগী?

মাল জমাকারী মুসলমানের স্থান জাহান্নামের হুতামাহ নামক স্থান। মাল খুব খরচ করা, কিন্তু অপচয় করা যাবে না। যে অপচয় করে সে শয়তানের ভাই, আল্লাহ পাক তার মাল থেকে বরকত উঠিয়ে নেন এবং সে কোটি টাকা কামাই করলেও তাকে আল্লাহ পাক মানুষের মুখাপেক্ষী বানিয়ে দেন। সে সব সময়ই অভাবে থাকে। যে প্রয়োজনীয় বিষয়ে অপচয়ে অভ্যস্ত হয়, খুব শীঘ্রই সে হারাম বিষয়ে খরচে লিপ্ত হবে। আর যে হারাম বিষয়ে খরচে অভ্যস্ত হয়, খুব শীঘ্রই সে ইসলামের বিভিন্ন আহকামকে অবজ্ঞা করা শুরু করবে। তাই খুব বিচক্ষণতার সাথে মাল খরচ করা চাই। কখনোই ঋণ না করা চাই।

এবার চলুন দেখা যাক, আল্লাহ রাব্বুল আলামীনের সর্বশ্রেষ্ঠ সৃষ্টি, দুই জাহানের বাদশাহ, সাইয়্যেদুল আম্বিয়া ওয়াল মুরসালীন, রাহমাতুল্লিল আলামীন, রাসূলুল্লাহ ﷺ এই দুনিয়াতে কতটুকু সম্পত্তির মালিক ছিলেন, এই দুনিয়া থেকে তিনি কতটুকু গ্রহণ করেছিলেন, তিনি আমাদের জন্য কী "উসওয়াতুন হাসানাহ" রেখে গেছেন?

নবী করীম ﷺ এর বিষয়-সম্পত্তিঃ

একজন মানুষের বিষয় সম্পত্তি, ঘরের জিনিসপত্র এবং পরিত্যক্ত সম্পদ দেখলেই বুঝা যায়, তার আসল পেশা কী? তার যিন্দেগী কেমন ছিল?
নবী করীম ﷺ -এর কাছে যে সকল জিনিস ছিল, তার মধ্যে অধিকাংশই হলো তাঁর জিহাদের সরঞ্জাম। যেমনঃ

• ঘোড়া	৭ টি
• খচ্চর	২ টি
• তরবারি	৯ টি
• লৌহ বর্ম	৭ টি
• ঢাল	২ টি
• বর্শা	৫ টি
• শিরস্ত্রাণ	২ টি
• তীর	

তাঁর কাছে একটি ছড়ি (লাঠি) ছিল। এটি হাতে নিয়ে তিনি চলতেন, এর উপর ভর দিয়ে যানবাহনে আরোহন করতেন এবং এটি উটের পিঠে ঝুলিয়ে দিতেন। তাঁর কাছে একটি হাতল লাগানো কাঠের পেয়ালা এবং একটি কাচের পেয়ালাও ছিল।
আর একটি পেয়ালা ছিল, যা তাঁর চার পায়ীর নীচে রাত্রিকালে পেশাব করার জন্য রাখা থাকতো।

রাসূলুল্লাহ ﷺ এর একটি মশক এবং পাথরের পাত্রও ছিল, যা দ্বারা তিনি ওযু করতেন। কাপড় ধোয়ার পাত্র এবং হাত ধোয়ার পাত্রও ছিল। একটি বড় পেয়ালা ছিল, যাতে চারটি হাতল ছিল এবং চার ব্যক্তি বহন করত। এছাড়া ছিল একটি "মুদ্দ" (ওজন করার পাত্র)।

নবীজী ﷺ-র সফরের সামানা:

নবীজী ﷺ যখন কোনো সফরে যেতেন, তখন তিনি নিম্নোক্ত জিনিসগুলো একটি থলেতে করে সাথে নিয়ে যেতেন-

আতর	সুরমা দানী
মিসওয়াক	তেলের শিশি
আয়না	কেঁচি (২টি)
(সেগুন কাঠের) চিরুনী	কাঠের কাঠি

কাঠের কাঠিটি মাথা চুলকানোর কাজে ব্যবহার হতো। মাথা চুলকানোর প্রয়োজন হলে তিনি সরাসরি হাত ব্যবহার করতেন না।

এগুলো ছাড়াও নবীজী ﷺ সাথে একটি রুমাল রাখতেন। ওযু করার পর অঙ্গসমূহ মোছার কাজে এটি ব্যবহৃত হতো।

বিভিন্ন হাদীসে বর্ণিত এগুলোই ছিল রসূলুল্লাহ এর গোটা যিন্দেগীর সম্পদ ও আসবাব পত্র। (যাদুল মা'আদ)

নবী করীম ﷺ এর পরিত্যক্ত সম্পত্তি:

উম্মুল মু'মিনীন হযরত আয়েশা সিদ্দীকা রদিয়াল্লহু আনহা বলেন, "রসূলুল্লহ ﷺ এর পরিত্যক্ত সম্পত্তিতে না ছিল দীনার, না দেরহাম এবং না ছাগল, না উট।" হযরত ওমর ইবনে হারেসের হাদীসে

আছে,"রাসূলুল্লাহ ﷺ কতিপয় অস্ত্র, একটি খচ্চর ও সামান্য জমি ছাড়া কিছুই ছেড়ে যাননি। এই সামান্য জমিটুকুও সদ্‌কা করে দেয়া হয়েছিল।" (কিতাবুশ শেফা)

হযরত আনাস রদিয়াল্লহু আনহু থেকে বর্ণিত আছে, রাসূলুল্লাহ ﷺ একটি পুরাতন হাওদায় বসে হজ্জ করেছিলেন। এর উপর পশমের চাদর বিছানো ছিল, যার মূল্য চার দেরহামের বেশি ছিল না। এ অবস্থায়ই তিনি দুআ করেছিলেন:

"হে আল্লাহ! একে খাঁটি হজ্জে পরিণত করুন, যাতে রিয়া ও নাম-যশ না থাকে।" অথচ রাসূলুল্লাহ ﷺ এ হজ্জ তখন করেছিলেন, যখন তাঁর সামনে পৃথিবীর ধনভাণ্ডার খুলে দেয়া হয়েছিল। তিনি এ হজ্জে কোরবানীর জন্যে একশ উট সাথে নিয়ে যান। (কিতাবুশ শিফা)

রাসূলুল্লাহ ﷺ-এর ওফাতের পূর্বমুহূর্তে তাঁর অসুস্থতা ও ব্যথার তীব্রতা খুব বৃদ্ধি পেলো। তিনি বার বার বেহুশ হয়ে যাচ্ছিলেন। আম্মাজান আইশা রদিয়াল্লহু আনহার কাছে ছয় বা সাতটি দিনার রাখা ছিলো। একবার হুঁশ ফিরে আসার পর নবীজী ﷺ আম্মাজানকে সেই দীনারগুলো দান করে দিতে বললেন। তারপর তিনি আবার বেহুঁশ হয়ে গেলেন। আম্মাজান সেবা সুশ্রূষার কারণে দিনারগুলো দান করে দিতে ভুলে গেলেন। এরপর নবীজী ﷺ-এর আবার হুঁশ ফিরে আসলে আম্মাজানকে জিজ্ঞাসা করলেন, দিনারগুলোর কি হলো? আম্মাজান বললেন, আল্লাহর কসম! আপনার অসুস্থতার কারণে আমি সেগুলো দান করতে পারিনি। তখন নবীজী ﷺ বললেন, আল্লাহর নবীর কী ধারণা, যদি সে এগুলি নিজের কাছে রেখে আল্লাহর সাথে সাক্ষাৎ করে? তখন সেই দিনারগুলো দান করে দেয়ার ব্যবস্থা করা হলো।

এসময় আল্লাহর রাসূলের ﷺ ঘরে বাতি জ্বালানোর মতো কোন তেল ছিল না। আম্মাজান আইশা রদিয়াল্লহু আনহা একজন আনসারি মহিলার কাছ থেকে ফেরত দেয়ার শর্তে একটু তেল ধার করে নিয়ে আসেন।

হে আল্লাহ! হে আমাদের প্রভু! দরুদ ও সালাম প্রেরণ কর তোমার হাবীবের ﷺ প্রতি, সকল আম্মাজানদের প্রতি, এবং সকল আহলে বাইতের প্রতি। আমীন।

֍ মানুষ কেন কাপুরুষ হয়?

পারস্যের একটি শহর হীরা শহর। পারস্যের সেনাবাহিনী মুসলমানদের নিকট মর্মান্তিক পরাজয় বরণ করার পর হযরত খালিদ বিন ওয়ালিদ রাদিয়াল্লহু আনহু গণীমতের মাল সংগ্রহ করার অনুমতি দেন। এটা যেহেতু আমীর শ্রেণির লোকদের অধ্যুষিত শহর ছিল, তাই ঘরে ঘরে মূল্যবান সম্পদ এবং বস্ত্রের সম্ভার ছিলো। মুজাহিদরা কিছু কিছু জিনিস দেখে রীতিমত অবাক হচ্ছিলেন। এ সকল দামী বস্তু তারা স্বদেশে নিয়ে যাবার আগ্রহ ব্যক্ত করতে থাকেন। মাল-সম্পদ জমা করা হলে হযরত খালিদ রদিয়াল্লহু অন্তর্ভেদী দৃষ্টি মেলে তার দিকে চেয়ে থাকেন।
"আগুনে জ্বালিয়ে দাও এসব বস্তু-সামগ্রী", হযরত খালিদ রাদিয়াল্লহু আনহু নির্দেশ দিয়ে বলেন, "এগুলো ভোগ-বিলাসের সামগ্রী ও উপকরণ। এ সব সম্পদই মানুষকে কাপুরুষ বানায়। তাদের পরিণতি দেখ। তাদের মহল এবং ঘর-বাড়ি দেখ। খোদার কসম! আল্লাহ যাকে ধ্বংস করতে চান তাকে ভোগ-বিলাসিতায় নিক্ষেপ করেন।....."

দান করার ব্যাপারে কিছু কথা:

- হুযুর ﷺ এরশাদ করেন, "ছদকা দেওয়ার ব্যাপারে দ্রুত ব্যবস্থা গ্রহণ কর, কেননা মছীবত ছদকাকে ফেড়ে অগ্রসর হতে পারে না।" (মেশকাত)
- একটি দুর্বল হাদীছে আছে, ছদকা মছীবতের সত্তরটা দরজা বন্ধ করে দেয়। অন্য হাদীসে বর্ণিত আছে, "আপন মালকে যাকাতের দ্বারা পবিত্র কর, সদকা দ্বারা রোগীর চিকিৎসা কর আর মছীবতের ঢেউ সমূহকে দোয়া দ্বারা প্রতিহত কর।"
- অন্য এক হাদীসে আছে, "ছদকা কবরের গরমকে দূর করে দেয়, এবং মানুষ কেয়ামতের দিন স্বীয় ছদকার ছায়াতলে থাকবে।" (অর্থাৎ ছদকা যত বেশি হবে, ছায়াও তত বেশি হবে।)
- কৃপণতা সর্বাবস্থায় পরিহার করতে হবে। দীলের মাঝে মালের মহব্বত থেকেই কৃপণতা (বখীলী) পয়দা হয়। তাই যত পারা যায় দান করতে হবে।
- রাসূলুল্লাহ ﷺ ছিলেন অত্যন্ত দানশীল। দান করতেন অত্যধিক। রমজানে এ দানের পরিমাণ আরো বেড়ে যেত। দানশীলতায় নবীজী ﷺ প্রবল বাতাসের চেয়েও দ্রুত ধাবমান ছিলেন।
- দানের ক্ষেত্রে একটি মূলনীতি হলো- **এত কম দান করা যাবে না, যাতে হাত কাঁধের সাথে বেধে রাখার মতো অবস্থা তৈরি হয়, আবার এতো উদার হস্তও হওয়া যাবে না যাতে করে নিঃস্ব হয়ে বসে পড়তে হয়।** মধ্যমপন্থাই উত্তম।
- কেউ হাত পাতলে তাকে ফিরিয়ে না দেয়া। অল্প কিছু হলেও দেয়া। আল্লাহর রাসূল ﷺ-এর মতো দানশীল কেউ কখনো ছিল না। তিনি কাউকে

কোনোদিন ফিরিয়ে দেননি। কেউ তাঁর কাছে হাত পাতলে আর কিছু দেয়ার মতো সামর্থ্য না থাকলে ধার কর্জ করে হলেও অন্যকে দান করেছেন। বিভিন্ন সাহাবায়ে কেরামের কাছ থেকে নবীজী ﷺ-এর নিকট হাদিয়া আসত। অধিকাংশ ক্ষেত্রেই তিনি তা আবার গরীব সাহাবীদের মাঝে দান করে দিতেন।

- কোনো মানুষকে বড় অংকের দান করার আগে দেখতে হবে আসলেই সে অভাবী কিনা। কেননা বর্তমানে রাস্তাঘাটে অনেক ফকীর পাওয়া যায়, যাদের উপর যাকাত ফরয।

- আল্লাহর রাস্তায় বেশি বেশি দান করতে হবে। মসজিদ, মাদরাসায়, দাওয়াতী কাজে, জিহাদের প্রয়োজনে ব্যয় করতে হবে। জিহাদের প্রয়োজনে সবচেয়ে বেশি ব্যয় করতে হবে। কেননা, এতে সওয়াব সবচেয়ে বেশি। দ্বিতীয়ত, মানুষ দান বলতে মসজিদ, মাদরাসায় দানই বুঝে। তাই এক্ষেত্রে দাতার অভাব নেই। কিন্তু জিহাদের প্রয়োজনে ব্যয়, মুজাহিদদের প্রয়োজনে ব্যয়, তাদের রেখে যাওয়া অসহায় পরিবার পরিজনদের জন্য ব্যয় করার মানুষ নেই, তাই এই খাতে ব্যয় করা অত্যন্ত জরুরী। এতে করে ঘরে বসেও জিহাদের সওয়াব হাছিল হবে। (তাই বলে জিহাদে না যাওয়ার গুনাহ থেকে বাঁচা যাবে না।)

- অন্য ভাইকে জিহাদ ও হিজরত করতে সহযোগিতা করতে ব্যয় করা। তাবুক যুদ্ধে যোগদান করার জন্য আনসার ও অন্যান্যদের মধ্য থেকে সাতজন মুসলমান রাসূলুল্লাহ ﷺ-এর নিকট এসে সওয়ারী জানোয়ার চাইলেন। তাঁরা ছিলেন অত্যন্ত দরিদ্র। নবীজী ﷺ তাঁদেরকে সওয়ারী বাহন দিতে অক্ষমতা প্রকাশ করলেন। ফলে তাঁরা জিহাদে যেতে না পেরে

কাঁদতে কাঁদতে ফিরে যান। ইতিহাসে এরা 'বাকাউন' অর্থাৎ ক্রন্দনকারী নামে পরিচিত। এঁদের মধ্যে দু'জন হযরত আবু লায়লা আব্দুর রহমান ও হযরত আব্দুল্লাহ বিন মুগাফ্ফাল রদিয়াল্লহু আনহুমাকে কাঁদতে দেখে হযরত ইবনে ইয়ামীন ইবনে উমায়ের রদিয়াল্লহু আনহু জিজ্ঞেস করেন, "তোমরা কাঁদছ কেন?" তাঁরা বললেন, "আমরা রাসূলুল্লাহ ﷺ-এর কাছে গিয়েছিলাম তাবুক অভিযানে যাওয়ার জন্য সওয়ারী চাইতে। কিন্তু তিনি দিতে পারেননি। আমাদের কাছেও এমন কিছু নেই যা দ্বারা তাঁর সাথে অভিযানে যেতে পারি।" তখন ইবনে ইয়ামীন তাদেরকে একটি উট এবং কিছু খোরমা দিলেন। তাঁরা ঐ সওয়ারীতে চড়ে রাসূলুল্লাহ ﷺ-এর সাথে অভিযানে চলে গেলেন।

- হক্কানী পীর-সাহেব, উলামায়ে কেরামদের সাথে মহব্বত বাড়ানো একান্ত প্রয়োজন। তাই তাদেরকে বেশি বেশি হাদিয়া দিতে হবে। তবে এক্ষেত্রে মনে রাখতে হবে, তাদেরকে বিল্ডিং বানিয়ে দেয়া, কিংবা দুনিয়া ভোগের কোনো সামগ্রী দেয়া যাবে না (যেমন: এ.সি কিনে দেয়া), বরং নগদ অর্থ, কিংবা প্রয়োজনীয় জিনিসপত্র দেয়া যেতে পারে। সবচেয়ে ভালো হয়, আগে খোঁজ নেয়া, তাঁদের কোনো অভাব বা পেরেশানী আছে কিনা, যদি জানা যায়, তাহলে সেমতে তাঁদের অভাবকে পূরণ করা, পেরেশানীকে দূর করার চেষ্টা করা।

- মসজিদ, মাদরাসায় দান করার ক্ষেত্রে লক্ষ্য রাখতে হবে, যতক্ষণ বুনিয়াদী কাজ চলতে থাকবে ততক্ষণ সেখানে দান করবে। পানি, ওযু ও টয়লেটের ব্যবস্থা করার জন্য দান করবে। যদি এই দান মসজিদ বা মাদরাসার শোভা বর্ধন, যেমন টাইল্স লাগানো, রঙ-বেরঙের লাইটিং

ইত্যাদির প্রয়োজনে ব্যবহৃত হয়, কিংবা এসি লাগানোর কাজে ব্যবহৃত হয়, তাহলে দান করা যাবে না। এটা দ্বীন নয়। এটা অপচয় ও দুনিয়াদারী। কিয়ামতের আলামত তৈরিতে সহযোগিতা করা যাবে না। আমাদেরকে মনে রাখতে হবে, এবাদতের সম্পর্ক কষ্টের সাথে। কষ্ট-মুজাহাদার সাথে যে ইবাদত করা হয় তাতে নূর থাকে বেশি।

০৪. মৌলিক চাহিদাসমূহ: পানাহার, বস্ত্র, বাসস্থান, গৃহের সাজ-সরঞ্জাম ও অন্যান্য প্রয়োজনীয় দ্রব্যাদি

যেসব জিনিসের উপর মানুষের অস্তিত্ব নির্ভর করে, সেগুলোকে 'মৌলিক চাহিদা' বলে। এগুলো হলো- ক. পানাহার, বস্ত্র, বাসস্থান, গৃহের সাজ-সরঞ্জাম ও অন্যান্য প্রয়োজনীয় দ্রব্যাদি। বর্তমান যামানায় কোটিতে একজন মুসলমান পাওয়া যাবে না, যিনি এই তিনটি বিষয়ে সুন্নতের পরিপূর্ণ অনুসারী। হয়তো কিছু বিষয়ের উপর আমল করা হয়ে থাকে, কিন্তু রাসূলুল্লাহ ﷺ এবং সাহাবায়ে কেরামের যিন্দেগীকে সামনে রাখলে একথা বুঝে আসে যে, আমরা আসলে উনাদের যিন্দেগীর অনুসারী নই। অথচ এগুলো এমন কয়েকটি বিষয় যেগুলো হতে মানুষের পৃথক হওয়ার সুযোগ নেই। একজন মানুষের প্রতিদিনের জীবনে তাকে খেতেই হয়, পোশাক পরিচ্ছেদ না পরিধান করে সে থাকতে পারেনা, ঠিক তেমনিভাবে মাথা গোজার জন্য একটি ঠাঁই তার লাগবেই। অপরিহার্য এই বিষয়গুলোতে কেমন ছিলেন আমাদের নবীজী ﷺ? আর তাঁর উম্মত হিসেবে আমরাই বা কতটুকু উনার অনুসরণ করি? চলুন, আল্লাহর রাসূল ﷺ এবং তাঁর নিজ হাতে গড়া প্রিয় সাহাবীদের সাথে আমাদের যিন্দেগীর একটু তুলনা করা যাক।

ক. পানাহারঃ

পানাহারের ক্ষেত্রে প্রিয় নবীজী ﷺ -এর সুন্নতগুলোকে আমরা তিনভাগে ভাগ করতে পারি। যথাঃ

১. রাসূলুল্লাহ ﷺ খানার কী কী আদব (দুআ ও তরীকা) শিক্ষা দিয়েছেন?

২. রাসূলুল্লাহ ﷺ কী কী খানা বেশি পছন্দ করতেন, এবং কী কী অপছন্দ করতেন?

৩. রাসূলুল্লাহ ﷺ কতক্ষণ পর পর কী পরিমাণ খেতেন?

বর্তমানে দ্বীনদার মহলে আহারের সুন্নত বলতে কেবল প্রথমটিকেই বুঝায়, আর দ্বিতীয়টির প্রচলন অল্প-বিস্তর কিছু পাওয়া যায়। কিন্তু তৃতীয়টি? এই সুন্নতটি একদম উঠে গিয়েছে, এবং পানাহারের ক্ষেত্রে এটিই অপরিচিত (গরীব) সুন্নত। অথচ সাহাবায়ে কেরাম এই সুন্নতটিকে সবচেয়ে বেশি গুরুত্ব দিতেন। কেননা, দুনিয়াদার হওয়া না হওয়ার সাথে সম্পর্ক কেবল তৃতীয় সুন্নতটির আর তাই রাসূলুল্লাহ ﷺ এবং সাহাবায়ে কেরাম এটিকেই সর্বাপেক্ষা গুরুত্বের সাথে আমল করতেন।

রাসূলুল্লাহ ﷺ তিন/চারদিন পরপর আহার করতেন, তাও পেট ভরে নয়, পাকস্থলির তিনভাগের একভাগ বা আরো কম। অধিকাংশ সাহাবাদের অভ্যাস এটিই ছিল। হযরত আবু বকর সিদ্দীক রদিয়াল্লহু আনহু একাধারে ছয়দিন অনাহারে থাকতেন। তাও তাঁরা একবারে এক তরকারীর বেশি কখনো আহার করতেন না।

ক্ষুধা-তৃষ্ণা সহ্য করার ফযীলত সংক্রান্ত কতগুলো হাদীস -

১. হাদীস- "তোমরা ক্ষুধা তৃষ্ণার যন্ত্রণা সহ্য করে নিজ নিজ প্রবৃত্তির সাথে সংগ্রাম কর। এই সংগ্রামে কাফেরের বিরুদ্ধে জিহাদের সমান সওয়াব মিলবে। ক্ষুধা-তৃষ্ণা সহ্য করা অপেক্ষা অন্য কোনো কাজ আল্লাহ তাআলার কাছে প্রিয় নয়।"

২. হাদীস- "যে ব্যক্তি পেট পুরে আহার করে, বেহেশতের দিকে তার জন্য পথ মুক্ত হয় না।"

৩. হাদীস- "পুরাতন কাপড় পরিধান কর, অর্ধ পেট ভরে পানাহার কর, এটি নবীসুলভ কাজের অংশবিশেষ।"

৪. হাদীস- তাফাক্কুর তথা আল্লাহ তাআলার ধ্যান করা অর্ধ ইবাদত আর অল্প পরিমাণে আহার করা পূর্ণ এবাদত।"

৫. হাদীস- "তোমাদের মধ্যে যে ব্যক্তি অধিক পরিমাণে ধ্যান করে এবং ক্ষুধার যাতনা সহ্য করে, সেই ব্যক্তিই আল্লাহ তাআলার নিকট সর্বাপেক্ষা উত্তম, আর যে ব্যক্তি অধিক পরিমাণে আহার করে এবং অধিক পরিমাণ নিদ্রা যায়, সেই ব্যক্তি আল্লাহ তাআলার শত্রু।"

৬. হাদীস- "অতিরিক্ত পানাহার করে তোমরা তোমাদের অন্তরকে প্রাণহীন বানিয়ে ফেলো না। কেননা, তোমাদের অন্তর শস্য ক্ষেত্রস্বরূপ। ক্ষেতে অতিরিক্ত পানি হইলে ক্ষেত অনুর্বর ও নির্জীব হয়ে পড়ে।"

৭. হাদীস- "পেটের চেয়ে অধিকতর নিকৃষ্ট কোনো জিনিসকে মানুষ পূর্ণ করে না। যে কয়টি লোকমা তার মেরুদণ্ড সবল ও সোজা রাখতে পারে,

সে কয়টি লোকমা আহার করাই যথেষ্ট। অগত্যা যদি বেশি খেতেই হয়, তবে পেটের এক তৃতীয়াংশ আহারের জন্য, এক তৃতীয়াংশ পানীয়ের জন্য, এক তৃতীয়াংশ শ্বাস-প্রশ্বাসের জন্য নির্ধারিত করবে।" অন্য এক রেওয়ায়েতে আছে, "শেষ তৃতীয়াংশ আল্লাহ তাআলার যিকিরের জন্য রাখবে।"

৮. হাদীস- মুমিন এক ভুঁড়ি পুরা করে আহার করে আর মুনাফেক সাত ভুঁড়ি পুরে আহার করে। অর্থাৎ মুনাফেকের খাদ্যের পরিমাণ মুমিন ব্যক্তি অপেক্ষা সাতগুণ।

৯. হাদীস- একদিন রাসূলুল্লাহ ﷺ-এর সামনে হযরত হুযাইফা রদিয়াল্লহু আনহুর ঢেকুর উঠেছিল। এতে হুযুর ﷺ বললেন, "এই ঢেকুর দূরে রাখ। কেননা, ইহলোকে যে ব্যক্তি খুব তৃপ্তি সহকারে ভোজন করবে, সে পরকালে অত্যন্ত ক্ষুধার্ত থাকবে।"

১০. এক হাদীসে জীব্রীলে বর্ণিত আছে, "আল্লাহ তাআলা বান্দাদের তিনটি কাজ অত্যন্ত পছন্দ করেন, **এক.** জান-মাল খরচ করে আল্লাহর রাস্তায় জিহাদ করা, **দুই.** গোনাহের জন্য অনুতপ্ত হয়ে ক্রন্দন করা এবং **তিন.** ক্ষুধার কষ্ট সহ্য করতঃ ছবর করা।" (মুনাব্বেহাত, হাফেয ইবনে হাজার রহ.)

১১. একদিন মা ফাতেমা রদিয়াল্লহু আনহা একটি রুটি নিয়ে নবীজী ﷺ এর দরবারে আসলে নবীজী ﷺ তাকে জিজ্ঞাসা করলেন, "ফাতেমা! তোমার হাতে এটি কি?' হযরত ফাতেমা রদিয়াল্লহু আনহা নিবেদন করলেন, "আমি একটা মাত্র রুটি বানিয়েছি, আপনাকে এর কিছু অংশ না দিয়ে নিজে আহার করার ইচ্ছা হচ্ছিল না।" হুযুর ﷺ

বলিলেন,"একাধারে তিন দিন অনাহারে কাটাবার পর এটিই প্রথম খাদ্য, যা তোমার পিতার মুখে যাবে।"

১২. একদিন হযরত আবু হুরাইরা রদিয়াল্লহু আনহু নবীজী ﷺ-এর ঘরে আসলেন। তখন নবীজী ﷺ বসে বসে নামায আদায় করছিলেন। হযরত আবু হুরাইরা রদিয়াল্লহু আনহু জিজ্ঞাসা করলেন, ইয়া রাসূলাল্লাহ! আমি আপনাকে বসে নামায আদায় করতে দেখছি, আপনার কী হয়েছে? তিনি ﷺ বললেন, ক্ষুধা, হে আবু হুরাইরা! একথা শুনে হযরত আবু হুরাইরা রদিয়াল্লহু আনহু কেঁদে দিলেন। নবীজী ﷺ বললেন, হে আবু হুরাইরা, কেঁদো না। যে ব্যক্তি সওয়াবের আশায় দুনিয়াতে ক্ষুধার কষ্ট সহ্য করবে, কেয়ামতের দিন সে হিসাবের কড়াকড়ি থেকে রেহাই পাবে।

১৩. একবার এক সাহাবী রদিয়াল্লহু আনহু নবীজী ﷺ-এর কাছে এসে ক্ষুধার অভিযোগ করলেন এবং দেখালেন যে তিনি ক্ষুধার কষ্ট সহ্য করতে না পেরে পেটে একটি পাথর বেঁধেছেন। তখন রাসূলুল্লাহ ﷺ তার পেট মোবারক উন্মুক্ত করে ঐ সাহাবীকে দেখালেন। তিনি দেখলেন, আল্লাহর রাসূলের ﷺ পেটে দুইটি পাথর বাঁধা।

১৪. কোনো কোনো ছাহাবী কিংবা তাবেয়ীর আহার ও পোশাকের অবস্থা দেখে হযরত আবু যর গিফারী রদিয়াল্লহু আনহু তাদেরকে তিরস্কার করে বলতেন, 'হায় হায়! তোমরা রাসূলুল্লাহ ﷺ এর সময়ের সেই মহান অভ্যাস হতে ফিরে গেছ। তোমরা যবের আটা ছেকে খাওয়া শুরু করেছ, হালকা-পাতলা রুটি খেতে শুরু করেছো, একাধিক রকমের তরকারি খেতে অভ্যস্থ হয়ে গেছ। রাতে ও দিনে পৃথক পৃথক পোশাক

পরিধান করতে শিখে গেছ। অথচ হুযুরে আকরাম ﷺ এর যামানায় এরকম জাঁকজমক ছিল না। মদীনার মসজিদের বারান্দায় অবস্থানকারী আহলে ছোফ্‌ফাদের মধ্যে প্রতি দুই জন লোকের খাদ্য ছিল এক মোদ (৫৮.৫ তোলা) খোরমা, তাও আবার আটিগুলো ফেলে দিতেন (ফলে খাবারের পরিমাণ আরো কম হতো)।"

(কিমিয়ায়ে সাআদাত, এহইয়াউ উলূম)

১৫. খুলাফায়ে রাশেদার সময় একবার মদীনায় একজন রোমান চিকিৎসক আসলেন। তিনি দুই বছর চেম্বার করলেন। কিন্তু দুঃখের বিষয়! দুই বছরেও বেচারার চেম্বারে একজন রুগীও আসল না। সেই চিকিৎসক চলে যাওয়ার সময় একজন সাহাবীকে জিজ্ঞাসা করলেন, আপনারা কি মানুষ না জ্বীন, নাকি ফেরেশতা? সাহাবী জিজ্ঞাসা করলেন, কেন বলুনতো? চিকিৎসক বললেন, আমি মদীনায় দুই বছর ছিলাম, কিন্তু একজন মানুষকেও অসুস্থ হতে দেখলাম না। তার কারণ কী? তখন ঐ সাহাবী বললেন, এর কারণ আল্লাহর রাসূল ﷺ আমাদেরকে দুটি অভ্যাস শিক্ষা দিয়েছেন। আমাদের মাঝে দুটি গুণ আছে, যে কারণে আমরা কখনো অসুস্থ হই না, এক. আমরা ক্ষুধা না লাগলে খাই না, দুই. পেটে ক্ষুধা থাকা অবস্থায়ই আবার খানা পরিত্যাগ করি। (পেট ভরে কখনো আহার করি না।)

তখন চিকিৎসক বুঝলেন, আসলে সকল রোগের উৎস অধিক পানাহার করা।

আমাদের কী পরিমাণ আহার করা উচিত:

হযরত ইমাম গায্যালি রাহিমাহুল্লাহ বলেন, "দিন-রাত্রির মধ্যে (২৪ ঘন্টা পর পর) একবারের বেশি আহার করা সঙ্গত নয়। দুই দিনে এক সন্ধ্যা (৪৮ ঘণ্টা পর পর) আহার করাই পূর্ণ বৈরাগ্য (যুহদ)। একদিনে দুইবার আহার করলে বৈরাগ্য (যুহদ) থাকে না। সে ব্যক্তি ইলমের নূর পাবে না, যে তিনদিনের কম সময় পর পর পানাহার করে।" (এহইয়াউ উলূম, কিমিয়ায়ে সাআদাত)

ক্ষুধার্ত থাকার উপকারিতা:

১. আত্মা নির্মল এবং উজ্জ্বল হয়ে উঠে, পক্ষান্তরে পেট ভরে খাওয়ার দ্বারা আত্মা অন্ধ এবং মেধাশক্তি অকর্মন্য হয়ে উঠে।

২. হৃদয় হালকা হয়, ফলে যিকির এবং মুনাজাতের প্রকৃত স্বাদ পাওয়া যায়।

৩. ক্ষুধার জ্বালা সহ্য করলে অহংকার এবং গাফলতি দূর হয়।

৪. ক্ষুধার্ত থাকলে ঘুম কম হয়, মস্তিষ্কে রক্ত চলাচল বৃদ্ধি পায়, মেধা তীক্ষ্ম হয়, দুরদর্শিতা বৃদ্ধি পায়।

৫. কম পানাহার করলে অসুখ-বিসুখ হতে হেফাযত থাকা যায়, যেমন: গ্যাসের সমস্যা, গ্যাস্ট্রিকের সমস্যা, ডায়াবেটিস, উচ্চ-রক্তচাপ, স্ট্রোক, হার্ট এ্যাটাক, স্থুলতা জনিত রোগ, কোমর ব্যথা, পিঠ ব্যথা, হাঁটু ব্যথা ইত্যাদি।

৬. সবচেয়ে বড় লাভ হলো, নফস্ দুর্বল হয়ে বাধ্য-অনুগত হয়ে যায়।

অতিরিক্ত পানাহারের ক্ষতি ছয় প্রকার। যথা:

১. এবাদতের স্বাদ পাবে না।
২. হেকমত তথা জ্ঞানগর্ভ বিষয় স্মরণ থাকবে না।
৩. মানুষ ও সৃষ্ট জীবের প্রতি দয়া প্রদর্শন করবে না। কেননা সে মনে করবে দুনিয়ার সকলেই তার মতো পরিতৃপ্ত পানাহার করে থাকে।
৪. ইবাদত করা তার জন্য কষ্ট সাধ্য হবে।
৫. ভোগ করার ইচ্ছা এবং কামরিপু প্রবল হবে।
৬. যখন মুসল্লীগণ মসজিদে অবস্থান করে, তখন অতিভোজী পায়খানায় আবদ্ধ থাকে।

হোটেলে বা বাহিরের খাবার পরিহার করবে:

কয়েকটি কারণে হোটেল বা বাহিরের খাবার পরিত্যাজ্য। যেমন:

১. অধিকাংশ ক্ষেত্রেই রান্না করার সময় যথাযথভাবে খাবার পাক করা হয় না। বিশেষতঃ গোশত এবং ডিম। আর নাপাক খাবার খাওয়া হারাম। তাই হোটেলে বা বাহিরে খানা না খাওয়া চাই। একান্ত যদি খেতেই হয় কেবল মাছ খাওয়া।

২. রুটি যেখানে গরম করা হয়, একই জায়গায় ডিম ভাজা হয়। ফলে তাওয়াটিও নাপাক হয়ে যায়। তাই রুটিও নাপাক হয়ে যায়। এজন্য রুটিও না খাওয়া। একান্ত খেতে হলে ভাত খাওয়া।

৩. যে খানা খায় তার উপর যিনি বাবুর্চি, তার আমল-আখলাকের মারাত্মক প্রভাব পড়ে। বুযুর্গদের উক্তি এবং অভিজ্ঞতার আলোকে দেখা যায়, বাবুর্চি যদি কবীরা গুনাহে লিপ্ত থাকে, তাহলে তার পাকানো খানা খেলে দীলের মাঝে কবীরা গুনাহ করার আগ্রহ পয়দা হয়। তাই যারা গুনাহ

থেকে বাঁচতে পারছি না বা গুনাহের চিন্তা থেকে মুক্ত হতে পারছি না, তারা যেন এসবের উৎপত্তি খানার মাঝে খুঁজি। কেননা সকল প্রকার শারীরিক ও আত্মিক ব্যাধির মূলে রয়েছে খাবার-দাবার।

৪. আর একই কারণে অমুসলিমের হাতের রান্না কখনো খাবে না। হিন্দুদের/অন্যান্য ধর্মাবলম্বীদের হোটেল বা মিষ্টির দোকান কিংবা মুসলমানদের দোকানে অমুসলিম বাবুর্চি বা কারিগর থাকলেও তা খাবে না। আমাদেরকে খাবারের ব্যাপারে অত্যন্ত সতর্ক হতে হবে।

হঠাৎ করে খাওয়া কমিয়ে দিবে নাঃ

যারা পেট ভরে খেয়ে অভ্যস্ত, তাদের জন্য আহারের মাত্রা হঠাৎ করে অত্যধিক হ্রাস করা বা একেবারে বন্ধ করে দেয়া উচিত নয়। কেননা, এতে একেবারে এই ধাক্কা সামলানো সহজ হবে না, তখন এতে উপকার না হয়ে অপকারই হবে বেশি। অতএব, একবারে অধিক পরিমাণে আহারের মাত্রা না কমিয়ে অল্প অল্প করে ক্রমে ক্রমে কমানোর অভ্যাস করা উচিত।

প্রথমে তিন বেলার বাহিরে অন্য কোনো খাবার খাবে না। তারপর ধীরে ধীরে দুই বেলা, এরপর ধীরে ধীরে একবেলা খানায় অভ্যস্ত করবে। আমার লেখা পড়ে প্রথম দিকে এই কাজকে খুব কঠিন মনে হতে পারে, কিন্তু কেউ হিম্মত করে শুরু করলে এক মাসের মধ্যেই নিজেকে এক বেলা খানায় অভ্যস্ত করা সম্ভব। যখন এক বেলায় অভ্যস্ত হয়ে যাবে, তখন মাঝে মাঝে একাধারে কয়েকদিন না খেয়ে থাকবে। এভাবে না খেয়ে থাকার কারণে এমন নূর হাসিল হবে, যা অন্য কোনো আমলের দ্বারা হাসিল করা সম্ভব নয়। তখন নামায, দোয়া ও অন্যান্য ইবাদতে ধ্যান

পয়দা হবে। তাহাজ্জুদের সময় আপনা আপনিই ঘুম ভেঙে যাবে, এলার্ম ঘড়ির প্রয়োজন হবে না।

ভুখা থাকলে প্রথম দিকে কিছুটা দুর্বল লাগবে, মাথা ঘুরাবে, কিন্তু খুব শীঘ্রই শরীর এতে অভ্যস্ত হয়ে যাবে। আস্তে আস্তে দেখা যাবে দুই দিন পর্যন্ত ক্ষুধা বা দুর্বলতা কিছুই অনুভব হয় না, তৃতীয় দিন কিছুটা দুর্বল লাগে। কিন্তু এর দ্বারা নামায ও ইবাদতে যে স্বাদ অনুভব হয় তা অনেক সুস্বাদু খানা ও দুনিয়ার অন্যান্য সকল মজা থেকে উত্তম।

আল্‌হাম্‌দুলিল্লাহ! বর্তমান যামানায়ও এমন ব্যক্তি আছেন যারা তিন দিন একাধারে না খেয়ে থাকতে পারেন। আল্লাহ তাআলা তাদেরকে কবুল করুন। তাদের দ্বারা দ্বীনের বড় বড় খেদমত নেন। এবং আমাদেরকে তাদের পদাঙ্ক অনুসরণ করার তাওফীক দেন। আমীন।

অতিরিক্ত পানাহারের দরুন উম্মত কী হারাল:

নফসকে কাহিল করার উপায় হলো এটাকে ভুখা রাখতে হবে। যত বেশি এটাকে ভুখা রাখবে এটা তত বেশি নিস্তেজ হয়ে যাবে। তখন এর মধ্যে আনুগত্য পয়দা হবে। আজ মুসলমান রকমারি মজাদার খাবার খেয়ে খেয়ে নফসকে খুব শক্তিশালী করে ফেলেছে। তাই সারা দুনিয়ার মুসলমান আজ এতো গুনাহে লিপ্ত ও দীন থেকে বহু দূরে। এ কারণেই মুসলমানরা দুনিয়াতে অত্যাচারিত হওয়া সত্ত্বেও আল্লাহ পাকের সাহায্য থেকে দূরে।

এক সাহাবী থেকে বর্ণিত, "নবীজী ﷺ ফজরের নামায শেষে ঘরে এসে ব্রেকফাস্ট খেলেন, সকাল দশটার দিকে বনু হাশিম গোত্রের কয়েকজন লোক নবীজী ﷺ-এর সাথে দেখা করতে আসলে তাদেরকে তিনি মেহমানদারী করলেন এবং তাদের সাথে তিনিও হালকা নাস্তা

করলেন, তারপর দুপুরে লাঞ্চ করলেন, বিকালে একটু ক্ষুধা অনুভূত হওয়ায় কিছু চা-নাস্তা খেলেন এবং ইশার নামাযের পর ডিনার করে বিছানায় গেলেন"।

.

.

.

.

.

.

.

.

.

.

.

.

.

.

.

.

- হা হা হা! এই রকম হাদীস কোথায় আছে?

আমরা যে তিন বেলা খাই, কুরআন বা হাদিসের কোথায় এই নিয়ম লেখা আছে?

আল্লাহ তাআলা তাঁর হাবীব ﷺ-কে দিনের পর দিন না খাইয়ে রাখতেন অকারণে নয়। অকারণে সাহাবায়ে কেরাম ভুখা দিন পার করতেন না। এটা এক আজিমুশ্বান আমল, যা যমিন থেকে হারিয়ে গেছে। ভুখা থাকার দ্বারা আল্লাহ পাক রূহে ও শরীরে শক্তি দান করেন।

আজ মুসলমান তিন, চার, পাঁচ বেলা খানা খাওয়ায় ও বিলাসিতায় লিপ্ত হয়ে তাদের নবীর সুন্নতকে ছেড়ে দিয়েছে। মুসলমান জানে না তার জন্য কতটুকু খাওয়া চাই। সকলের জন্য জরুরি হলো নিজের ব্যক্তিগত খোরাকির একটি পরিমাণ নির্ধারণ করা। আমি সপ্তাহে এতটুকু চাল খাবো, আটা খাবো বা অন্যান্য কিছু খাবো। এক তরকারির বেশি একবারে খাবো না। এই পরিমাণ খুব অল্প হতে হবে। তারপর এর বাহিরে সকল ধরণের খানা থেকে নিজেকে বিরত রাখতে হবে। চায়ের দোকানে বসে একটু চা-বিস্কুট বা কলা খাওয়া এবং এরকম অহেতুক সকল হালাল খানা থেকে নিজেকে এমনভাবে বিরত রাখবে, যেমন কিনা আল্লাহর নেক বান্দারা নিজেদেরকে হারাম থেকে বিরত রাখেন।

উম্মতের রূহানীয়াতকে সেদিন দাফন করা হয়েছে, কাশ্‌ফ, এলহাম ও ইলমে লাদুন্নির দরজা সেদিন বন্ধ করে দেয়া হয়েছে, যেদিন এই ঘোষণা দেয়া হয়েছে-"বর্তমানে উম্মত দুর্বল, তাই বেশি বেশি খেয়ে বেশি বেশি দ্বীনের কাজ করতে হবে এবং উম্মতের বিজ্ঞজনেরা (আলেম সমাজ) এই শয়তানী স্লোগানের সাথে একাত্মতা পোষণ করেছে।"

রাসূলুল্লাহ ﷺ হযরত আয়েশা রদিয়াল্লহু আনহাকে বলেছিলেন, "হে আয়েশা! তুমি দিনে একবারের বেশি আহার করো না, দিনে একবারের বেশি আহার করা অপচয়।"

অন্যদিকে, আল্লাহ তাআলা ইরশাদ করেন,

وَكُلُوا۟ وَٱشْرَبُوا۟ وَلَا تُسْرِفُوٓا۟ إِنَّهُۥ لَا يُحِبُّ ٱلْمُسْرِفِينَ

"আর তোমরা খাও, পান কর, কিন্তু অপচয় করো না, নিশ্চয় তিনি (আল্লাহ তাআলা) অপচয়কারীদের ভালোবাসেন না।" (৭ সূরা আরাফ: ৩১)

إِنَّ ٱلْمُبَذِّرِينَ كَانُوٓا۟ إِخْوَٰنَ ٱلشَّيَٰطِينِ

"নিশ্চয় অপব্যয়কারীরা শয়তানের ভাই।" (১৭ সূরা বণি-ইসরাঈল: ২৭)

শয়তানী স্লোগান:

উম্মত এখন দুর্বল, তাই কম খেয়ে সাধনা করা যাবে না, বেশি বেশি খেয়ে বেশি বেশি দ্বীনী কাজ আঞ্জাম দিতে হবে।

তাহলে আমরা যারা দিনে দুই বা তিন বেলা আহার করি তারা কি শয়তানের সাথে ভ্রাতৃত্ব বন্ধন স্থাপন করছি না? আম্মাজান হযরত আয়েশা রদিয়াল্লহু আনহা বলেছেন, "রাসূলুল্লাহ ﷺ এর ওফাতের পর প্রথম যে বিদআত চালু হয়েছে, তা হলো পেট ভরে আহার করা।" বর্তমান সময়ে কোন্ আলেম আছেন, যিনি দুইবেলা বা তিনবেলা পেট ভরে আহার করাকে বিদআত মনে করেন? অথচ হাদীসে এসেছে, "সকল বিদআতই পথভ্রষ্টতা।"

সুতরাং, যারা বিদআতী ও শয়তানের ভাই তাদেরকে আল্লাহ তাআলা কিভাবে পথ প্রদর্শন করবেন, ইলমের নূর কিভাবে দিবেন? ইলম তো আর কিছু বাক্য ও শব্দের ভাণ্ডার নয়, প্রকৃত ইল্‌ম হলো 'দ্বীনের উপলব্ধি'। যে ইল্‌ম আমাদের যিন্দেগীকে সাহাবাওয়ালা যিন্দেগী বানায় না, আল্লাহর সাথে সম্পর্ক করে দেয় না, তা মোটেও ইল্‌ম নয়, বরং জাহেলিয়াত।

আপনি যত বড় মাদরাসা হতেই ফারেগ হোন না কেন, আপনার জন্যেও একই কথা?

রাসূলুল্লাহ ﷺ ইরশাদ ফরমান, "বেওকুফ ঐ ব্যক্তি যে তার নফসের খাহেশের অনুসরণ করে, আবার আল্লাহ পাকের দরবারে আশা করে।" এই হাদীসের মানে হলো, যে নিজের খাহেশ পূরণ করে, তার জন্য আল্লাহ পাকের নিকট কিছু আশা করা বোকামি। এদের দোয়া কখনো কবুল হয় না। সারা দুনিয়ার মুসলমান আজ খাহেশে লিপ্ত। এদের দোয়া কিভাবে কবুল হবে? আমরা তো আমাদের সামর্থ্যের মধ্যে সম্ভব এরকম সকল খাহেশ পুরা করি। আর যেটা সামর্থ্যের বাইরে সেটার জন্য আফসোস করি।

আজ আমাদের মাদরাসাগুলোতে কোনো আল্লাহওয়ালা আলেম বা মেহমান আসলে "সুন্নতী মেহমানদারী"র নামে কিংবা "আল্লাহওয়ালাদের তাযীমের নামে" অথবা "কুরআনের তাযীমের নামে" ত্রিশ-চল্লিশ পদের আইটেম করা হয়। হাদীসে বলা হয়েছে, "আল্লাহ পাক ভূঁড়িওয়ালা আলেমদেরকে পছন্দ করেন না।" (এহইয়াউ উলূম)

আবার অন্যদিকে, দাওয়াত ও তাবলীগের মেহনতের সাথীদের "নুসরতের" নামে চল্লিশ-পঞ্চাশ আইটেমের ব্যবস্থা করা হয়। যারা জিহাদের ময়দানে আছি, তারাও তিন-চার বেলা না খেয়ে থাকতে পারি না। এক হাদীসে এসেছে, "আল্লাহ তাআলা নাদুস-নুদুস মুমিনদেরকে পছন্দ করেন না।"(এহইয়াউ উলূম)

আহ্! এগুলো কোন্ ইসলাম? এটা আর যাই হোক, নবুয়তের যামানার ইসলাম নয়, এটি খুলাফায়ে রাশেদার ইসলাম নয়।

তাই আমাদের খুব তাওবা করা চাই। আমরা দিনে একবারের বেশি, এক আইটেমে পানাহার পরিত্যাগ করি। নিজেদের দুর্গতির জন্য আমরাই দায়ী। এ অবস্থা থেকে বের হয়ে আসতে হলে আল্লাহর দিকে ফিরে আসা ছাড়া কোনো রাস্তা নেই। আল্লাহ আমাদেরকে সঠিক পথে চলবার তাওফীক দান করেন।

ঌ প্রকৃত এলেম এবং প্রকৃত আলেমঃ

ভুখা থাকার দ্বারা রূহানি শক্তির সাথে সাথে অনেক এলেম হাছিল হবে। কুরআন হাদিসের অন্তর্নিহিত অর্থ ও তাৎপর্যসমূহ প্রকাশ পাবে। ভুখা অবস্থায় তাহাজ্জুদ নামায আদায় করে রাতের শেষাংশে তিলাওয়াত করবে। এতে করে কাশফ হাছিল হবে এবং গায়েবের এমনসব জিনিস নজরে ভাসবে যা ঈমানের মজা দিবে। এভাবে আস্তে আস্তে মারেফত হাছিল হবে।

আছহাবে সুফ্‌ফার সাহাবী রদিয়াল্লহু আনহুমগণ দিনের পর দিন ক্ষুধার্ত থেকে দ্বীন শিখেছেন। হাদীসের ইমাম হযরত আবু হুরাইরাহ রদিয়াল্লহু আনহু ভুখা থাকতে থাকতে বেহুশ হয়ে পরে যেতেন, লোকেরা তাকে পাগল মনে করে ঘাড়ে পদাঘাত করতেন। ভুখা থাকা এলেমের শর্ত। আগেই বলেছি, হযরত ইমাম গায্‌যালী রাহিমাহুল্লাহ বলেছেন, "তিন দিন পর পর এক বেলা আহারের অভ্যাস না হওয়া পর্যন্ত ইলমের নূর হাছিল হবে না।" আর তাই আজ যমিন থেকে ইলম উঠিয়ে নেয়া হয়েছে।

জমিন থেকে এলেম উঠিয়ে নেয়া হয়েছে, এটা আমাদের মাদরাসার ছাত্র ও শিক্ষকগণ মানতে চাইবেন না। হাজারো মাদরাসা কেবল

হিন্দুস্তানেই আছে। সারা দুনিয়াতে কত লক্ষ মাদরাসা আছে আল্লাহই ভালো জানেন। না জানি কত লাখো-কোটি কুরআন ও হাদিসের কিতাব মওজুদ আছে, তাহলে এলেম উঠিয়ে নেয়া হলো কিভাবে?

একবার নবীজী ﷺ আকাশের দিকে তাকিয়ে বললেন, ***ইলম তুলে নেয়ার সময় হয়ে গেছে।*** একথা শুনে এক সাহাবী জিজ্ঞেস করলেন, এলেম কিভাবে উঠে যাবে, অথচ আমরা নিজেরা কুরআন শিখছি এবং আমাদের সন্তানদেরকেও শিখাচ্ছি? তখন নবীজী ﷺ বললেন, আমি তোমাকে অনেক বুদ্ধিমান মনে করেছিলাম। ইহুদী-খ্রিস্টানরাও তো তাদের কিতাব পড়ে ও তাদের সন্তানদের পড়ায়। এতে তাদের কী ফায়দা হয়েছে?

এলেম কখনই শুধু কিতাব পড়ার নাম নয়।

কোন্ এলেম প্রকৃত এলেম?

খুব ভালো করে বুঝে নিন-

এলেম হলো আল্লাহ পাকের পরিচয় (মারেফাত) লাভের মাধ্যম।

সেই এলেমই প্রকৃত এলেম যা মুমিনের অন্তরে আল্লাহ, তাঁর রাসূল ﷺ এবং তাঁর রাহে জিহাদ করাকে সবচেয়ে বেশি ভালোবাসতে শিখায়;

সেই এলেমই প্রকৃত এলেম, যে এলেম দীল থেকে গাইরুল্লাহর ভয় দূর করে এক আল্লাহর ভয় সৃষ্টি করে দেয়, ফলে বান্দা মাখলূখের গোলামী থেকে মুক্ত হয়;

সেই এলেমই প্রকৃত এলেম যা দীলের মাঝে দুনিয়ার হাকীকত পয়দা করে দেয় এবং দুনিয়া ছাড়তে এবং দুনিয়া থেকে পলায়ন করতে বাধ্য করে;

সেই এলেমই প্রকৃত এলেম যা মুমিনকে আখিরাতের প্রতি আগ্রহী করে, আখিরাতের স্মরণ পয়দা করে, মৃত্যুর ভয় দূর করে, মৃত্যুর মহব্বত পয়দা করে।

পূর্বোক্ত হাদীসে এই এলেমকে উঠিয়ে নেয়ার কথাই বলা হয়েছে। বর্তমান যামানায় বিশ্বব্যাপী কুরআন হাদীসের চর্চা আছে কিন্তু উল্লেখিত বিষয়গুলোর এহতেমাম নেই। বরং এগুলো আমরা ভুলে গিয়েছি।

মনে রাখবেন, যার মধ্যে আল্লাহ পাকের ভয় পয়দা হয়েছে, সে এলেম হাছিল করে নিয়েছে, যদিও সে কখনো মাদরাসায় পড়েনি। আল্লাহ তাআলার ইরশাদ- إِنَّمَا يَخْشَى ٱللَّهَ مِنْ عِبَادِهِ ٱلْعُلَمَٰٓؤُا۟ অর্থাৎ "নিশ্চয়ই আল্লাহ পাকের বান্দাদের মধ্যে কেবল আলেমগণই আল্লাহ পাককে ভয় করে।" [৩৫ সূরা ফাতির: ২৩]

এই আয়াতের উপর ভিত্তি করে বর্তমান যামানায় সার্টিফিকেটওয়ালা সকল আলেমই নিজের মধ্যে আল্লাহর ভয় আছে বলে দাবী করেন। যেহেতু আল্লাহ বলেছেন, আলেমরাই আমাকে ভয় করে আর আমি যেহেতু আলেম হয়েছি, তাই আমি আল্লাহকে ভয় করি।

বাহ্! কি সুন্দর যুক্তি। অথচ "নিশ্চয়ই আল্লাহ পাকের বান্দাদের মধ্যে কেবল আলেমগণই আল্লাহ পাককে ভয় করে।" এটি হলো শাব্দিক অর্থ। প্রকৃতপক্ষে এই আয়াতের অর্থ হলো, আল্লাহ পাকের বান্দাদের মধ্যে আলেম কেবল তারাই, যারা আল্লাহ পাককে ভয় করে। যার প্রমাণ পাওয়া যায়, হাদীস শরীফ থেকে। এক হাদীসে বর্ণিত আছে, এক সাহাবী রাযি.

নবীজী ﷺ কে জিজ্ঞাসা করলেন, ইয়া রাসূলুল্লাহ ﷺ, সবচেয়ে বড় আলেম কে? তিনি ইরশাদ ফরমালেন, "যে আল্লাহ তাআলাকে সবচেয়ে বেশি ভয় করে।" শুধু জানার মাধ্যমেই আলেম হওয়া গেলে শয়তান হতো যামানার সবচেয়ে বড় আলেম।

আবার, লক্ষ্য করুন, ভয়ের প্রকৃত স্বরূপ কী?

অনেকেই মনে করেন, আল্লাহ তাআলার 'বড়ত্ব ও প্রতাপ' স্মরণের ফলে দীলের মাঝে যে অবস্থা উৎপন্ন হয়, তাকে 'আল্লাহর ভয় বা তাকওয়া' বলে।

না, এটি মোটেও ভয়ের সংজ্ঞা নয়। কেননা আল্লাহ তাআলাকে এই ভয় শয়তানেও করে থাকে। যেমন, কুরআনে পাকে এরশাদ হয়েছে,

وَإِذْ زَيَّنَ لَهُمُ ٱلشَّيْطَانُ أَعْمَالَهُمْ وَقَالَ لَا غَالِبَ لَكُمُ ٱلْيَوْمَ مِنَ ٱلنَّاسِ وَإِنِّى جَارٌ لَّكُمْ فَلَمَّا تَرَآءَتِ ٱلْفِئَتَانِ نَكَصَ عَلَىٰ عَقِبَيْهِ وَقَالَ إِنِّى بَرِيٓءٌ مِّنكُمْ إِنِّيٓ أَرَىٰ مَا لَا تَرَوْنَ إِنِّيٓ أَخَافُ ٱللَّهَ وَٱللَّهُ شَدِيدُ ٱلْعِقَابِ

"আর যখন শয়তান তাদের (কুফ্ফারদের) কার্যকলাপকে নিজেদের দৃষ্টিতে সুদৃশ্য করে দিল এবং বলল যে, আজকের দিনে কোনো মানুষই তোমাদের উপর বিজয়ী হতে পারবে না আর আমি হলাম তোমাদের সমর্থক, অতঃপর যখন সামনাসামনি হল উভয় বাহিনী তখন সে অতি দ্রুত পায়ে পেছন দিকে পালিয়ে গেল এবং বলল, আমি তোমাদের সাথে নেই,

আমি দেখছি- যা তোমরা দেখছ না; আমি ভয় করি আল্লাহকে। আর আল্লাহর আযাব অত্যন্ত কঠিন।" (৮ সূরা আনফাল: ৪৮)

"আল্লাহর ভয় বা তাকওয়া"র প্রকৃত সংজ্ঞা হলো- "আল্লাহ তাআলার 'বড়ত্ব ও প্রতাপ' স্মরণের ফলে দীলের মাঝে উৎপন্ন অবস্থার কারণে যদি আল্লাহ পাকের নাফরমানী ছেড়ে দেয়া হয় এবং তাঁর হুকুম-আহকাম মানতে নিজেকে বাধ্য করা হয়, তবেই তাকে 'আল্লাহর ভয় বা তাকওয়া বা পরহেযগারী' বলা হবে।"

এখন, আমার মধ্যে ভয় পয়দা হয়েছে কিনা বুঝব কিভাবে? আমার ভিতর ভয় পয়দা হওয়ার আলামত কি এটি যে, আমি মাদরাসা থেকে সার্টিফিকেট লাভ করে আলেম হয়েছি??? না, কক্ষনো না!

ভালো করে বুঝে নিন, 'ভয়' দাবী করার বিষয় নয়, প্রমাণ করার বিষয়!!!

সেই 'ভয়' তো ভয় নয়, যেই ভয় আমাকে গুনাহ থেকে বাঁচায় না!
সেই 'ভয়' তো ভয় নয়, যেই ভয় আমার রাতের ঘুম হারাম করে না!
সেই 'ভয়' তো ভয় নয়, যেই ভয় আমাকে শেষ পরিণতি ও আখিরাতের চিন্তায় অস্থির করে তুলে না!
সেই 'ভয়' তো ভয় নয়, যেই ভয় আমার দীল থেকে দুনিয়ার মহব্বত দূর করে না, আমাকে দুনিয়া ছাড়তে বাধ্য করে না!
সেই 'ভয়' তো ভয় নয়, যেই ভয় আমাকে দাওয়াতের ময়দানে ছুটায় না!

সেই 'ভয়' তো ভয় নয়, যেই ভয় আমাকে বাতিলের বিরুদ্ধে হক কথা বলার সাহস যোগায় না!
সেই 'ভয়' তো ভয় নয়, যেই ভয় আমাকে (আল্লাহর পাকড়াওয়ের আশঙ্কায়) ঘর থেকে বের করে জিহাদের ময়দানে নিয়ে যায় না!

সাহাবায়ে কেরাম রদিয়াল্লহু আনহুমগণ কিতাব পড়ে আলেম হননি। নবুয়তের জামানায় তো কুরআনের আয়াত ব্যতীত হাদীস লেখারও অনুমতি ছিল না। তাহলে তাঁরা একেক জন কিভাবে দুনিয়ার শ্রেষ্ঠ আলেম হলেন? তাঁরা আল্লাহর রাসূলের কথা শুনে শুনে, তাঁর যিন্দেগী দেখে দেখে নিজের যিন্দেগী সেভাবে বানিয়ে, তাঁর কদম অনুসরণ করে করে, এরপর কুরআন তিলাওয়াত করে তা উপলব্ধি করে করে এলেম হাছিল করেছিলেন।

আল্লাহ তাআলা ছাড়া আমাদের কোনো গতি নেই!

খ. বস্ত্রঃ

রাসূলুল্লাহ ﷺ- এর পোশাকের সুন্নত কী কী ছিল?

✓ পোশাকের বৈশিষ্ট্য কী ছিল? যেমনঃ ঢিলাঢালা হওয়া, লম্বা হওয়া, মোটা কাপড়ের হওয়া ইত্যাদি।

✓ কোন রঙ নবীজী বেশি পছন্দ করতেন? যেমনঃ সাদা, সবুজ, কালো ইত্যাদি।

✓নবীজী ﷺ-এর কাপড়ের সংখ্যা কত ছিল? যেমনঃ অধিকাংশ সময় এক সেট, (হঠাৎ) বেশি হলে সর্বোচ্চ দুই সেট।

পানাহারের মতো এখানেও আমরা প্রথম ও দ্বিতীয় সুন্নতটিকেই গুরুত্ব দিয়ে থাকি, আর তৃতীয়টিকে আমরা কোন গুরুত্বই দেই না। অথচ আল্লাহর রাসূলের যিন্দেগী পর্যবেক্ষণ করলে দেখা যায়, কাপড়ের বৈশিষ্ট্য এবং রং নিয়ে তিনি লৌকিকতা বিবর্জিত উদারনীতি অবলম্বন করতেন, এ ব্যাপারে উনার তেমন কোন মাতামাতি ছিলো না, কিন্তু যে বিষয়টিকে তিনি সবচেয়ে বেশি গুরুত্ব দিতেন তা হলো কাপড়ের সংখ্যা। তিনি এক সেটের বেশি কাপড় পরিধান করতেন না, কখনো দুই সেট থাকলে এক সেট জুমুআ/ঈদের দিনের জন্য রেখে দিতেন।

আমাদেরকে মনে রাখতে হবে, দুনিয়াদার হওয়া নির্ভর করে বস্ত্রের সংখ্যার উপর, বস্ত্রের মোটা/ চিকন হওয়ার উপর এবং বস্ত্রের দামের উপর, কাপড়ের অন্য কোনো বৈশিষ্ট্যের উপর নয়।

অনেকে চিকন কাপড়ের দামী দামী বহু সংখ্যক কাপড় পরিধান করে থাকেন। আর দলীল হিসেবে পেশ করেন, শরীয়তের অমুক ইমাম এতগুলো বস্ত্র পরিধান করতেন, অমুক আকাবীর এত দামী, এতগুলো

কাপড় ব্যবহার করতেন। প্রশ্ন হচ্ছে, আল্লাহর রাসূল ﷺ এবং সাহাবায়ে কেরামের পর কোনো শরীয়তের ইমাম কি 'যিন্দেগী অনুসরণের ক্ষেত্রে' শরীয়তের দলীল হতে পারেন? অনেকে আবার এই দলীল দেন, রাসূলুল্লাহ ﷺ ইরশাদ করেন, "নিশ্চয় আল্লাহ তাআলা সুন্দর এবং তিনি সৌন্দর্যকে পছন্দ করেন।" অন্য এক হাদীসে এসেছে,"নিশ্চয় আল্লাহ পাক ললিত এবং তিনি লালিত্যকে পছন্দ করেন।" আরেক হাদীসে এরশাদ হয়েছে, "আল্লাহ তাআলার নেয়ামত ও দান তোমার দেহে প্রকাশ পাওয়া উচিত।"

আমরা রাসূলুল্লাহ ﷺ-এর হাদীসগুলোকে দলীল হিসেবে পেশ করি এবং আমাদের দুনিয়ার মহব্বতকে, দুনিয়াপ্রীতিকে জায়েয করি। অথচ আমরা চিন্তা করি না, যিনি এ কথাগুলো বলেছেন, তিনি নিজে কিভাবে এগুলোর উপর আমল করেছেন! তিনি নিজে কি একটার বেশি বস্ত্র পরিধান করতেন? তিনি কি মোটা কাপড়ের তালিযুক্ত পুরাতন কাপড় পরিধান করতেন না? এগুলোর গুরুত্ব কেন উঠে গেল? তিনি কি এগুলো এমনি এমনিই শখে করতেন? নাকি এ ধরণের বস্ত্র পরিধান করার পিছনে উনার কোনো লক্ষ্য ছিল? তিনি কি উম্মতকে শিখানোর জন্য এরকম করতেন না? তিনি কি উম্মতের জন্য ভালাইটাই চাইতেন না? উম্মতকে তিনি কি ভালাইয়ের রাস্তা দেখিয়ে যান নি?

রাসূলুল্লাহ ﷺ এর সাথে সম্পর্কিত সবকিছুই শ্রেষ্ঠ। তিনি নিজে সর্বশ্রেষ্ঠ নবী, তাঁর উপর নাযিল হয়েছে সর্বশ্রেষ্ঠ কিতাব কুরআনুল কারীম, আর তাঁর উম্মত সর্বশ্রেষ্ঠ উম্মত। তিনি সকল মানবকুলের নেতা দুনিয়া ও আখিরাতে, তাঁর কন্যা হযরত ফাতেমা রদিয়াল্লহু আনহা সকল জান্নাতী রমণীদের সরদারনী আর তাঁর নাতিদ্বয় জান্নাতী যুবকদের সরদার। এভাবে

তাঁর সমস্ত কিছুই শ্রেষ্ঠ। তাঁর তরীকা সর্বশ্রেষ্ঠ তরীকা, তাঁর যিন্দেগী সর্বশ্রেষ্ঠ যিন্দেগী, তাঁর পানাহার সর্বশ্রেষ্ঠ পানাহার, তাঁর পোশাক সর্বশ্রেষ্ঠ পোশাক। তাঁর ঘর সর্বশ্রেষ্ঠ ঘর। তিনি নিজের জন্য যা পছন্দ করেছেন, নিজের পরিবারের জন্য যা পছন্দ করেছেন, তা সর্বশ্রেষ্ঠ। তাঁর মধ্যেই রয়েছে উম্মতের ভালাই। উম্মতের প্রকৃত কল্যাণ।

রাসূলুল্লাহ ﷺ কেবল নিজেই এমন ধরণের পোশাক পরিধান করতেন তা নয়, সাহাবাদেরকেও শিক্ষা দিয়েছেন। হযরত আবু বকর রাদিয়াল্লহু আনহু কাপড় না পেয়ে শেষ পর্যন্ত কি চট পরিধান করেননি? আর আল্লাহ তাআলাও খুশি হয়ে আসমানের সকল ফেরেশতাদেরকে চট পরিধান করার নির্দেশ দিলেন। হযরত উমর রাদিয়াল্লহু খলীফা থাকা অবস্থায়ও তো চৌদ্দটি তালিযুক্ত কাপড় পরিধান করেছেন? মা ফাতেমা রাদিয়াল্লহু আনহার পরনে এই পরিমাণ কাপড় ছিল না, যা পরিধান করে একজন কন্যা তার পিতার সামনে আসতে পারে। আহ্! উনারা কি দ্বীন বুঝেন নাই? নাকি উনাদের হেকমতের কিছু কমতি ছিল? নাকি তাদের টাকা পয়সা কিছু ছিল না? তারা কি এতই গরীব ছিলেন যে, তারা ইচ্ছা করলে একটি কম দামী পোশাকও ক্রয় করতে পারতেন না? (নাউযুবিল্লাহ)
উনারা দুনিয়াকে কিভাবে ত্যাগ করেছেন! উনারা দুনিয়াকে কতটা ভয় করতেন! উনারা দুনিয়া থেকে কিভাবে বেঁচে থাকতেন! উনারা দেখিয়ে গিয়েছেন মুসাফিরের যিন্দেগী কাকে বলে!!!

হযরত ইমাম গায্যালী রাহিমাহুল্লাহ বলেন, "দুনিয়া ত্যাগীদের পরিধেয় বস্ত্র তিন প্রকারের- এক. চট বা ছালার টাট যা নিতান্ত সামান্য ধরণের পরিচ্ছদ, দুই. পশমী কম্বল বা মোটা বস্ত্র যা মধ্যম শ্রেণির পোশাক,

তিন. সূতীর মোটা বস্ত্র যা উৎকৃষ্ট শ্রেণির পোশাক। এই উৎকৃষ্ট শ্রেণির পোশাক পরিধানকারীরা সর্বাপেক্ষা নিকৃষ্ট পর্যায়ের সংসারত্যাগী বলে গণ্য হবেন। অন্যদিকে, মিহিন ও কোমল বস্ত্র ইচ্ছাপূর্বক পরিধান করলে সে ব্যক্তি সংসারত্যাগী বা পরহেযগার শ্রেণি হতে বহিষ্কৃত হবেন।" (কিমিয়ায়ে সাআদাত, খণ্ড ৪, পৃ. ১৬৮)

একটু চিন্তা করুন, কী বললেন তিনি? এগুলো কি শুধু সেই যামানার জন্যই ছিল, নাকি বর্তমান যামানায়ও এই কথাগুলো প্রযোজ্য? ইসলাম কি শুধু নবুয়তের যামানার জন্য, বা ইমাম গায্যালী রাহিমাহুল্লাহর যামানার জন্য নাকি সকল যামানার জন্য? বর্তমানে যে যত চিকন কাপড় পরিধান করেন, ফিটফাট থাকেন, তিনি নাকি তত বড় আল্লাহওয়ালা? আহ্! যাই কোথায়?

রাসূলে কারীম ﷺ-এর ওফাতের পর আম্মাজান হযরত আয়েশা রাদিয়াল্লহু আনহা একখানা সূতীর মোটা লুঙ্গী ও একখানা পশমী কম্বল বের করে বলেছিলেন, "এটিই রাসূলকুল শিরোমণি হযরত নবী করীম ﷺ -এর সাকুল্য পোশাক।"

এক ভাই বললেন, "আল্লাহর রাসূলের যামানায় তো বর্তমানের মতো চিকন কাপড় পাওয়া যেত না। তাই তিনি মোটা কাপড় পরতেন।"
ভাই, আপনার এই কথার দলীল পেশ করুন। আমি আপনাকে উল্টা দলীল পেশ করছি।
নবীজী ﷺ এর ওফাতের অনেকদিন পর একবার হযরত সালমান ফারসী রদিয়াল্লহু আনহুকে এক ব্যক্তি চিকন, মিহি কাপড়ের একটি জামা হাদিয়া দিলেন। তিনি জামাটি দেখে বললেন, "এটি আমি পরতে পারবো না,

কেননা, আল্লাহর রাসূল ﷺ জীবনে কোনোদিন চিকন কাপড়ের জামা গায়ে দেননি।" (الزهاد مأة ,মুহাম্মাদ সিদ্দীক মিনশাভী)

একবার কোনো এক ব্যক্তি হযরত রাসূলে কারীম ﷺ -কে একটি বুটাদার বস্ত্র হাদিয়া দিলেন। তিনি তা পরিধান করেছিলেন। কিন্তু কাপড়ের নকশার প্রতি দৃষ্টি পড়তেই তিনি তাঁর পবিত্র দেহ হতে কাপড়টি খুলে ফেলেন এবং কোনো এক সাহাবীকে বললেন, ইহা আবু জুহাইমাকে দিয়ে তার কম্বলটি আমার জন্য নিয়ে আস। এই কাপড়ের নকশা আমাকে তার প্রতি আকৃষ্ট করে ফেলেছে।

একবার রাসূলুল্লাহ ﷺ-এর জুতা মোবারকে পুরাতন ফিতা খুলে নতুন ফিতা লাগানো হলো। কিছুক্ষণ পরেই তিনি তা খুলে ফেলে পূর্বের সেই ফিতা লাগানোর জন্য আদেশ দিয়ে বললেন, "নামাযের মধ্যে এই ফিতাগুলোর সৌন্দর্যের প্রতি আমার দৃষ্টি পড়েছিল।"

আরেকদিন হুযুরে আকরাম ﷺ -এর জন্য এক জোড়া নতুন জুতা ক্রয় করে আনা হলো। তা দেখা মাত্র তিনি আল্লাহ তাআলার উদ্দেশ্যে সেজ্দা করলেন। এরপর ঘরের বাইরে এসে যে ফকিরকে প্রথম দেখতে পেলেন, তাকেই জুতাজোড়া দান করে দিলেন। এরপর বললেন,"এই জুতা দুটি আমার দৃষ্টিতে অনেক সুন্দর লেগেছিল। তাতে আমি আশঙ্কা করলাম, কি জানি আল্লাহ তাআলা এই কারণে আমাকে শত্রু বলে মনে করেন; সুতরাং এই ভয়ে তাঁর উদ্দেশ্যে সিজদা করেছি।"

রাসূলে মাকবুল ﷺ আম্মাজান হযরত আয়েশা সিদ্দীকা রদিয়াল্লহু আনহাকে বলেছেন, "যদি তোমরা কাল কিয়ামতের দিন আমার সাথে মিলিত হতে ইচ্ছা রাখ, তবে পৃথিবীতে কেবল পাথেয়স্বরূপ জীবনধারণের

পরিমাণ অন্ন-বস্ত্রে পরিতৃপ্ত থাক এবং ছিঁড়বার পর তালি না লাগিয়ে কোনো জামা-কাপড় শরীর হতে খুলবে না।”

হযরত উমর রদিয়াল্লহু আনহুর পরিধেয় বস্ত্রে চৌদ্দটি তালি লাগান ছিল। বহু ছাহাবী রদিয়াল্লহু আনহুম আযমাঈন তা গণনা করেছিলেন।

হযরত আবূ উবাইদা ইবনুল জার্‌রাহ রদিয়াল্লহু আনহু সিরিয়ার প্রশাসক ছিলেন। তিনি এক হাতে খরচ করতেন আর অভাবীদের আনন্দ দিতেন। আরেক হাতে উন্মুক্ত তরবারি দিয়ে আঘাত হানতেন আর শত্রুর মনে ভীতি সঞ্চার করতেন। নবীজী ﷺ তাকে “আমীনুল উম্মত” (উম্মতের বিশ্বস্ত ব্যক্তি) হিসেবে অভিহিত করেছেন। তিনি ছিলেন ইউরোপের রাজা বাদশাহদের ঘুম হারামকারী মুসলমানদের প্রধান সেনাপতি। সিরিয়া বিজেতা, জান্নাতের দশজন সুসংবাদপ্রাপ্তদের একজন। অথচ তাঁর পোশাক এমন ছিল যে, তাঁকে দেখলে তাঁকে দান করার জন্য তুমি হাত বাড়িয়ে দিতে। (الزهاد مأة ,মুহাম্মাদ সিদ্দীক মিনশাভী)

আল্লাহর রাসূলের ﷺ ওফাতের অনেকদিন পর এক সাহাবী মক্কায় আসলেন। মক্কায় এসে তাওয়াফরত তাবেয়ীদের দেখে সতর ঢাকে পরিমাণ কাপড় রেখে তিনি গায়ের সকল পোশাক খুলে ফেললেন। খালি গায়ে কাবা ঘরকে সামনে রেখে নামায আদায় করা শুরু করে দিলেন। তাবেয়ীরা তাঁকে দেখে চিনে ফেললেন এবং তাঁর চারপাশে এসে ভিড় জমালেন। যখন তিনি নামায শেষ করলেন, তাঁকে তাঁর জামা কাপড় খোলে খালি গায়ে নামায আদায় করার রহস্য জিজ্ঞাসা করলেন। জবাবে তিনি বললেন,“তোমাদেরকে দ্বীন শিখানোর জন্য.... আমরা সাহাবারা এক কাপড় দিয়ে যিন্দেগী পার করে দিতাম....তালিযুক্ত কাপড় পরতাম.... তিন-চারদিন না খেয়ে বেঁহুশ হয়ে পড়ে যেতাম....আর তোমরা এমন সব

নতুন নতুন পোশাক পড়ছ....এত এত খানা খাচ্ছ.... এটা কোন্ ইসলাম?.... তাই তোমাদেরকে শিখালাম, কাপড় ছাড়াও নামায আদায় করা যায়.... আল্লাহর সামনে দাঁড়ানো যায়.... ।”

যাইহোক, হাদীস শরীফে বর্ণিত আছে, “যে ব্যক্তি জাঁকজমক ও আড়ম্বরপূর্ণ পরিচ্ছদ পরিধান করার ক্ষমতা থাকা সত্ত্বেও আল্লাহ তা’আলার উদ্দেশ্যে বিনয় ও নম্রতা অবলম্বনে সেরকম পোশাক পরিধান না করে দীন-হীন পোশাক পরিধান করে, তবে তার পরিবর্তে তাকে পরকালে বেহেশতের বিচিত্র কারুকার্যময় সুন্দর পোশাক ইয়াকূত পাথর নির্মিত নৌকার মধ্যে বোঝাই করে দান করা আল্লাহ তাআলার উপর তার প্রাপ্য দাবীরূপে অবধারিত হয়ে পড়ে।” (কিমিয়ায়ে সাআদাত)

পরিধেয় বস্ত্র	উঁচু পর্যায়ের যুহুদ	সর্বনিম্ন পর্যায়ের যুহুদ
জুব্বা/পাঞ্জাবী	১ বা ২ টি	২ টি
গেঞ্জি	০ বা ১ টি	২ টি
পায়জামা	০ বা ১ টি	১ টি
লুঙ্গি	১ টি	২ টি
টুপি	১ টি	১ টি
পাগড়ি	১ টি	১ টি
কম দামী সেন্ডেল	১ জোড়া	১ জোড়া

উল্লেখ্য, এরপর যুহদের আর কোনো স্তর নেই। এর বেশি যাদের পোশাক আছে, তারা যাহিদ শ্রেণি থেকে বহিষ্কৃত। উপরোক্ত তালিকায় সর্বোচ্চ কোনো স্তর দেয়া হয়নি, কেননা সর্বোচ্চের কোনো শেষ সীমা নেই। যে যত কম সংখ্যক, কম দামী, বেশি মোটা বস্ত্রে সন্তুষ্ট থাকবে সে তত বড় যাহিদ। আল্লাহ তাআলা আমাদের আমল করার তাওফীক দেন। আমীন।

কেমন ছিল দেখতে সাহাবায়ে কেরামের সেই দুর্ধর্ষ বাহিনী:

এখানে সাহাবায়ে কেরামের যুগের ইসলামী বাহিনী সম্পর্কে কিঞ্চিত আলোকপাত করা সমীচীন মনে করছি। ইসলামী বাহিনীর নির্দিষ্ট কোনো ইউনিফর্ম ছিল না। যাঁর যেমন কাপড় ছিল তিনি তেমনই পরিধান করতেন। অনেক সময় দেখা যেত যে, কিছু সিপাহী বহু মূল্যবান বস্ত্র পরিধান করেছে, অথচ সিপাহসালার (প্রধান সেনাপতি), নায়েব সালার (উপ-প্রধান সেনাপতি) প্রমুখের পরনে একদম সাদামাটা পোশাক। কারণ এই ছিল যে, সিপাহীরা গণীমতের মাল হিসেবে প্রাপ্ত কাপড় পরিধান করত।

ইসলামী বাহিনীর একটি বৈশিষ্ট্য এই ছিল যে, সেনাপতি-উপসেনাপতিদের কোনো বিশেষ ইউনিফর্ম বা ব্যাজ ছিল না। বর্তমান যুগের মত উর্ধ্বতন কর্মকর্তা, জেনারেল ও সিপাহীদের যে ভেদাভেদ তা সে সময় ছিল না। গোত্রের সর্দারও অনেক সময় সিপাহী হত আর তারই গোত্রের সাধারণ লোক হয়ে যেত কমান্ডার। পদ-পদবীর এত বাছ-বিচার ছিল না। কোনো ব্যক্তি সাধারণ সিপাহী হয়ে বাহিনীতে ভর্তি হওয়ার পর

নিজস্ব দক্ষতা ও যোগ্যতা বলে দু'চার দিন পর কমান্ডার হয়ে যেত। সে যুগে দেখা হতো যুদ্ধজ্ঞান ও যোগ্যতা। এমনও হতো যে, এক যুদ্ধে কেউ অফিসার/কমান্ডার আর পরের যুদ্ধেই সে সিপাহী হয়ে গেছে।

ইসলামী শিক্ষায় অফিসারগিরি ও অধীনস্থতার চিত্র কিছুটা ভিন্ন ধরণের ছিল। কাউকে অফিসার বানানো হলে দায়িত্বের একটি পর্যায় পর্যন্ত সে অফিসার হত। তার কোনো নির্দেশ ব্যক্তিগত পর্যায়ের হতো না। যেহেতু অফিসার নির্বাচনের মাপকাঠি অন্য কিছু ছিল তাই তখনকার সময়ে এ বিষয়ে খোশামোদ ও সুপারিশের কোনো নাম-গন্ধও ছিল না।

বিশাল ইসলামী সাম্রাজ্যের পতন তখন থেকে তরান্বিত হয়, যখন মুসলমানরা অফিসার ও সিপাহীতে ভাগ হওয়া শুরু হয়েছে, কর্মকর্তারা অধীনস্থদের শাসিত মনে করা শুরু করেছে এবং সুপারিশ ও স্বজনপ্রীতির রোগ তাদের আক্রান্ত করেছে।

তৎযুগে মুসলিম বাহিনীর হাতিয়ারের মধ্যেও তেমন পার্থক্য ছিল না। ছিল না উঁচু-নিচুর মানদণ্ড। প্রত্যেকে যে যার অস্ত্র নিয়ে বাহিনীতে শামিল হতো। বর্ম, শিরস্ত্রাণ প্রত্যেকের ছিল না। মুসলমানরা যে বর্ম ও শিরস্ত্রাণ ব্যবহার করত তা দুশমনদের কাছ থেকে ছিনিয়ে নেয়া ছিল। বর্তমান যুগে যেমন সৈন্যদের উচ্চতা ও বয়স এক ধরণের হয়, ইসলামী বাহিনীতে তেমন কোনো নিয়ম ছিল না।

ইসলামী বাহিনীর যাত্রা প্রশিক্ষিত বাহিনীর মতো হত না। তারা অবিন্যস্ত অবস্থায় কাফেলার মত চলত। খোরাক ও রসদ তাদের সাথেই থাকত। গরু, গাভী, দুম্বা এবং ভেড়া-বকরী যা সৈন্যদের খোরাক হত-তা সৈন্যদের সাথে সাথেই থাকতো। রসদের নিয়মতান্ত্রিক ব্যবস্থাপনা অনেক পরে করা হয়েছিল।

অশ্বারোহীরা চলার সময় পায়ে হেঁটে চলত, যাতে ঘোড়া আরোহী বহন করে ক্লান্ত হয়ে না যায়। আসবাবপত্র উটে বোঝাই করে আনা হত। স্ত্রী এবং বাচ্চারা সঙ্গে থাকত। তাদেরকে উটে চড়িয়ে দেয়া হতো।

এক কথায়, তৎযুগের ইসলামী সৈন্য দেখে কেউ বলতে পারত না যে, এরা সৈন্য। তাদের পোশাক-আশাক ও চলাফেরা এতটাই সাদামাটা ও সাধারণ হতো যে, তাদেরকে কাফেলা মনে করা হতো।

֍ একটু চোখ বন্ধ করুন তো!

একটু চিন্তা করুন। কিছুক্ষণের জন্য কল্পনার জগতে হারিয়ে যান। মনে করুন, দুপুরের খানা (যা আপনি স্বাভাবিক ভাবে খান তা) খেয়ে বিশ্রাম নিচ্ছেন। আর চিন্তা করছেন, আল্লাহর রাসূলের ﷺ সাহাবীদের যিন্দেগী কেমন ছিল! আহ্! সেই যামানায় যদি আমার জন্ম হতো! তাঁদেরকে যদি দেখতে পারতাম!

মনে করুন, হঠাৎ আপনার দরজায় নক করার শব্দ আর আপনি দরজা খোলার জন্য আপনার পাঞ্জাবীটা গায়ে দিয়ে আসলেন, দরজা খুলে একজন অপরিচিত ব্যক্তিকে দেখতে পেলেন! এমন অদ্ভূত কাউকে আপনি আগে কখনো দেখেননি!

আপনি দেখলেন, তিন চার দিন না খাওয়া হাড্ডিসার প্রায়, জীর্ণ-শীর্ণ, চৌদ্দটি তালিযুক্ত জামা পরিহিত একজন মানুষ। আপনার কাছে মনে হচ্ছে, একটু ঝড়ো হাওয়া বইলেই লোকটিকে উড়িয়ে নিয়ে যাবে। সম্ভবত আপনার এলাকার ফকীররাও এমন পোশাক-পরিচ্ছদ পরিধান করে না।

তাদের পোশাকও মনে হয় আরো স্মার্ট, তারাও মনে হয় আরো হ্যান্ডসাম্! ভাবলেন, লোকটি কি পাগল-টাগল নাকি!

আপনি ভাবলেন, হয়তো লোকটি ভিক্ষা করতে এসেছে। আপনি সাহায্য করার জন্য পকেট থেকে কিছু টাকা বের করে দিলেন কিংবা বাড়ির ভিতর থেকে কিছু চাল নিয়ে আসলেন লোকটিকে ভিক্ষা দেয়ার জন্য।

লোকটি আপনাকে বললেন, আমি ভিক্ষা নিতে আসিনি।

আপনি বললেন, ও! আপনি বোধ হয় খানা চাইতে এসেছেন। আপনাকে খুব ক্লান্ত ও ক্ষুধার্ত দেখাচ্ছে।

লোকটি আপনাকে আবারো বললেন, না, আমি খানা খেতেও আসিনি।

তখন আপনি জিজ্ঞাসা করলেন, তাহলে আপনি কে, এখানে কী চান?

.

.

.

.

.

.

.

.

.

লোকটি দ্ব্যর্থহীনভাবে বললেন, “আমি আল্লাহর রাসূলের একজন সাহাবী! আমি আপনাকে আল্লাহর রাসূলের রেখে যাওয়া গরীব (অপরিচিত) ইসলাম শিখাতে এসেছি! সাহাবাওয়ালা যিন্দেগী কাকে বলে তা দেখাতে এসেছি”!!!!!

ইন্‌শাআল্লাহ, খুব শীঘ্রই পৃথিবীর মঞ্চে এমন-ই কিছু অপরিচিত, জরাজীর্ণ, আনস্মার্ট মানুষের আবির্ভাব ঘটবে, যাদেরকে এ যামানার সাধারণ দ্বীনদাররাও চিনে না, এ যামানার সাধারণ ধার্মিক কিংবা বিশেষ দ্বীনদার মহল (আলেম সমাজ)-এর সাথেও যাদের যিন্দেগী মিলে না, অবাক বিস্ময়ে পৃথিবী এমন কিছু ব্যতিক্রমধর্মী মুসলমানদের দেখবে, যাদের মতো মানুষ পৃথিবী এর আগে চৌদ্দশত বছর পূর্বে দেখেছিল, যারা আল্লাহ ও তাঁর রাসূল ﷺ ছাড়া আর কিছুই বুঝবে না, পৃথিবীর কোনো পরাশক্তির রক্তচক্ষু তাদেরকে ভীত করতে পারবে না, বিপরীতে তারাই সাহাবাদের মতো পৃথিবীকে শেষবারের মতো কাঁপিয়ে তুলবে, দুনিয়ার সকল ত্বগুত ও বাতিলের মসনদকে তছনছ করে গুড়িয়ে দিবে, এক আল্লাহ তাআলার আইন প্রতিষ্ঠা করবে! যুলুম-নির্যাতনের অবসান ঘটিয়ে ন্যায়-ইন্‌সাফ কায়েম করবে। ইন্‌শাআল্লাহ, সেদিন খুব বেশি দূরে নয়!!!

رَضِىَ ٱللَّهُ عَنْهُمْ وَرَضُوا۟ عَنْهُ أُو۟لَٰٓئِكَ حِزْبُ ٱللَّهِ أَلَآ إِنَّ حِزْبَ ٱللَّهِ هُمُ ٱلْمُفْلِحُونَ

"আল্লাহ তাআলা তাদের প্রতি সন্তুষ্ট হবেন, তারাও আল্লাহ তাআলার প্রতি সন্তুষ্ট হবে; তারাই আল্লাহর বাহিনী; শুনে রাখ! আল্লাহর বাহিনীই সফলকাম হবে।" (৫৮ সূরা মুজাদালাহ: ২২)

فَإِنَّ حِزْبَ ٱللَّهِ هُمُ ٱلْغَٰلِبُونَ

"নিশ্চয়ই, আল্লাহর বাহিনীই বিজয়ী হবে।" (৫ সূরা মায়েদা: ৫৬)

কারা হবেন সেই 'অপরিচিত' মুসলমান?
কারা হবেন সেই 'কামিয়াব' আল্লাহর বাহিনী?
কারা হবেন সেই 'সুনিশ্চিত বিজয়ী' বাহিনী?
কারা থাকবেন সেই সাহাবাওয়ালা বাহিনীতে?
হ্যাঁ, বন্ধু! আল্লাহ তাআলা চাইলে হতে পারি আমরাও তাদের-ই একজন।
তাই আসুন যিন্দেগী পাল্টাই!
নবীওয়ালা এবং সাহাবাওয়ালা যিন্দেগী গঠনের মেহনতে নেমে পড়ি, এখনি, জলদি!!!
সময় খুব কম, সীটও অল্প!!!
অতএব, কালক্ষেপণ না করে, আমাদের যিন্দেগীতে কায়েম করি হারিয়ে যাওয়া সেই "গরীব ইসলাম"!!!

****

গ. বাসস্থানঃ

ঝড়-বৃষ্টি, শীত-গ্রীষ্ম, ক্ষতিকর প্রাণি আর চোর-ডাকাতের উপদ্রুপ হতে আত্মরক্ষা ও নিরাপত্তার জন্য মানুষ বাড়ি-ঘর তৈরি করে। কিন্তু এক্ষেত্রে আল্লাহর রাসূলের ﷺ মেজাজ কী ছিল? বাড়ি-ঘর নির্মাণের সুন্নত তরীকা কি? কী ধরণের বাসস্থান দুনিয়া বিমুখতার পরিপন্থী?

এক্ষেত্রে একটি মূলনীতি হলো, "এই অস্থায়ী পৃথিবীতে বাসগৃহের যত অস্থায়ী ব্যবস্থা করা যায়, ততই দুনিয়াত্যাগী হওয়ার পক্ষে অধিক হিতকর।" এ মূলনীতির উপর ভিত্তি করে তিন প্রকারের বাসগৃহ পাওয়া যায়-

এক. স্থায়ীভাবে বসবাসের জন্য নিজের কোনো ঘর না থাকা, মসজিদ বা অন্যের মুসাফিরখানায়, পাহাড়ের গুহায়, বনে-জঙ্গলে কিংবা যাযাবরের যিন্দেগী অবলম্বন করা। **এটি সর্বোচ্চ পর্যায়ের দুনিয়া ত্যাগ।** এই ধরণের বসবাস সংসারের প্রতি মন আদৌ আকৃষ্ট হতে পারেনা। পরিবার পরিজন নিয়ে এইভাবে বসবাস করা নিতান্ত কঠিন। **এটি আল্লাহর রাস্তায় জিহাদের জন্য বের হলেই কেবল সহজ হয়।**

দুই. অন্যের বানানো বাড়িতে স্থায়ীভাবে ভাড়া থাকা।

তিন. নিজের জন্য ও নিজের পরিবারের জন্য চিরস্থায়ী বাড়ি বানানো।

আবার, বাড়ি কি দিয়ে বানানো হচ্ছে তার উপর ভিত্তি করে বাড়ি তিন প্রকার। যথাঃ

মক্কার মসজিদের দিকে তাকিয়ে দেখো, এটাই সেই জামানা। মদিনার মসজিদের দিকে তাকিয়ে দেখো, এটাই সেই জামানা। দুনিয়ার হাজার হাজার মসজিদের দিকে তাকিয়ে দেখো, মসজিদগুলো আমাদেরকে সাক্ষী দিচ্ছে, এটাই সেই জামানা।

আমরা প্রত্যেক আলেমই ভাবি, এটি তো "উলামায়ে ছু" (মন্দ আলেম)-দের সম্পর্কে বলা হয়েছে। কিন্তু আমরা এটি চিন্তা করি না, হায়! আমিও কি উলামায়ে ছু-দের অন্তর্ভূক্ত হয়ে বসে আছি কিনা। যদি আমার মানসিকতা ও যিন্দেগী আল্লাহর রাসূলের যিন্দেগী বা সাহাবায়ে কেরামের যিন্দেগীর সাথে মিলে, তাহলেই কেবল আমি "উলামায়ে হক্ক", নতুবা আমিই উলামায়ে ছু। কেবল মাইকে উত্তপ্ত বয়ান করতে পারা, চারপাশে বহু মুরিদান থাকা, কিংবা দু-চার কলম লিখতে পারার নামই উলামায়ে হক্ক হওয়া নয়।

হাদীসে বর্ণিত জামানা বর্তমান জামানাই, যেই জামানার আলেমদের সম্পর্কে কঠিন ধমকি এসেছে, কেবল আল্লাহর রাসূলের যিন্দেগীর সুন্নতগুলোকে মিটিয়ে দেয়ার জন্য। কেননা আগেই বলেছি, উম্মতের মাঝে

সুন্নতকে জিন্দা রাখা, কিংবা কোনো সুন্নতকে দাফন করে দেয়া উভয়টিই নির্ভর করে উলামায়ে কেরামের আমল করা, না করার মাঝে। উলামায়ে কেরাম যখন নিজের এবং অন্যান্য মানুষের যিন্দেগীর উপর মেহনত ছেড়ে মসজিদ মাদরাসার বিল্ডিং-এর সৌন্দর্য বৃদ্ধির কাজে মনোনিবেশ করবে, তখন তারা ইসলামকে ধ্বংস করবে, মুসলমানদের আত্মিক শক্তিকে ধ্বংস করে দিবে, দীনের নামে সুন্নতের খেলাফ কার্যক্রমকে মানুষের সামনে দ্বীন হিসেবে উপস্থাপন করবে অর্থাৎ নতুন নতুন ফেতনার জন্ম দিবে, নিজেরাও সেই ফেতনায় জর্জরিত থাকবে। তখন তারা আল্লাহ তাআলার দৃষ্টিতে সৃষ্টির সবচেয়ে নিকৃষ্ট বলে বিবেচিত হবে, যদিও সে নিজেকে আল্লাহর রাসূলের ওয়ারিশ দাবী করে। কেননা তারা আল্লাহ তাআলার সেই প্রিয় দ্বীনকে মানুষের ময়দানে অপরিচিত করে দিয়েছে, যে দ্বীনকে প্রতিষ্ঠা করতে স্বয়ং আল্লাহর রাসূল ﷺ-কে রক্তাক্ত হতে হয়েছে, তাঁর দাঁত মোবারক শহীদ হয়েছে, হাজার হাজার সাহাবী শাহাদাত বরণ করেছিলেন।

এই ব্যাপারে আরো একটি ঘটনা বলি, যা হযরত শায়েখ হাতেম রাহিমাহুল্লাহর এক হজ্জ সফরে ঘটেছিল। পথিমধ্যে এক এলাকায় তিনি খবর পান যে, এই এলাকায় সবচেয়ে বড় আলেম কাজি শায়েখ মুহাম্মাদ ইবনে মুকাতিল অসুস্থ। খবর পেয়ে তিনি তাকে দেখতে যাওয়ার ইচ্ছা ব্যক্ত করলেন। কারণ, তাতে দুটি সওয়াব রয়েছে। এক. অসুস্থ ব্যক্তিকে দেখতে যাওয়া। দুই. একজন আলেমের জিয়ারত লাভ করা। তাই তিনি স্থানীয় এক ব্যবসায়ীকে সাথে নিয়ে তাকে দেখতে গেলেন। কাজি

সাহেবের বাড়ি বিশাল এক মহল। ব্যাপারটা তার ভালো লাগলো না। একজন আলেম কিনা মহলে বাস করেন।

যাহোক, তিনি ভিতরে যাওয়ার অনুমতি চাইলে তাকে ভিতরে নিয়ে যাওয়া হলো। ভিতরের অবস্থা দেখেও হাতেম সাহেবের মন খারাপ হয়ে গেলো। সেখানেও এক আলীশান অবস্থা এবং কাজি সাহেব গোলামদের ভীড়ের মাঝে শুয়ে আছেন। হাতেম সাহেবকে দেখে কাজি সাহেব ইশারায় বসতে বললেন, কিন্তু শায়েখ হাতেম বসতে অস্বীকার করলেন এবং বললেন, একটি মাসআলা জিজ্ঞাসা করতে চাই। কাজি সাহেব বললেন, জিজ্ঞাসা করুন। শায়েখ হাতেম তখন জিজ্ঞাসা করলেন, আপনি এলেম কার কাছে শিখেছেন? তিনি বললেন, নির্ভরযোগ্য আলেমদের কাছে। শায়েখ হাতেম আবার জিজ্ঞাসা করলেন, সেই আলেমগণ কার নিকট হতে এলেম শিখেছেন? তিনি বললেন, সাহাবায়ে কেরাম রদিয়াল্লহু আনহুমগণের নিকট হতে।

শায়েখ হাতেম এবার জিজ্ঞাসা করলেন, সাহাবায়ে কেরাম কার কাছ থেকে এলেম শিখেছে? তিনি উত্তর দিলেন, নবীজী ﷺ-এর কাছ থেকে। তখন শায়েখ হাতেম আবার জিজ্ঞাসা করলেন, নবীজী ﷺ কার কাছ থেকে এলেম শিক্ষা করেছেন? তিনি উত্তর দিলেন, হযরত জিবরাঈল আলাইহিস্ সালাম থেকে। শায়েখ আবার জিজ্ঞাসা করলেন, জিবরাঈল আলাইহিস্ সালাম কার কাছ থেকে এলেম শিখেছেন? কাজি সাহেব বললেন, আল্লাহ পাকের নিকট হতে। অবশেষে শায়েখ হাতেম বললেন, যেই এলেম জিবরাঈল আলাইহিস্ সালাম আল্লাহ পাকের নিকট হতে এনে নবীজী ﷺ -এর কাছে পৌঁছিয়েছেন, নবীজী ﷺ তা সাহাবায়ে কেরামের কাছে পৌঁছিয়েছেন, আর সাহাবায়ে কেরাম রদিয়াল্লহু আনহুম তা নির্ভরযোগ্য

আলেমদেরকে দান করলেন, আর সেই আলেমদের নিকট হতে আপনি তা শিক্ষা করলেন। সেই এলেমের কোথাও কি এই কথা বর্ণিত হয়েছে, যে ব্যক্তির বাড়ি যত উঁচু ও বড় হবে তার মর্যাদা আল্লাহ পাকের নিকট সে রকম উঁচু হবে? কাজি সাহেব বললেন, না, এই কথা সেই এলেমের মধ্যে নেই। শায়েখ জিজ্ঞাসা করলেন, তাহলে সেই এলেমের মধ্যে কী বর্ণিত হয়েছে? কাজি সাহেব বললেন, সেই এলেমের মধ্যে এই কথা বর্ণিত হয়েছে যে, যে ব্যক্তি দুনিয়ার প্রতি অনাসক্ত, আখিরাতের প্রতি আগ্রহী ও উৎসাহ রাখে, গরীবদেরকে মহব্বত করে, নিজের আখিরাতের জন্য আল্লাহ পাকের দরবারে নেকি পাঠাতে থাকে, সেই আল্লাহ পাকের নিকট মর্যাদার অধিকারী। তখন শায়েখ হাতেম রাহিমাহুল্লাহ জিজ্ঞাসা করলেন, তাহলে আপনি কার অনুসরণ করছেন?

নবীজী ﷺ-কে? সাহাবায়ে কেরাম রদিয়াল্লহু আনহুমদেরকে? মুত্তাকী উলামায়ে কেরামকে? না কি ফিরাউন ও নমরুদদেরকে? ওহে মন্দ আলেমের দল! আপনাদের মতো লোকদেরকে দেখে জাহেল দুনিয়াদাররা যারা দুনিয়ার নেশায় মত্ত, তারা এই কথা বলে যে, যখন আলেমদের এই অবস্থা তখন আমরা তো তাদের চেয়ে বেশি খারাপ হবোই। এই কথাগুলো বলে শায়েখ হাতেম রাহিমাহুল্লাহ সেখান থেকে চলে গেলেন।

যারা ধনাঢ্য সাহাবীদের দলীল পেশ করে দুনিয়াদারীকে জায়েয করে থাকেন:

হিন্দুস্তানের একজন বড় হক্কানী পীর সাহেব আছেন। আল্লাহ পাক উনাকে অনেক সম্পদ দিয়েছেন এবং তিনি বিলাশবহুল জীবন যাপন করেন। খুব পাতলা কাপড়ের পাঞ্জাবী পরিধান করেন এবং সেটা দ্বিতীয়বার না ধুয়ে ব্যবহার করেন না। তাকে জিজ্ঞাসা করা হলো, দ্বীনদার লোকেরা কেনো নবীজী ﷺ-এর যিন্দেগীকে নিজের যিন্দেগীর মধ্যে আনে না? এ বিষয়ে তাকে কয়েকজন সাহাবী উদাহরণ পেশ করা হয়, যার মধ্যে হযরত আবু যর গিফারী রদিয়াল্লহু আনহুর কথাও বলা হয়েছিল। তখন তিনি আব্দুর রহমান ইবনে আউফ রদিয়াল্লহু আনহু ও ওসমান রদিয়াল্লহু আনহুর উদাহরণ টেনে বিলাশবহুল জীবন যাপনের পক্ষে বেশ কিছু কথা বললেন। মাওলানা যাকারিয়া সাহেব কান্ধলবি রাহিমাহুল্লাহ **ফাযায়েলে সাদাকাত** কিতাবে বিখ্যাত আরিফ **ইমাম আবু আব্দুল্লাহ হারেস ইবনে আসাদ মুসাহেবি** রাহিমাহুল্লাহ দুনিয়াদার আলেমদের সম্পর্কে যা বলেছেন তা উল্লেখ করেছেন। সেই কথাগুলোই আমি এখানে উল্লেখ করছি:

দুনিয়াদার আলেমরা মনে করে যে, সাহাবায়ে কেরাম রদিয়াল্লহু আনহুমদের নিকটও তো অনেক মাল ছিলো। এই বেওকুফরা সাহাবায়ে কেরাম রদিয়াল্লহু আনহুমদের আলোচনা এই জন্য করে, যেনো মাল জমা করাকে সঠিক সাব্যস্ত করা যায়। তারা শয়তানের প্রতারণাকে বুঝতে ব্যর্থ হয়েছে। ওহে আহমকের দল! তোদের জন্য আব্দুর রহমান ইবনে আউফ রদিয়াল্লহু আনহুর সম্পদ দ্বারা দলিল পেশ করা শয়তানের একটি ধোঁকা। শয়তান তোদের মুখে এই সব কথা এই জন্য বের করে যেনো তোরা ধ্বংস

হয়ে যাস। যখন তোরা এই কথা বললি যে, সাহাবায়ে কেরাম রদিয়াল্লহু আনহুমও সম্মান ও জাকজমকের জন্য মাল জমা করেছেন, তখন তোরা এই পবিত্র ব্যক্তিদেরকে অপবাদ দিলি এবং তাঁদের সম্পর্কে অত্যন্ত কঠোর কথা বললি। যখন তোরা এই ফতোয়া দিলি যে, হালাল পন্থায় সম্পদ জমা করা সম্পদ পরিত্যাগ করা থেকে উত্তম, তখন তোরা নবীজী ﷺ-এর শানে বেয়াদবী করলি, সমগ্র নবীদের সাথে বেয়াদবী করলি, তাঁদেরকে অজ্ঞ মনে করলি।

আল্লাহ হেফাযত করুন। কেননা, তাঁরা তোদের মতো সম্পদ জমা করেননি এবং একে পছন্দও করেন নি। আর হালাল পন্থায় সম্পদ জমা করা তা পরিত্যাগ করা থেকে উত্তম, তোদের এই ফতোয়া দ্বারা তোরা এই দাবী করে বসলি যে, নবীজী ﷺ উম্মতের কল্যাণ কামনা করেননি। কারণ তিনি তো মাল জমা করতে নিষেধ করেছেন। আসমান-যমিনের রবের কসম! তোরা তোদের এই দাবীর দ্বারা নবীজী ﷺ-কে মিথ্যাবাদী প্রতীয়মান করলি। নবীজী ﷺ-এর কদমে আমার ও আমার খান্দানের জান কুরবান যাক, তিনি তো তাঁর উম্মতের প্রতি বড় রহম দীল ছিলেন, সর্বদাই কেবল উম্মতের ভালাই চাইতেন। তিনি উম্মতের জন্য অত্যন্ত দয়ালু ও অত্যন্ত মেহেরবান।

আরে আহমকের দল! আব্দুর রহমান ইবনে আউফ রদিয়াল্লহু আনহু তাঁর জ্ঞান ও গুণের পরিপূর্ণতা, তাঁর তাকওয়া ও পরহেযগারী, তাঁর দানশীলতা ও দয়া, আল্লাহর রাস্তায় তাঁর সম্পদ খরচ করা, সবচেয়ে বড় ব্যাপার নবীজী ﷺ-এর সাহাবী হওয়া এবং ঐ সমস্ত লোকদের অন্তর্ভূক্ত হওয়া যাদেরকে নবীজী ﷺ দুনিয়াতেই জান্নাতের সুসংবাদ দিয়েছেন,

আশ্‌আরে মুবাশ্‌শারা, এতোসব গুণের অধিকারী হওয়া সত্ত্বেও শুধু সম্পদের কারণে কেয়ামতের ময়দানে তিনি আটকা পড়ে গেলেন এবং গরীব মুহাজীরগণের সাথে জান্নাতে যেতে পারলেন না। আল্লাহর রাসূল ﷺ পেরেশান হয়ে গেলেন, সব সাহাবী জান্নাতে চলে এসেছে, কিন্তু আব্দুর রহমান ইবনে আউফ রদিয়াল্লহু আনহু নেই। দেখা গেলো, তিনি তখনোও আল্লাহর কাছে মালের হিসাব দিচ্ছেন। এমতাবস্থায় তোদের মতো লোকদের ব্যাপারে কী ধারণা হতে পারে! যারা দুনিয়া কামাইয়ের ধান্দায় ডুবে আছিস। আফসোস, বড়ই আফসোস তাদের প্রতি যারা দুনিয়ার ফেতনায় পতিত আছে, যারা হারাম ও সন্দেহযুক্ত মালের গোলমালে জড়িয়ে আছে এবং লোকদের ময়লা (সদকার মাল) খায়, ফাহেশা, জাঁকজমক ও পরস্পর দম্ভ ও অহমিকার মধ্যে সময় অতিবাহিত করে।

হায় আফসোস! হযরত আব্দুর রহমান ইবনে আউফ রদিয়াল্লহু আনহু তো আমাদের ধরাছোঁয়ার অনেক দূরে। তার জান্নাত তো এই দুনিয়া থেকে কোটি কোটি গুণ বড়। উনি তো প্রথম জামানার প্রথম দশ জন সাহাবীদের অন্তর্ভূক্ত। বরং মক্কা বিজয়ের পর যারা সাহাবী হয়েছেন তাদের সাথেই বা আমরা কী করে নিজেদের তুলনা করি? আমাদের সারা জীবনের নেকিসমূহ যদি একত্রিত করি, তাও তো তাদের ছোট্ট একটি নেকির কাছাকাছি হবে না। আমরা গুনাহকে যেই পরিমাণ ভয় করি না, তারা তো তাদের নেক আমল কবুল না হওয়াকে তার চেয়ে বেশি ভয় করতেন। আমরা মুনাফিক হয়েও নিজেদেরকে পাক্কা ঈমানদার মনে করি। আর তাঁদের ঈমানকে স্বয়ং আল্লাহ পাক মানদণ্ড ঘোষণা করার পরেও তারা নিজেদেরকে মুনাফিক মনে করতেন। আমরা হারাম থেকে যতটুকু দূরে যেতে পারি নাই, তারা তো হালাল থেকেও তার চেয়ে বেশি দূরে ছিলেন।

যারা আব্দুর রহমান ইবনে আউফ বা উসমান রদিয়াল্লহু আনহুমা থেকে দলীল নিয়ে মাল জমা করা শুরু করেছে, বাড়ি-গাড়ির মোহে দীন বিক্রি ও বিকৃত করছে, তাদের সামনে কি আবু বকর রদিয়াল্লহু আনহু বা ওমর রদিয়াল্লহু আনহুর যিন্দেগী নেই? তারা কেনো ওমর রদিয়াল্লহু আনহুর ১৪ তালিযুক্ত কাপড়ের উদাহরণ জানেনা? তারা কোনো আবু বকর রদিয়াল্লহু আনহুর চট পরিধান করার উদাহরণ আনে না? তারা কেনো আবু বকর রদিয়াল্লহু আনহুর স্ত্রীর মিষ্টি খাওয়ার উদাহরণকে দলীল হিসেবে পেশ করে না? এমনকি তারা নিজেদের উপর শয়তানের ধোঁকাকে হালাল করার জন্য নবীজী ﷺ-এর একটি দামী জামার উদাহরণ টানে। এই উদাহরণ যারা টানে তারা তো আসলে সুন্নতের সংজ্ঞাই জানেনা। নবীজী ﷺ-তো একবার দাঁড়িয়েও প্রস্রাব করেছেন, তাই বলে কি দাঁড়িয়ে প্রস্রাব করাকে সুন্নত বলা যাবে?

নবীজী ﷺ-তো একবার দাঁড়িয়ে পানি পান করেছেন, তাই বলে কি দাঁড়িয়ে পানি পান করাকে সুন্নত বলা যাবে? নবীজী ﷺ উম্মতের প্রতি বড় রহম দীল। উনি উম্মতের জন্য রাস্তা প্রশস্ত করে রেখে গিয়েছেন। উনি যেই কাজ কখনো করেননি, সেই কাজতো উম্মতের জন্য হারাম। যদি উনি দামী কাপড় খরিদ না করতেন, দাঁড়িয়ে প্রস্রাব না করতেন বা দাঁড়িয়ে পানি পান না করতেন, তাহলে তো উম্মত কোনো অবস্থাতেই এগুলো করতে পারতো না। কিন্তু এগুলো কখনোই সুন্নত নয়। যদি এগুলো সুন্নত হতো, তাহলে কি হযরত উমর রদিয়াল্লহু আনহুর সুন্নতের প্রতি কোনো মহব্বত ছিলো না? উনি কেন তালিযুক্ত ফাটা কাপড় পরতেন? উনি কি নবীজী ﷺ-কে চিনতে ভুল করেছিলেন? এখন মর্তবা হিসেবে কে বড়? হযরত ওমর

রদিয়াল্লহু আনহু নাকি আব্দুর রহমান ইবনে আউফ ও ওসমান ইবনে আফ্‌ফান রদিয়াল্লহু আনহুমা?

꩜ কেমন ছিল হযরত উসমান রদিয়াল্লহু আনহুর যিন্দেগী?

সত্য কথা হলো, যারা ঐসকল সম্মানীত সাহাবীদের দলীল দিয়ে নিজেদের দুনিয়ার মহব্বতকে জায়েয করে, তারা শুধু ঐসব সাহাবীদের মালের দিকেই তাকিয়ে থাকে, তাদের যিন্দেগীর দিকে তাকায় না। হযরত উসমান রদিয়াল্লহু আনহুর কথাই ধরা যাক।

আল্লাহ তাআলা তাঁকে অনেক সম্পদ দিয়েছিলেন। কথা সত্য! কিন্তু দানের ক্ষেত্রে তাঁর হাত ছিল তুলনাহীন। সম্পদ ছিল তাঁর নিকট আল্লাহ তাআলার পক্ষ থেকে আমানত স্বরূপ। যখনই আল্লাহ চাইতেন সঙ্গে সঙ্গে দান করে দিতেন। উসরা যুদ্ধের জন্য আল্লাহর রাসূল ﷺ সাহাবীদেরকে যথাসম্ভব দান করতে তশকীল করলে তিনি জিনপোশ ও সরঞ্জামাদিসহ প্রথমে একশ উট, তারপর দুইশ উট, অবশেষে তিনশ উটের কথা স্বীকার করলেন। নবীজী হাসিমুখে মিম্বর থেকে নেমে গেলেন। নেমে বললেন- "এরপর উসমানের জন্য আর কোনো নেক আমল না করলেও চলবে।"

হযরত উসমান রদিয়াল্লহু আনহু যতটুকু বলেছিলেন ততটুকুতে সীমাবদ্ধ রাখেননি। তিনি দানের লাগাম ছেড়ে দিয়েছিলেন। সাড়ে নয়শ উট যুদ্ধের জন্য প্রস্তুত করে দিলেন। সঙ্গে পঞ্চাশটি ঘোড়া দিয়ে এক হাজার পূর্ণ করেন। এছাড়াও তিনি এ যুদ্ধে এক হাজার দিনার নবীজী ﷺ -এর হাতে তুলে দেন দরিদ্র সাহাবীদের পিছনে খরচ করার জন্য।

তিনি মসজিদে নববীর সম্প্রসারণের জন্য জায়গা ক্রয় করে দেন। বিশ হাজার দিরহামের বিনিময়ে তিনি মদীনার মুসলমানদের জন্য এক ইহুদীর কাছ থেকে কূপ ক্রয় করে দেন। এভাবে তিনি দুইবার জান্নাত ক্রয় করেন।

হযরত আবু বকর রদিয়াল্লহু আনহুর খিলাফতকালে মদীনায় দুর্ভিক্ষ দেখা দিলে তিনি খাদ্য শস্যে ভরা একশো উট দরিদ্র সাহাবীদের জন্য দান করে দেন।

কল্পনা করা যায় কি, তাঁর কি পরিমাণ ধন সম্পদ ছিল? এত ধন সম্পদ যার আছে, স্বাভাবিকভাবেই তাঁর সম্পর্কে ধারণা করা যায়, তিনি বিলাসী জীবন যাপন করতেন, তাঁর চল্লিশ-পঞ্চাশটা না হোক আট-দশটা জামা কাপড় তো অবশ্যই ছিল, পানাহারের ক্ষেত্রে নিশ্চয়ই তিনি অন্যান্য দরিদ্র সাহাবীদের মতো দিনে একবার বা দুই/তিন/চার দিনে একবার খানা খেতেন না, বরং দিনে দুই-তিনবার বা আমাদের মতো দিনে চার-পাঁচবার খেতেন, কেননা তাঁর তো অজস্র খানা ছিল। নিশ্চয় তিনি কোনো প্রাসাদ বানিয়েছিলেন, কমপক্ষে ইটের দালানতো অবশ্যই বানিয়ে থাকবেন। তাঁর ঘর নিশ্চয় দামী আসবাবপত্রে ভর্তি ছিল। তাই না?

কিন্তু না! এগুলো সব ভুল ধারণা, যা আমাদের যামানার কিছু ফিতনায় জর্জরিত দুনিয়াদার আলেমরা করে থাকে। এই ধারণার বশবর্তী হয়ে তারা নিজেদের দুনিয়াদারীকে হালাল করার জন্য হযরত উসমান রদিয়াল্লহু আনহুর দলীল পেশ করে। প্রকৃত ব্যাপার হলো এই-

প্রচুর ধন-সম্পদ থাকা সত্ত্বেও তাঁর যিন্দেগী ছিল অভাবীদের মতো। তিনি দুনিয়াকে তুচ্ছজ্ঞান করতেন। তিনি লোকদের ভালো খাবার খাওয়াতেন, নিজে খেতেন সিরকা ও তেল (যা সেই যামানায় অত্যন্ত

নিম্নমানের খাবার ছিল)। জীবনভর তিনি রাতজেগে ইবাদত করতেন। দিনের বেলা তিনি রোযা রাখতেন।

তাঁর যিন্দেগী ছিল অত্যন্ত সাধাসিধে। আব্দুল মালেক ইবনে শাদ্দাদ বলেন, "আমি জুমার দিনে হযরত উসমান রদিয়াল্লহু আনহুকে খুতবা দিতে দেখেছি। তাঁর পরনে ছিল পুরোনো একটি ইয়ামানী লুঙ্গি। যার মূল্য মাত্র চার দিরহাম। অথচ তিনি তখন আমীরুল মুমিনীন।"

হযরত হাসান রদিয়াল্লহু আনহু বলেন, "খলীফা অবস্থায় আমি হযরত উসমান রদিয়াল্লহু আনহুকে মসজিদে দুপুরে ঘুমাতে দেখেছি। তাঁর শরীরে ছিল চাটাইয়ের দাগ।"

দুনিয়া ছিল তাঁর কাছে আখিরাতের বাহন। দুনিয়াতে তিনি ছিলেন দরিদ্র কিংবা মুসাফিরের মতো, যে সওয়ারির অপেক্ষা করছে।

তিনি বলতেন, "আল্লাহ তোমাদের দুনিয়া দিয়েছেন এর দ্বারা আখিরাত উপার্জন করতে। দুনিয়ার প্রতি ঝুঁকে পড়ার জন্য দেননি।"

(الزهاد مأة ,মুহাম্মাদ সিদ্দীক মিনশাভী,পৃ. ৭৩-৭৪)

আলেম সমাজের এই অবস্থা কেন হলো?

হযরত হুযাইফা রদিয়াল্লহু আনহু। আল্লাহর রাসূলের ﷺ রহস্যবিদ সাহাবী। নবীজী ﷺ একমাত্র তাঁর নিকটই কিয়ামত পর্যন্ত আনেওয়ালা উম্মতের সকল ফিতনা ও ইসলামের সরলপথ চ্যুতির বিষয় বলে গিয়েছেন। আপনারা অবাক হবেন, সাহাবা রদিয়াল্লহু আনহুম জীবিত থাকা অবস্থাতেই হুজাইফা রদিয়াল্লহু আনহু মুসলমান সমাজে একটি ফিতনা সনাক্ত করতে পেরেছিলেন। বিষয়টি বিশ্বাস করতে আপনাদের অনেকের

জন্য কষ্টকর হবে। মুসান্নাফ ইবনে আবি শায়বার ৩৬,৪৩৯ নং হাদীসে বলা হয়েছে, একদা হুজাইফা রদিয়াল্লহু আনহু মসজিদে ঢুকে দেখলেন, সেখানে *কিছু লোক অন্য কিছু লোককে এলেম শিখাচ্ছে।* তিনি আফসোস করে বললেন, *হায়, তোমরা যদি সঠিক পথের উপর থাকতে! তোমরা অনেক দূরের জিনিসকে নিজেদের জন্য আবশ্যক করে নিয়েছো।* একথা বলে তিনি তাদের মাঝে বসলেন এবং বললেন, আমরা (সাহাবায়ে কেরাম) ছিলাম সেই কওম যারা এলেম শিখার আগে ঈমান শিখেছি। **শীঘ্রই এমন কওম আসবে যারা ঈমান শেখার আগে এলেম শিখবে।** লোকদের মধ্য থেকে একজন জিজ্ঞাসা করলো, তাহলে কি এটাও (ঈমান শিখার আগে এলেম শিখা) ফিতনা? তিনি বললেন, অচিরেই এমন কিছু ব্যাপার তোমাদের সামনে আসবে যে তোমরা (সেসব বিষয়ে মানুষকে সতর্ক করতে গেলে নিজেরাই) অপরাধী বনে যাবে। এরপর অনবরত সেই জিনিসগুলো আসতেই থাকবে, আসতেই থাকবে। লোকজন পরামর্শ নিবে এমন দুব্যক্তি (আলেম) থেকে, যাদের একজন হবে অক্ষম ও অন্য জন হবে অসৎ। একথার সমর্থন পাওয়া যায় হযরত জুন্দুব ইবনে আব্দুল্লাহ রদিয়াল্লহু-এর বর্ণনা থেকে। তিনি বলেন, "আমরা আমাদের নবীজী ﷺ-এর সাথে ছিলাম। তাই আমরা কুরআন শিখার আগে ঈমান শিখেছি। তারপর আমরা কুরআন শিখেছি। আর এভাবে আমাদের ঈমান আরো বৃদ্ধি পেয়েছে।"

আগেও বলেছি, আবারো বলছি, সাহাবায়ে কেরাম কলেমা পড়ে ঈমান আনার পর, নবীজী ﷺ-কে দেখে দেখে নবীওয়ালা যিন্দেগী কিভাবে গড়তে হবে তা শিক্ষা করেছেন। সর্বপ্রথম নবীওয়ালা মেজাজ গড়েছেন।

এরপর তারা কুরআন শিখেছেন, ইলম হাছিল করেছেন। এই ইলম তখন তাঁদের আরো উন্নতি সাধন করেছে। আল্লাহ তাআলার নৈকট্য লাভ করাকে সহজ করেছে। আল্লাহ ও তাঁর রাসূলের মহব্বতকে আরো বৃদ্ধি করেছে। কিন্তু বর্তমানে আমাদের অবস্থা পুরোই উল্টো।

আমাদের দেশ তথা সারা দুনিয়াতে হাজার হাজার মাদরাসায় লক্ষ লক্ষ ছেলেমেয়ে দীনের কথা শিখছে। অথচ এদের অধিকাংশই তাদের পরিবার থেকে ইসলাম সম্পর্কে কোনো ধারণা না নিয়েই মাদরাসায় আসে। জন্মের পর থেকে ঈমানী কোনো সবক তার পিতা মাতা তাদেরকে দেয়না বা দেওয়ার সামর্থ্য রাখে না। ফলে অনুপযুক্ত পাত্রে ঢেলে দেয়া হয় দ্বীনি পবিত্র সবক এবং তখন এদের অধিকাংশই এর মাহাত্ম্য বুঝতে ব্যর্থ হয়। এই জন্যই দেখা যায়, একজন দীনদার দুনিয়াবিমুখ আলেমের সন্তানই কেবল দীনদার দুনিয়াবিমুখ আলেম হয়। অন্যথায় মাদরাসার সার্টিফিকেটধারী লোকদের সংখ্যা দিন দিন বৃদ্ধি পাচ্ছে, কিন্তু আলেমরা দুনিয়া থেকে হারিয়ে যাচ্ছেন এবং মানুষ ফিতনাকে দ্বীন মনে করতে শুরু করেছে।

আবারো স্মরণ করিয়ে দিচ্ছি, একবার নবীজী ﷺ আকাশের দিকে তাকিয়ে বললেন, ***ইলম তুলে নেয়ার সময় হয়ে গেছে।*** একথা শুনে এক সাহাবী জিজ্ঞেস করলেন, এলেম কিভাবে উঠে যাবে, অথচ আমরা নিজেরা কুরআন শিখছি এবং আমাদের সন্তানদেরকেও শিখাচ্ছি? তখন নবীজী ﷺ বললেন, আমি তোমাকে অনেক বুদ্ধিমান মনে করেছিলাম। ইহুদী-খ্রিস্টানরাও তো তাদের কিতাব পড়ে ও তাদের সন্তানদের পড়ায়। এতে তাদের কী ফায়দা হয়েছে?

যারা আমরা লোকসমাজে নিজেদেরকে আলেম বলে পরিচয় দেই, কিন্তু নবীজীর সুন্নত থেকে দূরে, তাদের উচিত আমরা যেনো নিজেদের সংশোধনের ফিকির করি। এখন যা কিছু দ্বীন ও গ্রহণযোগ্য মনে করা হচ্ছে, তা আসলে নবীওয়ালা বা সাহাবাওয়ালা দ্বীন নয়।

একদা আব্দুল্লাহ রদিয়াল্লহু আনহু এক মজলিসে বসেছিলেন। তিনি বললেন, তখন তোমাদের অবস্থা কী হবে যখন ফিতনার চাদর তোমাদেরকে পড়ানো হবে? অল্প বয়সীরা সে সময় সীমা অতিক্রম করবে এবং বয়স্করা তখন দুর্বল হয়ে পড়বে। মানুষ সে সময় ফিতনাকে সুন্নত মনে করবে। আর সেই ফিতনাকে কেউ পরিবর্তন করতে চাইলে মানুষ তাকে বাঁধা দিয়ে বলবে, তুমি সুন্নতের মাঝে পরিবর্তন আনতে চাচ্ছো। তখন মজলিসের লোকেরা জিজ্ঞাসা করলো, হে আবি আব্দুর রহমান, এ রকম কখন হবে? তিনি উত্তর করলেন, যখন তোমাদের মাঝে আলেমদের সংখ্যা বেড়ে যাবে, কিন্তু তাদের মধ্যে বিশ্বস্তদের সংখ্যা হবে অনেক কম। (আলেমদের মাঝে আমানতদারিতা উঠে যাবে।) যখন তোমাদের মাঝে দ্বীনের ব্যাপারে ফয়সালাকারী (মুফতী সাহেবদের) সংখ্যা বেড়ে যাবে কিন্তু তাদের মধ্যে খুব অল্প সংখ্যক লোকের দীনের বুঝ থাকবে। আর যখন তোমরা আখেরাতের আমল দ্বারা দুনিয়ার সন্ধান করবে।

যদি আমরা নিজেদেরকে সংশোধন না করি তাহলে আখিরাতে অনেক কঠিন অবস্থার সম্মুখীন হতে হবে। এক হাদীসে এসেছে, কিয়ামতের দিন সবচেয়ে কঠিন আযাব হবে ঐ আলেমের, যার এলেম তার কোনোই কাজে আসেনি। গোনাহে লিপ্ত আলেমদেরকে যাবানিয়া নামক ফেরেশতারা কাফেরদের পূর্বেই পাকড়াও করবে। এই ফেরেশতারা

অত্যন্ত কঠোর ও নির্দয় স্বভাবের হবে। তখন বে-আমল আলেমরা বলবে, আমাদেরকে কেনো কাফেরদের পূর্বে পাকড়াও করা হচ্ছে? তাদেরকে জওয়াব দেয়া হবে, জেনে শুনে যারা অপরাধ করেছে ও যারা না জেনে অপরাধ করেছে তারা কখনো সমান হতে পারে না।

আমরা সকলে আল্লাহ তাআলার কাছে পানাহ চাচ্ছি তাঁর ক্রোধ থেকে। হে আল্লাহ! তুমি আমাদের সকলকে ইলম অনুযায়ী আমল করার তাওফীক দান কর। আমীন।

কারো মাঝে ইসলাম প্রবেশ করেছে কিনা তার লক্ষণ:

যারা কষ্ট স্বীকার করে এতক্ষণ 'দুনিয়া ও তার উপাদানসমূহ' নিয়ে আমার সুদীর্ঘ লেখা পড়েছেন, তাদের মনে নিশ্চয়ই কিছু প্রশ্ন জেগেছে? প্রশ্নগুলো হয়তো এমন-

দুনিয়া নিয়ে কেন এতো আলোচনা করা হলো? কী দরকার ছিলো এসবের? যেভাবে আমরা দুনিয়া ভোগ করছি, তার পাশাপাশি দ্বীনের খেদমত করলে কি দ্বীনদারী হবে না? দশটা-বিশটা চিকন কাপড়ের জামা নিয়ে যদি মাদরাসার শিক্ষক হই, মুহতামিম হয়ে তিন-চার তলা বিল্ডিং বানালে সমস্যা কোথায়, দ্বীনের খেদমত কি করছি না? ঘরে থেকে মুরুব্বীর হাতে বাইয়াত হয়ে নিজের এসলাহ করলে কি দ্বীন পূর্ণ হলো না? ঘরে আসবাব পত্র থাকলে সমস্যা কি, আমি কি দাওয়াতের ময়দানে জীবনকে কুরবানি করে দিয়েছি না? অথবা দিনে তিনবার খেয়ে শক্তি অর্জন করে

জিহাদ করি, তাতে সমস্যা কোথায়? আমরা তো কোনো সমস্যা দেখছি না!

সমস্যা তো অবশ্যই আছে? যদি সমস্যা না-ই থাকতো, সাহাবায়ে কেরাম কি এমনি এমনি দুনিয়াবিমুখতার মশক করেছেন, এতো টাকা-পয়সা, অর্থ-সম্পদ থাকা সত্ত্বেও কি তারা শখে গরীব মানুষের মতো যিন্দেগী যাপন করেছেন?

যখন এই আয়াত নাযিল হলো-

فَمَن يُرِدِ ٱللَّهُ أَن يَهْدِيَهُۥ يَشْرَحْ صَدْرَهُۥ لِلْإِسْلَٰمِ

"আল্লাহ তাআলা যাকে হেদায়েত করতে ইচ্ছা করেন, তার অন্তরকে ইসলামের জন্য উন্মুক্ত করে দেন।" (৬ সূরা আনআম: ১২৫)

তখন ছাহাবাগণ হুযুর -কে জিজ্ঞাসা করলেন, ইয়া রাসূলুল্লাহ! এই উন্মুক্ত করা কিরূপ? নবীজী বললেন,"এটি এক প্রকার নূর (আলো) যা অন্তরের মধ্যে উৎপন্ন হয় এবং তার প্রভাবে হৃদয় উন্মুক্ত ও প্রশস্ত হয়ে পড়ে।" সাহাবায়ে কেরাম আবারো জিজ্ঞাসা করলেন, "ইয়া রাসূলুল্লাহ! এই নূর (আলো) অন্তরে উৎপন্ন হওয়ার আলামত কি?" উত্তরে রাসূলে কারীম ইরশাদ করেন, "এই ধোকার ঘর (দুনিয়া) হতে মন উঠে যায়, সংসারের কোনো কিছুতেই মন আকৃষ্ট হয় না। চিরস্থায়ী পরকালের প্রতি মন ছুটে যায় (চরম আগ্রহী হয়) এবং মৃত্যু আসার পূর্বে মৃত্যুর পরবর্তী সময়ের জন্য সম্বল সংগ্রহে লিপ্ত ও ব্যস্ত হয়ে পড়ে (মৃত্যুর জন্য প্রস্তুত হয়ে যায়)।"

একদিন হযরত হারেসা রদিয়াল্লহু আনহু নবীজী কে বললেন,"ইয়া রাসূলুল্লাহ! আমি যথার্থ মুমিন হতে পেরেছি।"

হুযুর জিজ্ঞাসা করলেন,“(প্রত্যেকটি কথার তো একটি হাকীকত থাকে, তোমার দাবীর পক্ষে) প্রমাণ কী?” হযরত হারেসা রদিয়াল্লহু আনহু বললেন,“আমার মন দুনিয়ার ধোকার জাল ছিন্ন করে এমনভাবে পলায়ন করেছে যে, আমার দৃষ্টিতে স্বর্ণ এবং পাথরের মাঝে কোনো পার্থক্য নেই। উভয় বস্তুই আমার কাছে সমান তুচ্ছ মনে হয়। বেহেশত এবং দোযখকে আমি যেন দিব্য চোখে দেখতে পাচ্ছি।” হুযুর একথা শুনে বললেন,“ঈমানের যে অবস্থা তোমার পাওয়ার দরকার ছিল, তা তুমি সঠিকভাবে পেয়েছো। এখন একে সযত্নে রক্ষা করো। অতঃপর তিনি বললেন, ‘عَبْدٌ نَوَّرَ اللّٰهُ قَلْبَه‘ “এই ব্যক্তি আল্লাহ তাআলার খাঁটি বান্দা। আল্লাহ তাআলা তার অন্তরকে আলোকিত ও উদ্ভাসিত করে দিয়েছেন।” (কিমিয়ায়ে সাআদাত, খন্ড ৪, পৃ. ১৬০)

লক্ষ্য করুন, প্রকৃত ঈমানদার ও ইসলামওয়ালা (মুসলমান) হওয়ার মাপকাঠি হলো, কে কতটুকু দুনিয়া ছাড়তে পেরেছে। কার ভিতরে ইসলাম ও ঈমানের নূর কতটুকু ঢুকেছে তা পরিমাপ করার রাস্তা হচ্ছে, তার মাঝে দুনিয়া ছাড়ার যোগ্যতা কতটুকু হাছিল হলো তা দেখা। আপনি যত বড় মাদরাসার শিক্ষক বা মুহতামিম-ই হন না কেন, যত বড় বুযুর্গের হাতেই বাইয়াত হন না কেন, আপনি যত ঘণ্টাই দাওয়াতের মেহনত করেন না কেন, আর আপনি যত শক্তিমান বীর মুজাহিদই হন না কেন, দুনিয়া ছাড়তে পারেন নি তো ইসলাম আপনার মাঝে প্রবেশ করেনি। সুতরাং দুনিয়া ছাড়তে পারা প্রকৃত মুসলমান হওয়া, না হওয়ার প্রশ্ন। আমাদের মাঝে দুনিয়া ঢুকার কারণে আজ এত এত মসজিদ, মাদরাসা, মারকাজ, খানকাহ, তালীম, তরবীয়ত, দাওয়াত থাকা সত্ত্বেও প্রকৃত ইসলাম নেই, যেই ইসলাম রাসূলুল্লাহ ﷺ সাহাবায়ে কেরামদের শিখিয়ে গিয়েছিলেন। যেই

ইসলামের শক্তি এই পরিমাণ ছিল যে, মাত্র তেইশ বছরে অর্ধ পৃথিবী ইসলামের ছায়াতলে এসে পড়েছিল। আর আজ আড়াইশ কোটি মুসলমান থাকা সত্ত্বেও এক ইঞ্চি মাটিতে ইসলাম নেই। হা হা! সত্যিই হাস্যকর। তারপরও কি আমরা বুঝবো না?

আচ্ছা বলুনতো! এই ধোকার ঘর হতে যদি কারো দীল উঠে যায় সে কি জামা-কাপড়, রকমারি খাবার-দাবার, টাকা পয়সা, নারী, বাড়ি, গাড়ির পিছনে ছুটবে? সম্মান ও জিম্মাদারি হাসিল বা সরকারের চাটুকারি করবে? যে চিরস্থায়ী ঘরের জন্য অস্থির হয়ে আছে, দুনিয়ার কোনো জিনিস কি তাকে আনন্দ দিবে? যে মৃত্যুর অপেক্ষা করছে সে কি সত্য কথা বলতে শাসকের ভয় করবে? যে প্রিয় আপন-জনের মহব্বত নামক 'দুনিয়া'কে কুরবানী করতে পেরেছে, যে মৃত্যুর জন্য সদাপ্রস্তুত, যার মন আখিরাতে চলে গিয়েছে, যার দীলের মাঝে জান্নাত-জাহান্নামের স্মরণ আছে, সে কি করে আল্লাহ তাআলার ধমকি শুনার পরও জিহাদ পরিত্যাগ করে ঘরে বসে থাকতে পারে?

তাই আবারো বলছি, দেশের শীর্ষস্থানীয় আলেম, নিযামুদ্দিন বা কাকরাইলের মুরুব্বি বা জিম্মাদার সাথি, যে যে তবকার মুসলমানই হই না কেন, দ্বীনের মুজাহিদ হয়েও যদি সেই তিনটি আলামত আমাদের মাঝে না থাকে, তাহলে আমরা এখনো ইসলাম পাইনি বা মুসলমান হইনি। আমার ইসলাম যেনো আমাকে দুনিয়া বিসর্জন দিতে শিক্ষা দেয়, দুনিয়া কামাইয়ের মাধ্যম না হয়। আমার ইসলাম যেনো আমার নবীর ﷺ যিন্দেগীকে ভালোবাসতে শিখায়, তাঁকে অনুসরণ করতে উদ্বুদ্ধ করে।

হাদীসে পাকে এরশাদ হয়েছে, হালাল সঙ্কীর্ণ রাস্তা দিয়ে আসে, আর হারাম আসে প্রশস্ত রাস্তা দিয়ে। আমরা আরাম আয়েশের সকল উপকরণ ত্যাগ করি, নিজেদের প্রতি রহম করি। নিজেদের ঘরের সামানপত্র ও নবীজী ﷺ- এর ঘরের সামানপত্র তুলনা করি। খাট, সোফা, টেবিল ও অন্যান্য সামান পরিত্যাগ করে নিজেকে হালকা পাতলা রাখি, এই হুকুম কুরআনে এসেছে এবং ফরয। নিজেকে কিয়ামতের হিসাবের জন্য সহজ রাখি, নিজের প্রতি রহম করি।

দুনিয়ার মহব্বত উম্মতের কী ক্ষতি করলো?

দুনিয়াপ্রীতি উম্মতের সবচেয়ে বড় যে ক্ষতি করেছে, তা হলো উম্মতের মধ্যে **"মৃত্যুর প্রতি অনীহা"** পয়দা করেছে। আর যার ফল দাঁড়িয়েছে- **মৃত্যুর ভয় এবং জিহাদ পরিত্যাগ।**

যে নিজের ঘরের সুন্দরী স্ত্রী ও সন্তান-সন্ততির মহব্বতকে আল্লাহর জন্য কুরবানী করতে পারবে না, সে কিভাবে জিহাদে যাবে? সে কিভাবে একাকী কবরে থাকার কথা ভাবতে পারে?

যে আলোকোজ্জ্বল, ঝলমলে ঘর আর আরাম-আয়েশের বিছানার টান ছিন্ন করতে পারে নি, সে কিভাবে জিহাদের ময়দানে গুহার আঁধারে পাথরের বিছানাকে পছন্দ করবে? সে কি পারবে কবরের ভয়াবহ অন্ধকার আর মাটির বিছানার জন্য ময়দানে ঝাঁপ দিতে?

যে দশ-পনেরটা কাপড় পরিধান করে অভ্যস্ত, ইস্ত্রী ছাড়া কাপড় পরতে পারে না, সে কি পারবে ছিঁড়া, অপরিষ্কার, ইস্ত্রীহীন, তালিযুক্ত কাপড় পরে জিহাদের ময়দানে দিনাতিপাত করতে?

যে তিন-চার বেলা খেয়ে অভ্যস্ত, তার পক্ষে কিভাবে জিহাদের ময়দানে না খেয়ে কষ্ট করা সম্ভব? যার নফ্স অধিক খেয়ে পুষ্ট, তার নফ্স কি এখনি মরতে চাবে? নফস তো খাওয়ার জন্যই বাঁচতে চাবে!

আবার যে অধিক খেয়ে কামরিপুকে ধার করেছে, কামরিপু যাকে চব্বিশ ঘণ্টা বধ করে, যে ডানে-বামে-সামনে-পিছনে সর্বত্র শুধু 'কাম' দেখে, কামচিন্তা ছাড়া যে অন্য কিছু চিন্তা করতে পারেনা, যার যিন্দেগীতে 'কাম' ছাড়া আর কিছুই নেই, প্রতিদিন যার স্ত্রী সহবাস না করলে চলে না, এক স্ত্রীতে যে সন্তুষ্ট হতে পারে না, সে কিভাবে ময়দানে 'কাম' ছাড়া বছরের পর বছর থাকবে?

যে প্রতিদিন গোসল না করে থাকতে পারে না, সে কি পারবে জিহাদের ময়দানে চল্লিশ দিন গোসল না করে থাকতে?

যে বাড়ি-গাড়ি আর ডিগ্রির ধান্দা করবে, সে কী পারবে, তার ডিগ্রি আর পেশা ছেড়ে অন্য কাজ করতে? জিহাদ তো অনেক পরের কথা!

যার দীল দুনিয়া থেকে উঠে যায়নি, আখিরাতের জন্য যার দীল আগ্রহী হয়নি, সে কি মৃত্যুর জন্য প্রস্তুতি নিবে? আর যে দুনিয়াকে এই পরিমাণ সঙ্কীর্ণ করেনি, নফসকে কষ্টে ফেলে নি, যার দুনিয়ার যিন্দেগীর প্রতি এখনও বিতৃষ্ণা তৈরি হয়নি, সে কি এখনি মরতে চাইবে? যে মৃত্যুর জন্য প্রস্তুতি নেয়নি, সে তো জিহাদের প্রতিটি পরতে পরতে মৃত্যুর ঘণ্টাধ্বনি

শুনবে, জিহাদ মানে তার কাছে মনে হবে আযরাঈলের থাবা! তাহলে সে জিহাদ থেকে কেন পলায়ন করবে না? মৃত্যুর ভয়ে তার অবস্থা কেন মূর্ছাপ্রাপ্ত ব্যক্তির মতো হবে না? সে তো তখন অন্য আমলের মাঝে জিহাদের সওয়াব তালাশ করবে এটাই স্বাভাবিক। তখন তার মনোভাব হবে, 'জিহাদ না করে, মৃত্যুর ঝুঁকি না নিয়ে যদি জিহাদের সওয়াব পাওয়া যায়, তাহলেই তো ভালো!' তখন দেখা যাবে সে জিহাদ ত্যাগ করে যে জায়গা মৃত্যুর ঝুঁকিমুক্ত, 'আমলে সালেহ' এর নাম দিয়ে সেই রাস্তায়ই বেশি দৌঁড়-ঝাপ করছে।

তখন শয়তান ও তার নফ্স মৃত্যু থেকে বাঁচার জন্য তাকে নানা রকম বুঝ দিবে- ঘরে বসে নফসের রিয়াযত করলে ময়দানের চেয়ে বেশি সওয়াব (জিহাদে আকবর) হবে (!), গুনাহ থেকে বাঁচলেই এখন সবচেয়ে বড় হিজরত হবে (!), মাদরাসায় বসে জিহাদের তামান্না করলে জিহাদের সওয়াব মিলবে (!), ঘরে বসে কিতাবাদি লিখলেই এখন জিহাদের মর্তবা হাছিল হবে (!), দাওয়াতের রাস্তা মানেই 'আল্লাহর রাস্তা', মানে জিহাদ (!),আর দাওয়াতের ময়দানে কাজ করলে জিহাদের সমান সওয়াব পাওয়া যাবে (!), গণতান্ত্রিক পন্থায় রাজনীতি করলে জিহাদের সওয়াব পাওয়া যাবে (!), মিছিল মিটিং করলে ময়দানে লড়াইয়ের সওয়াব মিলবে (!), পুলিশের দিকে ইট-পাটকেল ছুড়লে বোমা নিক্ষেপ করার সওয়াব হাছিল হবে (!), আমার পীর 'আমীরে মুজাহিদ', তার হাতে বাইয়াত মানেই জিহাদ, আমিও মুজাহিদ (!)।

আরেকদল তো মরণের ভয়ে আরো একধাপ এগিয়ে যাবে। বলবে- এখন জিহাদ ফরযে আঈন হয় নি (!), এখনো জিহাদ করার সময় হয়নি

(!), এখনো জিহাদের প্রেক্ষাপট তৈরি হয়নি (!)। চারদিকে তো কেবল শান্তি আর শান্তি (!), জিহাদ করবো কার বিরুদ্ধে? (!) ইমাম মাহদীর আগমন? সে তো লক্ষ কোটি বছর পরে হবে (!)। এখন 'মক্কী যিন্দেগী' চলছে (!), এখন দাওয়াতের সময় (!), ইমাম মাহদী আসলে 'মাদানী যিন্দেগী' (!) শুরু হবে, তখন জিহাদ করতে হবে (!)।

জিহাদ করতে গিয়ে যেন মরা না লাগে সেজন্য আরেকদল জিহাদ থেকে পালানোর জন্য বলবে, জিহাদের জন্য ইসলামী রাষ্ট্র শর্ত, আগে দাওয়াতের মাধ্যমে ইসলামী রাষ্ট্র কায়েম করতে হবে, পরে খলীফা বললে জিহাদ করবো (!)। বর্তমানে যেহেতু আমরা দুর্বল, আমাদের শক্তি নেই, নেতা নেই, রাষ্ট্র নেই, তাই জিহাদও নেই (!)। যেহেতু আমেরিকার গোয়েন্দারা, সরকারের গোয়েন্দারা আমাদের সব কথা শুনে ফেলে, আমরা মাহফিলে যা বয়ান করি তা রেকর্ড করে ফেলে, এখন জিহাদী মেহনত মানে আত্মঘাতী মেহনত (!), তাই এখন আগের যামানার অবস্থা নেই, তাই এখন জিহাদ করা যাবে না (!), গণতন্ত্রই এখন প্রকৃত জিহাদ (!), এখন জিহাদ কাফেরের বিরুদ্ধে নয়, নফ্স ও শয়তানের বিরুদ্ধে (!), এখন ঈমানী মেহনত করতে হবে (!)। আগে মেহনত করে ঈমান ও ইখলাস হাছিল করতে হবে, পরে ময়দানে যেতে হবে (!)।

আরেকদল তো মৃত্যুর ভয়ে আরো বহুধাপ এগিয়ে 'কাপুরুষতা'র শেষ প্রান্তে পৌঁছবে, অণ্ডকোষ কেটে ফেলে নিজেদেরকে খোজা বানাবে, জিহাদ যেন পৃথিবীতেই না থাকে সেজন্য শীতাতপ নিয়ন্ত্রিত কক্ষে বসে, সাত ভূঁড়ি খেয়ে 'গান্ধা' ফতোয়াবাজী করবে; অর্থ ও ক্ষমতা, পদ ও পদবীর লোভে সস্তায় নিজেদের ঈমান বিক্রি করে দিবে, বাতিলের তাবেদারী করবে

আর বলতে থাকবে - যারা জিহাদ করছে তারা শরীয়তসম্মত জিহাদ করছে না (!), তারা ভ্রান্ত (!), জিহাদকে 'জঙ্গীবাদ বা সন্ত্রাস' (!) হিসেবে চিহ্নিত করবে, বলবে, ইসলাম শান্তির ধর্ম (!), ইসলামে যত যুদ্ধ হয়েছে, তা ধর্মের কারণে ছিল না (!), ইসলাম ধর্মনিরপেক্ষ (!), এ ধর্মে সকল বিধর্মীদের অধিকার দেয়া হয়েছে, তাই ইসলামে 'জঙ্গীবাদ বা সন্ত্রাস' বলে কিছু নেই (!), জিহাদ অন্য জিনিস (!), এরা যা করছে তা জিহাদ নয় (!), এরাই ইসলামটাকে নষ্ট করলো (!), এরা যুদ্ধবাজী না করলে 'বাতিল' উম্মতের উপর আক্রমণ করতো না, তাই উম্মতের ধ্বংসের জন্য এই মুজাহিদরাই দায়ী (!)।

ব্লা ব্লা ব্লা!!!

আবার অনেক গোমরাহ আছে, যারা যদিও মুখে বলে 'আমরা জিহাদ অস্বীকার করিনা', কিন্তু এদের আচার-আচরণ, চাল-চলন, হাব-ভাব, কথা-বার্তা পর্যবেক্ষণ করলেই বুঝা যায়, এদের ভিতরে কী লুক্কায়িত আছে।

সুতরাং কথা স্পষ্ট! দুনিয়ার মহব্বতের শেষ পরিণতি কাপুরুষতা। একে অস্বীকার করার কোনো উপায় নেই। আর তাই উম্মত আজ কাপুরুষের যিন্দেগী যাপন করছে। জিহাদ ত্যাগ করেছে। যেই সব আলেম আজ উপরোক্ত এসব পঁচা ফতোয়া দিচ্ছে, এগুলো তাদের দীলের মধ্যে বিদ্যমান দুনিয়ার মহব্বত ও দুনিয়াতে বেঁচে থাকার স্পৃহাপ্রসূত উক্তি। এগুলো কস্মিনকালেও নবীওয়ালা কিংবা সাহাবাওয়ালা ঈমান ও ইসলাম নয়। এগুলো অক্ষম কাপুরুষোচিত উক্তি। মানসিক বার্ধক্য কিংবা বিকলাঙ্গতার পরিচায়ক। যদি কোনো আলেমের মুখে এসব কথা শুনা যায়,

সে "আল্লাহর রাসূলের ওয়ারিশ"দের তালিকা থেকে ছিটকে পড়বে। "নায়বে নবী" হওয়ার সর্বশেষ যোগ্যতাটুকুও হারাবে। বরং সে আল্লাহ, তাঁর রাসূল ﷺ এবং ইসলামের দুশমন। এরাই উলামায়ে 'ছু'। এরাই মন্দ আলেম। বরং এরা আলেম নয়, জাহেল। আলেম নামের কলঙ্ক। যাদের কারণে আজ উম্মত "আহলে হক" উলামায়ে কেরামের উপর আস্থা হারাচ্ছে। এরা দ্বীন থেকে এমনভাবে বেরিয়ে গেছে, যেমন ভাবে ধনুক থেকে তীর বেরিয়ে যায়। এরাই মূক, বধির, অন্ধ, ফলে এরা আর সঠিক পথে ফিরে আসবে না। এরাই মুনাফিক। এরাই দাজ্জালের চেয়ে বেশি ভয়ংকর। এরাই নেক সুরতে, কুরআন হাদীসের দলীল দিয়ে, ভুল ব্যাখ্যা করে উম্মতকে গোমরাহ করছে। এরাই ইসলামের ধ্বংসকারী। এরাই আসমানের নীচে, জমিনের উপরে সবচেয়ে নিকৃষ্ট প্রজাতির প্রাণি। এরাই পথভ্রষ্ট। এদের মস্তক পশু-পাখির বিষ্ঠা দ্বারা ভরে গেছে। এদের মাথায় গোবর ছাড়া কিছু নেই। এরাই কুলাঙ্গার, এরাই অভিশপ্ত।

এদের সম্পর্কেই নবীজী ﷺ বলেছেন, "নিশ্চয়ই আমি আমার উম্মতের জন্য পথভ্রষ্ট, গোমরাহ আলেমদের সবচেয়ে বেশি ভয় করি।" (সূনানে আবু দাউদ, হাদীস নং- ৪২৪৯, তিরমিযী, হাদীস নং-২২২৯)

আরেক হাদীসে নবীজী ﷺ এরশাদ করেন, "আমি (উম্মতকে গোমরাহ করার ব্যাপারে) পথভ্রষ্ট আলেমদেরকে দাজ্জালের চেয়েও বেশি ভয় করি।"

আফসোস! দুনিয়া এই যামানার আলেমদেরকেও এমনভাবে গ্রাস করে ফেলেছে যে, তারা আজ একটি 'ফরযে আঈন' হুকুমের বিরোধিতা ও অস্বীকার করছে। অথচ, আল্লাহর রাসূল ﷺ ইরশাদ করেন, "জিহাদ

অব্যাহত থাকবে আল্লাহ আমাকে যেদিন প্রেরণ করেছেন, সেদিন থেকে শুরু করে আমার শেষ উম্মতটি দাজ্জালের সাথে যুদ্ধ করা পর্যন্ত। অত্যাচারী শাসকের অত্যাচার ও ন্যায়পরায়ণ শাসকের সুবিচার কোনো কিছুই তাকে অবদমিত করতে পারবে না।" (সুনানে আবূ দাউদ, খ. ৩, পৃ. ১৮)

তিনি আরো ইরশাদ করেন, "এই দ্বীন চিরকাল বিদ্যমান থাকবে। এর পক্ষে একদল মুসলমান কেয়ামত অবধি লড়াই অব্যাহত রাখবে।" (সুনানে আবূ দাউদ, খ. ৩, পৃ. ১৮, সহীহ মুসলিম, খ. ৩, পৃ. ১৫২৪)

শেষ জামানার আলেমগণ যে এ ধরণের উল্টাপাল্টা ফতোয়াবাজী করবে, আল্লাহ তাআলা কী তা জানতেন না? তিনি কি তাঁর হাবীব ﷺ-কে বিষয়টি অবগত করাননি? দেখুন, আল্লাহর রাসূল ﷺ কিভাবে অত্যন্ত স্পষ্ট ভাষায় এ বিষয়ে ভবিষ্যদ্বাণী করে গেছেন?

নবীজী ﷺ ইরশাদ করেন, "যতদিন পর্যন্ত আকাশ থেকে বৃষ্টি বর্ষিত হবে, ততদিন পর্যন্ত জিহাদ সতেজ ও সুমিষ্ট থাকবে। আর অদূর ভবিষ্যতে মানুষের জীবনে এমন একটি সময় আসবে, যে যুগের শিক্ষিত লোকেরা (আলেম কিংবা ইংরেজি শিক্ষিত দ্বীনদার ব্যক্তিরা) বলবে, এটি জিহাদের যুগ নয়। অতএব, যে ব্যক্তি সে যুগটি পাবে, তার জন্য সেটি হবে জিহাদের শ্রেষ্ঠ যুগ।" সাহাবায়ে কেরাম অবাক হয়ে বললেন, হে আল্লাহর রাসূল! একজন মুসলমান কি এমন কথা বলতে পারে? নবীজী বললেন, "হ্যাঁ, এমন মুসলমানরা বলবে, যারা আল্লাহ, ফেরেশতা ও সমস্ত মানুষের অভিশাপে অভিশপ্ত।" (আস্‌সুনানুল ওয়ারিদাতু ফিল ফিতান, খ. ৩, পৃ. ৭৫১)

প্রিয় মুসলিম ভাই ও বোনেরা! আপনারা কি এসকল ভ্রান্ত আলেমদের ফতোয়া গ্রহণ করবেন, নাকি এদের সম্পর্কে স্বয়ং আল্লাহর রাসূল ﷺ যে

ফতোয়া দিয়েছেন তা গ্রহণ করবেন? এরাই তো তারা, যারা আল্লাহ, ফেরেশতা ও সমস্ত মানুষের অভিশাপে অভিশপ্ত।

খুব ভালো করে শুনে রাখুন! হযরত হাসান রদিয়াল্লহু আনহু বলেছেন, "অদূর ভবিষ্যতে এমন একটি সময় আসবে, যখন মানুষ বলবে, জিহাদ বলতে কিছু নেই। তো সেই যুগটি যখন আসবে, তখন তোমরা জিহাদ করবে। কারণ, তখন জিহাদই শ্রেষ্ঠ আমল।" (কিতাবুস্ সুনান, খ. ২, পৃ. ১৭৬)

হযরত ইবরাহীম রাহিমাহুল্লহ সম্পর্কে বর্ণিত, তাঁর সম্মুখে তথ্য উপস্থাপন করা হলো যে, মানুষ বলছে, এখন কোনো জিহাদ নেই। উত্তরে তিনি বললেন, "এটি শয়তানের উক্তি। মানুষের মাঝে এ কথাটি শয়তান প্রচার করছে।" (মুসান্নাফে আবী শায়বা, খ. ৬, পৃ. ৫০৯)

আসলে, এসব কুফুরী কথা দ্বারা এই গোমরাহ আলেমগুলো বাতিল ও ত্বগুতকে সন্তুষ্ট করছে। আর যে বাতিল ও ত্বগুতকে খুশি করবে, সে আল্লাহ তাআলার অসন্তুষ্টি অর্জন করবে, আর যে আল্লাহ তাআলার অসন্তুষ্টি অর্জন করবে, সে আল্লাহর আযাব ও গযবে নিপতিত হবে।

উপর্যুক্ত এ সকল কারণে উম্মত আজ পৃথিবীর খিলাফত ও নেতৃত্ব হারিয়েছে। কুফ্ফারদের দীল থেকে মুসলিম ভীতি উঠে গেছে। কাপুরুষকে তো ছাগলেও ভয় পায় না। তাই সারা দুনিয়ার বাতিল শক্তি আজ মুসলমানদের উপর চড়াও হয়েছে। আর উম্মতের নসীব হয়েছে অপমান ও জিল্লতির যিন্দেগী। এখন কি বুঝতে পারছেন, কী কারণে সাহাবায়ে কেরামকে রাসূলুল্লাহ ﷺ এত গুরুত্বের সাথে দুনিয়াবিমুখতার মশ্ক করিয়েছেন? মৃত্যু ও আখিরাতকে ভালোবাসতে শিখিয়েছিলেন? ফলে তাঁরা

লাভ করেছিলেন বীরত্বের যিন্দেগী, সম্মান ও ইয্যতের যিন্দেগী। সহজেই তাঁরা বিশ্বের মঞ্চে নেতৃত্বের আসনে সমাসীন হতে পেরেছিলেন।

আমরা যারা আলেম হয়েছি, যাদেরকে আল্লাহ তাআলা ইলমের মতো মহা দৌলত দান করেছেন, তারা একটু চিন্তা করি। আমরা যারা দাওয়াত ও তাবলীগের মেহনতের সাথে জুড়ে আছি, আল্লাহ তাআলা দাওয়াতের কাজের সাথে লাগিয়ে রেখেছেন, তারা একটু চিন্তা করি। আমরা যারা দ্বীনের মুজাহিদ, নিজের বুকের রক্ত ঢেলে দিয়ে দ্বীন কায়েমের মেহনত করে যাচ্ছি, তারাও একটু চিন্তা করি। এছাড়া উম্মত যে যেখানে আছি, সবাই একটু চিন্তা করি। আমাদের দুআ কেন নবীদের মতো বা সাহাবীদের মতো কবুল হয় না? কারণ নবীদের সাথে আমাদের জীবনের কোনো মিল নেই। আলেমে দ্বীন, তাবলীগের সাথি, মুজাহিদ, কিংবা অন্য মেহনত করনেওয়ালা সাথি, কারো জীবনের সাথে আমাদের নবীজী ﷺ বা সাহাবা রদিয়াল্লহু আনহুমদের জীবনের কোনো মিল নেই। না ইবাদতের ক্ষেত্রে মিল আছে, না ঘর বাড়ির আসবাব পত্রের সাথে মিল আছে, না লেবাসের ক্ষেত্রে মিল আছে, না খানাপিনার ক্ষেত্রে মিল আছে, না জীবনের উদ্দেশ্যের সাথে মিল আছে। নবীজী ﷺ ইরশাদ ফরমান, আমার পর তোমরা আবু বকর ও ওমরের (রদিয়াল্লহু আনহুমা) অনুসরণ করো। হযরত আবু বকর রদিয়াল্লহু ইসলামপূর্ব যুগে মালদার ছিলেন। ইসলামে তিনি যত পুরাতন হয়েছেন, তত নিঃস্ব হয়েছেন, দুনিয়াকে বিসর্জন দিয়েছেন, আল্লাহ পাকের সাথে সম্পর্ক তত মজবুত হয়েছে। এখন আমরা শুরুতে সাধারণ মানুষ থাকি। আর যত পুরাতন হতে থাকি তত টাকার সাথে সম্পর্ক বাড়তে থাকে। আগে টিনের ঘরে থাকলে পরে আলিসান ফ্লাট বা নিজের বাড়িতে

থাকি। আগে এক দুইটি জামায় চলতো, এখন লাগে চল্লিশ-পঞ্চাশটি। আগে দুই বেলা খাবার পেতাম না, এখন খাই চার-পাঁচ বেলা। আগে ফ্লোরিং করে থাকতাম, এখন থাকি খাটে। আগে সাইকেলে চড়লে পরে চড়ি হেলিকপ্টারে। আগে সাধারণ মানুষের সাথে মিশতাম, এখন নারী প্রধানমন্ত্রীর সাথে মুসাফাহা করি। হা হা হা! আগে এমনভাবে থাকতাম যেন কেউ আমাকে না চিনে, আর এখন অর্থ, পদ ও ক্ষমতার লোভে নিজেকে প্রকাশ করি, মঞ্চে গরম গরম বক্তৃতা করি, 'গণতন্ত্র' নামক কুফরকে মেনে নিয়েছি।

এই যদি হয় আমাদের অবস্থা, এর নাম কি সুন্নতের যিন্দেগী? এর নাম কি ইত্তেবায়ে সুন্নত? এর নাম কি 'নবীর ওয়ারিশ হওয়া'? এর নাম কি দুনিয়াবিমুখতা? এর নাম কি নবীওয়ালা যিন্দেগী? এটিই কি সাহাবাওয়ালা যিন্দেগী? এর নাম কি নবীওয়ালা কামকরনেওয়ালার যিন্দেগী? এটিই কি আল্লাহর রাসূলের শিক্ষা?

কেন আমাদের সাথে আল্লাহ তাআলার মদদ থাকবে? কেন আমাদেরকে আল্লাহ তাআলার পক্ষ থেকে নুসরত করা হবে? কেন আমাদের দুআগুলোকে কবুল করা হবে?

কেন আমাদের উপর আযাব অবতীর্ণ হবে না? কেন আল্লাহ পাক আমাদের উপর অসন্তুষ্ট হবেন না? কেন আমাদের উপর যালেম কুফ্ফারদের চাপিয়ে দিবেন না? কেন আমাদের রক্ত নিয়ে হায়েনারা উল্লাস করবে না? কেন? বলুন, কেন??? জবাব দিন!

চতুর্থ গুণ

কোন অবস্থাতেই মৃত্যুকে ভয় না পাওয়া

০৪. কোনো অবস্থাতেই মৃত্যুকে ভয় না পাওয়া

মৃত্যু সম্পর্কে আকীদা:

- আল্লাহ তাআলাই জীবনদাতা, তিনিই মৃত্যুদাতা। তিনিই প্রত্যেকের মৃত্যুর জন্য একটি সুনির্দিষ্ট ক্ষণ ও স্থান ঠিক করে রেখেছেন। আল্লাহ তাআলা ইরশাদ করেন,

وَمَا كَانَ لِنَفْسٍ أَنْ تَمُوتَ إِلاَّ بِإِذْنِ اللَّهِ كِتَاباً مُّؤَجَّلاً

"আর আল্লাহর হুকুম ছাড়া কেউ মরতে পারেনা- সেজন্য একটা সময় নির্ধারিত রয়েছে।" (৩ সূরা আলে ইমরান: ১৪৫)

- মৃত্যুর ক্ষণ উপস্থিত হলে, কেউ এক চুল পরিমাণ সময় বিলম্ব করতে পারবে না, কিংবা এক চুল পরিমাণ সময় আগেও মৃত্যুবরণ করবে না।

إِذَا جَآءَ أَجَلُهُمْ فَلاَ يَسْتَأْخِرُونَ سَاعَةً وَلاَ يَسْتَقْدِمُونَ

"যখন তাদের জন্য নির্দিষ্ট (মৃত্যুর) ক্ষণ উপস্থিত হবে, তখন তারা না একদণ্ড পেছনে সরতে পারবে, না সামনে অগ্রসর হতে পারবে।"

(১০ সূরা ইউনূস: ৪৯)

- কাপুরুষতা, জিহাদ/মৃত্যু হতে পলায়ন সামান্য হায়াৎ বৃদ্ধি করতে পারেনা। আল্লাহ তাআলা ইরশাদ করেন,

أَيْنَمَا تَكُونُواْ يُدْرِككُّمُ ٱلْمَوْتُ وَلَوْ كُنتُمْ فِى بُرُوجٍ مُّشَيَّدَةٍ

"তোমরা যেখানেই থাক না কেন; মৃত্যু কিন্তু তোমাদেরকে পাকড়াও করবেই। যদি তোমরা সুদৃঢ় দূর্গের ভেতরেও আশ্রয় নাও, তবুও।"
(৪ সূরা নিসা: ৭৮)

- আর বীরত্ব/ জিহাদে ঝাঁপিয়ে পড়া সামান্য হায়াত হ্রাস করতে পারেনা।
- আল্লাহ তাআলা যাকে ইচ্ছা তাকে শাহাদাতের মর্যাদা দান করেন। কেউ যুদ্ধের কঠিন জায়গাগুলোতে যুদ্ধ করলেই যে শহীদ হবে, এমন কোনো সম্ভাবনা নেই। আল্লাহ তাআলার ফয়সালা না হলে শাহাদাত সম্ভব নয়। আল্লাহ তাআলা ইরশাদ করেন,

وَيَتَّخِذَ مِنكُمْ شُهَدَآءَ

"আর তিনি (আল্লাহ তাআলা) তোমাদের কিছু লোককে শহীদ হিসেবে গ্রহণ করতে চান।" (সূরা আলে ইমরান: ১৪০)

- জিহাদের ময়দানে যদি কেউ শহীদ হয়, বুঝতে হবে, আসলে তখনই তার পৃথিবী ত্যাগের ফয়সালা ছিল, সে যদি ঘরেও বসে থাকত, মৃত্যু তার ঘরেই পৌঁছতো। মাঝখান থেকে জিহাদে অংশগ্রহণ করার দরুন সে শাহাদাতের মর্যাদা লাভ করল। আল্লাহ পাক ইরশাদ করেন,

يَقُولُونَ لَوْ كَانَ لَنَا مِنَ ٱلْأَمْرِ شَيْءٌ مَّا قُتِلْنَا هَاهُنَا قُل لَّوْ كُنتُمْ فِى بُيُوتِكُمْ لَبَرَزَ ٱلَّذِينَ كُتِبَ عَلَيْهِمُ ٱلْقَتْلُ إِلَىٰ مَضَاجِعِهِمْ

"তারা বলে যদি আমাদের হাতে যদি কিছু করার থাকত, তাহলে আমরা এখানে (যুদ্ধের ময়দানে) নিহত হতাম না। তুমি বল, তোমরা যদি নিজেদের ঘরেও থাকতে তবুও তারা অবশ্যই বেরিয়ে আসত নিজেদের অবস্থান থেকে যাদের মৃত্যু লিখে দেয়া হয়েছে।" (৩ সূরা আলে ইমরান: ১৫৪)

يَآأَيُّهَا ٱلَّذِينَ آمَنُوٓاْ إِذَا لَقِيتُمُ ٱلَّذِينَ كَفَرُواْ زَحْفاً فَلاَ تُوَلُّوهُمُ ٱلأَدْبَارَ - وَمَن يُوَلِّهِمْ يَوْمَئِذٍ دُبُرَهُ إِلاَّ مُتَحَرِّفاً لِّقِتَالٍ أَوْ مُتَحَيِّزاً إِلَىٰ فِئَةٍ فَقَدْ بَآءَ بِغَضَبٍ مِّنَ ٱللَّهِ وَمَأْوَاهُ جَهَنَّمُ وَبِئْسَ ٱلْمَصِيرُ

"হে মুমিনগণ! তোমরা যখন কাফেরদের সাথে (যুদ্ধে) মুখোমুখী হবে, তখন (মৃত্যুর ভয়ে) পশ্চাদপসরণ করবে না। আর যে সেদিন পশ্চাদপসরণ করবে, অবশ্য যে লড়াইয়ের কৌশল পরিবর্তনকল্পে কিংবা যে নিজ সৈন্যদের নিকট আশ্রয় নিতে আসে সে ব্যতীত- অন্যরা আল্লাহর গযব সাথে নিয়ে প্রত্যাবর্তন করবে। আর তার ঠিকানা হল জাহান্নাম। বস্তুতঃ সেটা হল নিকৃষ্ট অবস্থান।" (৮ সূরা আনফাল: ১৫-১৬)

মৃত্যুকে আমরা কেন ভয় পাই?

আল্লাহ তাআলা ইরশাদ করেন,

وَيَقُولُ ٱلَّذِينَ آمَنُواْ لَوْلَا نُزِّلَتْ سُورَةٌ فَإِذَآ أُنزِلَتْ سُورَةٌ مُّحْكَمَةٌ وَذُكِرَ فِيهَا ٱلْقِتَالُ رَأَيْتَ ٱلَّذِينَ فِى قُلُوبِهِم مَّرَضٌ يَنظُرُونَ إِلَيْكَ نَظَرَ ٱلْمَغْشِىِّ عَلَيْهِ مِنَ ٱلْمَوْتِ فَأَوْلَىٰ لَهُمْ ﴿٢٠﴾

"যারা মুমিন তারা বলেঃ একটি সূরা নাযিল হয় না কেন? অতঃপর যখন কোন দ্ব্যর্থহীন সূরা নাযিল হয় এবং তাতে জিহাদের উল্লেখ করা হয়, তখন যাদের অন্তরে রোগ আছে, আপনি তাদেরকে মৃত্যুভয়ে মূর্ছাপ্রাপ্ত মানুষের মতো আপনার দিকে তাকিয়ে থাকতে দেখবেন। সুতরাং ধ্বংস তাদের জন্য!" (৪৭ সূরা মুহাম্মাদ: ২০)

মৃত্যুকে ভয় পাওয়ার কারণসমূহ:

১. দুনিয়ার মহব্বত:

হযরত সুলাইমান ইবনে আব্দুল মালেক রহ: হযরত আবূ হাযিম রহ: কে জিজ্ঞাসা করেছিলেন, "বলুন তো দেখি ভাই, আমরা মৃত্যুকে কেন ভয় করি?" উত্তরে তিনি বললেন, "মৃত্যুকে ভয় কর, তার কারণ হল, তুমি দুনিয়াকে আবাদ আর আখিরাতকে বরবাদ করেছ। তাই আবাদী ত্যাগ করে বিরান ভূমিতে যেতে মন চায় না।" একথা শুনে হযরত সুলাইমান রহ: বললেন, "বাস্তবিক, আপনি ঠিকই বলেছেন।"

উম্মতের মাঝে মৃত্যুর ভয় এবং এর ফলশ্রুতিতে উৎপন্ন কাপুরুষতার মূল কারণ হলো দুনিয়ার মহব্বত। আম থেকে খাওয়াস, আলেম থেকে জাহেল, দীনদার থেকে দুনিয়াদার সকলের মাঝে আজ দুনিয়ার মহব্বত গালেব হওয়ায় সকলেই মৃত্যুর ভয়ে ত্রস্ত, আজ আমরা সকলেই কাপুরুষতার যিন্দেগী যাপন করছি। আমরা কেউই আবাদী দুনিয়া ছেড়ে আমাদের দুই হাতে বরবাদ করা আখিরাতে চলে যেতে প্রস্তুত নই।

২. গুনাহমুক্ত যিন্দেগী গঠন না করা:

যারা গুনাহমুক্ত হয়ে নেক কাজে জীবন অতিবাহিত করে এবং মৃত্যু পরবর্তী জীবনের উপর অবিচল বিশ্বাস রাখে তাদের এই দুনিয়াতে মন বসে না। এবং মৃত্যুর পরের জীবনকেই তারা দুনিয়ার উপর প্রাধান্য দেয়। পক্ষান্তরে দুনিয়াতে যারা অপকর্মে লিপ্ত, আল্লাহর নাফরমানীতে অভ্যস্ত, তারাই মৃত্যুকে ভয় করে থাকে। গুনাহের মূল কারণও মূলত দুনিয়ার মহব্বতের মাঝেই নিহিত।

৩. আখিরাত (মৃত্যু পরবর্তী অবস্থা) সম্পর্কে অজ্ঞতা:

আখিরাতের যিন্দেগীর উপর যার বিশ্বাস থাকবে এবং দুনিয়ার জীবনে কৃত নেক কাজের বিনিময়ে পরকালে আল্লাহ তাআলা যে সকল প্রতিদানের ওয়াদা করেছেন তার আশা যার মধ্যে থাকবে, আর যে একথা বুঝবে যে, নেক কাজ করে দুনিয়ার বন্ধু-বান্ধব ও আত্মীয়-স্বজন ত্যাগ করে মৃত্যুবরণ করার পর তথায় বন্ধু-বান্ধব ও আপনজনের সাথে সাক্ষাৎ হবে, মৃত্যুর পর বরযখে এবং পুনরুত্থানের পর জান্নাতে আবারো মিলিত হয়ে একসাথে চিরদিনের জন্য অতুলনীয় সুখ-শান্তিতে বসবাস করব, আর পৃথক হবো না, তাহলে সে মৃত্যুকে ভয়-ই বা কেন করবে

আর এই জাগতিক জীবনকে আখিরাতের উপর প্রাধান্য-ই বা কেন দিবে? যে ব্যক্তি জান্নাতের স্বর্ণের প্রাসাদসমূহের অবস্থা জানে সে কি দুনিয়াতে ইটের প্রাসাদ বানাবে? যে ব্যক্তি আখিরাতে হিসাব দেয়ার ভয় রাখে এবং সহজ হিসাবে জান্নাতে যেতে চায় সে কি দুনিয়াতে মাল জমাবে? যে ব্যক্তি হূরে ঈ'নের রূপ-সৌন্দর্য সম্পর্কে জানে, সে কি দুনিয়াতে পরনারীর দিকে দৃষ্টি দিবে, চোখের গুনাহ করবে, চোখ দিয়ে অশ্লীল কিছু দেখবে? যে ব্যক্তি শহীদের প্রতিদান সম্পর্কে জানে, সে কি দুনিয়াতে এক মুহূর্ত বেঁচে থাকাকে 'সময় নষ্ট' মনে করবে না? যে ব্যক্তি জানে যে, আমি জিহাদের জন্য হিজরত করলে, আমার স্ত্রী-সন্তান-পিতা-মাতাদের যে কষ্ট হবে, তার বিনিময়ে আল্লাহ তাআলা তাদেরকে মাফ করে জান্নাতুল ফিরদাউসে আমার সাথী বানিয়ে দিবেন এবং এমন মর্যাদা দিবেন যা তারা আমল করে লাভ করতে পারতো না, সে কি নিজের কাছের লোকগুলোর মহব্বত ত্যাগ করে ময়দানে ঝাঁপিয়ে পড়তে পারবে না? এর দ্বারা সে কি ঐসব আত্মীয়দের প্রতি এহসান (অনুগ্রহ)-ই করল না? যে ব্যক্তি মৃত্যুর কষ্ট, কবরের সওয়াল, কবরের চাপ, নানাবিধ কবরের আযাব, কিয়ামতের বিভীষিকা, হাশরের ময়দানের কষ্ট, পুলসিরাতের অবস্থা, জাহান্নামের ভয়াবহতা সম্পর্কে জানে সে কি দুনিয়াতে গুনাহে লিপ্ত হবে? আর যে ব্যক্তি গুনাহমুক্ত থাকবে, তার জন্য এই গুনাহে পরিপূর্ণ পৃথিবী বসবাসের অনুপযুক্ত মনে হবে, মৃত্যুর জন্য, মাওলার সাথে মিলনের জন্য সে তো পাগলপারা হয়ে যাবে।

৪.আল্লাহ তাআলার ভয় না থাকাঃ

আল্লাহ তাআলার সামনে আমাকে দাঁড়াতে হবে, তাঁর কাছে আমাকে হিসাব দিতে হবে, উম্মতের প্রতি আমার যে যিম্মাদারী তা পালন না করলে, উম্মতকে যালেমদের কবল থেকে উদ্ধার করার জিহাদে অংশগ্রহণ না করলে আমাকে আল্লাহ তাআলার কাছে বড়ো কঠিনভাবে জবাবদিহি করতে হবে, মর্মন্তুদ শাস্তি পেতে হবে, এই ভয় যার মধ্যে প্রবল হবে, মৃত্যুর ভয় তার জন্য আল্লাহর রাস্তায় বেরিয়ে পড়তে বাধা হবে না, দীনের জন্য কদম বাড়ানো, বড়ো বড়ো কুরবানী আর বড়ো বড়ো পদক্ষেপ গ্রহণ করতে মোটেও কঠিন হবে না। বরং তখন সে এরকম না করাকে 'মুনাফেকীর আলামত' মনে করবে।

আল্লাহ তাআলা ইরশাদ করেন, "৩৮. হে ঈমানদারগণ! এ কি হলো তোমাদের! যখন তোমাদের আল্লাহ তায়ালার পথে (কোনো অভিযানে) বের হতে বলা হয়, তখন তোমরা (মৃত্যুর ভয়ে) যমীন আঁকড়ে ধরো; তোমরা কি আখেরাতের (স্থায়ী কল্যাণের) তুলনায় (এ) দুনিয়ার (অস্থায়ী) জীবনকে নিয়েই বেশি সন্তুষ্ট? (অথচ) পরকালে (হিসাবের মানদন্ডে) দুনিয়ার মালসামানা নিতান্তই কম। ৩৯. তোমরা যদি (তাঁর পথে) না বের হও, তাহলে (এ জন্যে) তিনি তোমাদের কঠিন শাস্তি দিবেন এবং তোমাদের অন্য এক জাতি দ্বারা বদল করে দিবেন, তোমরা তার কোনই অনিষ্ট সাধন করতে পারবে না, আল্লাহ তাআলা সব কিছুর উপর ক্ষমতাশীল।" (০৯ সূরা তাওবা: ৩৮-৩৯)

৫.সাহাবায়ে কেরাম ও সলফে সালেহীনদের আদর্শ ভুলে যাওয়াঃ

একটি জাতির জন্য এটি অত্যন্ত পরিতাপ ও আফসোসের বিষয় যে, সে তার পূর্বপুরুষদের আদর্শ ভুলে যায়। হায়! আজ আমরা মুসলমানরা সাহাবায়ে কেরামের আদর্শ ভুলে গিয়েছি। তাদের বীরত্ব, ইসলামের জন্য তাদের ত্যাগ, আল্লাহ ও তাঁর রাসূলের মহব্বতের যে অনুপম দৃষ্টান্ত তারা দুনিয়ার বুকে কায়েম করেছিলেন আমরা সে কথা ভুলে গিয়েছি। যে জাতির একজন পুরুষের নাম শুনে সারা পৃথিবী থরথরে কাঁপত, সে জাতির আজ কী নাজেহাল অবস্থা! এখন সময় এসেছে জেগে উঠার, হায়দারী হাঁকে গর্জে উঠার, সাইফুল্লাহর তরবারির খাপ উন্মুক্ত করার, বাতিলের রক্তের নদী প্রবাহিত করার, আর ঘুম নয় বন্ধু, জেগে ওঠো!

মুমিনের জন্য মৃত্যুই উত্তমঃ

এ প্রসঙ্গে রাসূলুল্লাহ ﷺ ইরশাদ করেন, " মানুষ বেঁচে থাকাকে প্রিয় মনে করে, অথচ মৃতুই ছিল তার জন্য শ্রেয়।" (বায়হাকী)

কোন কোন বর্ণনায় আছে যে, রাসূলুল্লাহ ﷺ মৃত্যুকে আল্লাহ তাআলার পক্ষ হতে মুমিনের জন্য তোহফা তথা হাদিয়া আখ্যা দিয়েছেন। (মিশকাত)

তিনি ﷺ আরো বলেন, "মানুষ মৃত্যুকে অপছন্দ করে থাকে। অথচ দুনিয়ার ঝামেলা থেকে মৃত্যুই শ্রেয়। যত তাড়াতাড়ি মৃত্যু লাভ করা যায়, তত তাড়াতাড়ি দুনিয়ার ঝামেলা থেকে মুক্তি পাওয়া যায়।" (আহমাদ)

হযরত আনাস রদিয়াল্লহু আনহু বর্ণনা করেন যে, রসূলুল্লাহ বলেছেন, "মানুষ দুনিয়া থেকে ইন্তিকাল করার দৃষ্টান্ত হলো, যেমন শিশু মায়ের (সংকীর্ণ ও অন্ধকার) পেট থেকে বের হয়ে (সুবিশাল ও আলোকিত) শান্তিময় দুনিয়ায় এসে পড়ে।" (হাকীমে তিরমিযী)

মোটকথা মুমিনের জন্য মৃত্যু খুবই উত্তম বিষয়। তবে শর্ত হলো যে, নেককার হতে হবে এবং আল্লাহ তাআলার সাথে সুসম্পর্ক থাকতে হবে।

একবার হযরত আবু হুরাইরা রদিয়াল্লহু আনহু কোনো এক পথিককে জিজ্ঞাসা করলেন, ভাই কোথায় যাচ্ছ? উত্তরে সে বলল, বাজারে যাওয়ার আশা রাখি। হযরত আবু হুরাইরা রাদিয়াল্লহু আনহু বললেন, ভাই সম্ভব হলে আমার জন্য মৃত্যু কিনে নিয়ে এসো। অর্থাৎ তিনি বুঝাতে চেয়েছেন যে, এ দুনিয়াতে আর আমি থাকতে চাই না। টাকার বিনিময়ে পাওয়া গেলেও মৃত্যু ক্রয় করে নিতে চাই।

হযরত খালেদ বিন মাযান রদিয়াল্লহু আনহু বলতেন, কেউ যদি বলতো যে, সর্বপ্রথম অমুক বস্তুটি যে ছুইতে পারবে, সে তখনই মৃত্যুবরণ করবে; তাহলে আমার আগে তা কেউই ছুইতে পারবে না। অবশ্য কেউ যদি আমার চেয়ে বেশি দৌড়াতে পারে এবং আমার আগেই তথায় পৌঁছে যেতে পারে তবে তা ভিন্ন কথা। (শরহুছছুদুর)

হে আল্লাহ! তুমি আমাদের অন্তরে মৃত্যুর মহব্বত পয়দা করে দাও এবং মৃত্যুকে তোমার দীদার ও তোমার সাথে মিলনের মাধ্যম বানাও। আমীন।

জান্নাতের স্বপ্নিল ভুবন

চলো বন্ধু! মুমিনের প্রতিশ্রুত ঠিকানা জান্নাতের গল্প শুনা যাক। জান্নাত অবশ্যই মানব কল্পনার উর্ধ্বে। তার সৌন্দর্য বর্ণনাতীত। সেই সৌন্দর্যের কল্পনা মানব চিন্তাশক্তির বহু উপরে। জান্নাতের একটি খড়কুটো রাখার পরিমাণ স্থান লাভ করাও দুনিয়া ও তন্মধ্যকার সকল বস্তু অপেক্ষা উত্তম। আল্লাহ তাআলা ইরশাদ করেন,

فَلَا تَعْلَمُ نَفْسٌ مَّآ أُخْفِىَ لَهُم مِّن قُرَّةِ أَعْيُنٍ جَزَآءًۢ بِمَا كَانُوا۟ يَعْمَلُونَ

“কেউই জানে না তাদের জন্য নয়নপ্রীতিকর কী লুকায়িত রাখা হয়েছে তাদের কৃতকর্মের পুরস্কারস্বরূপ।” (সূরা সাজদাহ ৩২:১৭)

বন্ধুরা! হাদীসে এসেছে, “জান্নাতে এমন সব বস্তু থাকবে যা কোনো চোখ কখনো দেখেনি, কোনো কান কোনোদিন শুনে নি, যার চিন্তা কোনো মানব হৃদয়ে কোনোদিন উদিত হয়নি।” (বুখারী খন্ড ১, পৃ.৪৬০, মুসলিম খ. ২, পৃ. ৩৭৮)

জান্নাত লাভের প্রস্তুতি গ্রহণকারী কেউ কি নেই? জান্নাত তো এমন স্থান, যাতে কোনো বিপদের আশংকা নেই।

কাবার প্রভুর শপথ! জান্নাতে রয়েছে প্রদীপ্ত জ্যোতি, প্রবহমান নদী, সুরভি বিচ্ছুরণকারী ফুল, পাকা ফল ও অপরূপা, সুদর্শনা, সুন্দরী রমণী, আছে বস্ত্র-সম্ভার, সবুজ শ্যামল নকশী চাদর, চিরস্থায়ী নিবাস, শান্তিময় ও নিরাপদ আবাস, সুরম্য মযবুত অট্টালিকা, আরো কতো নিয়ামতরাজি! জান্নাতের জন্য মর্যাদার বিষয় হলো, তা পেতে হলে ‘জান্নাতের একমাত্র মালিক’ আল্লাহর কাছেই হাত পাততে হয়। কত মর্যাদাবান ও মহিমান্বিত

সে স্থান, যেখানে আল্লাহ তাআলা তাঁর হাত মুবারক দ্বারা গাছ রোপণ করেছেন এবং যা তাঁর বন্ধুদের অবস্থানস্থল হিসেবে নির্ধারণ করেছেন। তাঁর রহমত, দয়া, করুণা ও সন্তুষ্টি দ্বারা পূর্ণ করে দিয়েছেন। তার গুণাগুণ ও বৈশিষ্ট্য বর্ণনায় বলেন, তা লাভ করা অত্যন্ত কল্যাণ ও সৌভাগ্যের বিষয়। সেখানে যে একবার প্রবেশ করবে অনন্তকালের জন্য, চিরদিনের জন্য প্রবেশ করবে। তার রাজত্ব হলো বিশাল রাজত্ব। সকল প্রকার কল্যাণ ও মঙ্গল তাতে গচ্ছিত রাখা হয়েছে এবং সকল প্রকার দোষ-ত্রুটি ও বিপদ-আপদ হতে তাকে পবিত্র রাখা হয়েছে।

বন্ধু! যদি তুমি তার মাটি সম্পর্কে জানতে চাও, তবে জেনে নাও, তার মাটি হবে কস্তুরির ও যাফরানের।

যদি তার ছাদ সম্পর্কে জানতে চাও, তবে জেনে রাখ, তার ছাদ হবে আল্লাহর আরশ।

যদি তুমি তার বিছানা সম্পর্কে জানতে চাও, তবে জেনে নাও, তার বিছানা হল সুবাস ছড়ানো কস্তুরি।

যদি তার পাথর কণা সম্পর্কে জানতে চাও, তবে জেনে নাও, তা হলো মুক্তা।

যদি তার অট্টালিকা সম্পর্কে জানতে চাও, তবে জেনে নাও, তার একটি ইট হবে স্বর্ণের, আরেকটি ইট হবে রৌপ্যের।

যদি তার তাঁবু ও গম্ভুজ সম্পর্কে জানতে চাও, তবে জেনে নাও, তার তাঁবু হবে ষাট মাইল দীর্ঘ ফাঁপা, মুক্তা দ্বারা নির্মিত।

যদি তার গাছ সম্পর্কে জানতে চাও, তবে জেনে নাও, তার প্রত্যেকটি গাছের কাণ্ড হবে স্বর্ণ ও রৌপ্যের, কাঠের নয়।

যদি তার ফল সম্পর্কে জানতে চাও, তবে জেনে নাও, তার ফল হবে মটকার ন্যায় বৃহদাকারের ও পনীর অপেক্ষা অধিক কোমল এবং অমৃত অপেক্ষা অধিক মিষ্ট।

যদি তার পাতা সম্পর্কে জানতে চাও, তবে জেনে নাও, তার পাতা হবে সূক্ষ্ম কাপড়ের জোড়া হতেও অত্যাধিক সুন্দর।

যদি প্রবাহিত মৃদু সমীরণের ফলে বৃক্ষের পল্লব হতে সৃষ্ট সুর সম্পর্কে জানতে চাও, তবে জেনে নাও, তা হবে সুমিষ্ট সুরেলা আওয়ায, যা শ্রোতাদের বিমুগ্ধ ও আবিষ্ট করবে।

যদি তার গাছের ছায়া সম্পর্কে জানতে চাও, তবে জেনে নাও, সেখানে এমন এক গাছ রয়েছে, যার ছায়ায় দ্রুতগামী আরোহী একশত বছরে ভ্রমন করেও তা অতিক্রম করতে সক্ষম হবে না।

যদি তার নদীসমূহ সম্পর্কে জানতে চাও, তবে জেনে নাও, তাতে এমন দুধের নহর রয়েছে, যার স্বাদ কখনো বিকৃত হবেনা। এছাড়াও আছে মধুর নহর। এমন খাঁটি শরাবের নহর রয়েছে, যা পানে পানকারী পরিতৃপ্ত হয়, কখনো মাতাল হয়না। ও তাতে স্বচ্ছ অমৃতের নহর রয়েছে। তুমি যখন যেদিকে ইচ্ছা তাদেরকে প্রবহমান করতে পারবে।

যদি তার খাদ্য সম্পর্কে জানতে চাও, তবে জেনে নাও, তা হবে জান্নাতীদের নিজস্ব পছন্দমত ফল ও তাদের রুচিসম্মত পাখির গোশত। সেখানে তোমাকে রান্না করতে হবে না। উড়ন্ত পাখি দেখে তোমার

আহারের চাহিদা হলেই তা ভুনা হয়ে তোমার সামনে উপস্থিত হবে। সেখানে তোমার মলমূত্রের ঝামেলা নেই। একটি ঢেকুর তুললেই সব হজম হয়ে যাবে।

যদি তার পানীয় সম্পর্কে জানতে চাও, তবে জেনে নাও, তার পানীয় হবে অমৃত সুধা, আদ্রক ও কর্পূরের।

যদি তার বাসন পত্র সম্পর্কে জানতে চাও, তবে জেনে নাও, তা হবে আরশির ন্যায় স্বচ্ছ স্বর্ণ-রৌপ্যের।

যদি তার দরযার প্রশস্ততা সম্পর্কে জানতে চাও, তবে জেনে নাও, তার দরযার দু'কপাটের মধ্যে চল্লিশ বছরের দূরত্বসম ব্যবধান থাকবে। তবে এমন একদিন আসবে, যেদিন প্রচণ্ড ভীড়ের দরুন তাকে রুদ্ধ দ্বারের ন্যায় মনে হবে।

যদি তার প্রশস্ততা সম্পর্কে জানতে চাও, তবে জেনে নাও, তার সর্বনিম্ন স্তরের ব্যক্তির লাভকৃত স্থানের পরিধিও দশ দুনিয়ার সমান হবে এবং তা এ পরিমাণ বিশাল হবে যে, তার রাজত্ব, সিংহাসন, প্রাসাদ ও উদ্যানে দ্রুতগামী আরোহী দু'হাজার বছর ভ্রমন করেও তা অতিক্রম করতে সক্ষম হবে না।

যদি তার উচ্চতা সম্পর্কে জানতে চাও, তাহলে আকাশের প্রান্তে উদিত বা অস্তমিত নক্ষত্রের প্রতি দৃষ্টি দাও, যা দৃষ্টিসীমার বহু উর্ধ্বে।

যদি তার অধিবাসীদের পোশাক সম্পর্কে জানতে চাও, তবে জেনে নাও, তা হবে রেশম ও স্বর্ণ দ্বারা তৈরী।

যদি তার বিছানা সম্পর্কে জানতে চাও, তবে জেনে নাও, তার বিছানার চাদর হবে পুরু রেশমের, যা উঁচু স্থানে বিছানো থাকবে।

যদি তার খাট সম্পর্কে জানতে চাও, তবে জেনে নাও, তার খাট হবে রাজকীয় খাট, তার উপর স্বর্ণের বোতাম বিশিষ্ট মশারি থাকবে। যাতে কোনো ছিদ্র থাকবে না।

সেখানে তোমার চেহারা কেমন হবে যদি সে সম্পর্কে জানতে চাও, তবে জেনে নাও, তোমার মুখমণ্ডল হবে পূর্ণিমার রাতের চাঁদের মতো। তাছাড়া সেখানে একটি বাজার আছে, সেখানে অনেক সুন্দর, সুদর্শন চেহারার ছবি থাকবে, তুমি যেমনটি চাবে তোমার চেহারা তেমনি করে দেয়া হবে।

যদি তুমি সেখানে তোমার বয়স কেমন হবে সে সম্পর্কে জানতে চাও, তবে জেনে নাও, সেখানে তুমি হবে ৩৩ বছরের তরুণ এবং তোমার অবয়ব হবে আদি পিতা হযরত আদম আলাইহিস্ সালামের অবয়বের ন্যায়।

যদি তার সঙ্গীত সম্পর্কে জানতে চাও, তবে জেনে নাও, সেখানে হূরে ঈ’ন সংগীত গাবে। ফিরিশতা ও আম্বিয়ায়ে কিরামের সুর আরো সুমিষ্ট হবে আর আল্লাহ তাআলা জান্নাতীদেরকে যে সম্বোধন করবেন, তা পূর্বের সবকিছু অপেক্ষা অধিক সুমিষ্ট হবে।

যদি তুমি জান্নাতীদের বাহন সম্পর্কে জানতে চাও, যার উপর আরোহণ করে তারা পরস্পরে সাক্ষাৎ করবে, তবে জেনে নাও, তা হবে অত্যন্ত উন্নত জাতের অশ্ব। যেখানে তারা চাইবে সেগুলো তাদেরকে চোখের পলকে সেখানে নিয়ে যাবে।

যদি তাদের অলংকার সম্পর্কে জানতে চাও, তবে জেনে নাও, তাদের অলংকার হবে মুক্তাখচিত স্বর্ণের কংকণ আর তাদের মাথায় মুকুট থাকবে।

যদি তাদের সেবার জন্য নিয়োজিত সেবকদের সম্পর্কে জানতে চাও, তবে জেনে নাও, তাদের সেবক হবে বিক্ষিপ্ত মুক্তা সদৃশ চির কিশোর।

বন্ধু! তুমি কি জান, জান্নাতের সবচেয়ে বড় ও মহান নিয়ামতটি কি? সবচেয়ে উপভোগ্য ও আনন্দের বিষয়টি কি?

হ্যাঁ, সেটি হলো আমাদের মহান প্রভু আল্লাহ রাব্বুল আলামীনের দীদার (দর্শন)। জান্নাত প্রত্যাশীদের এটিই চূড়ান্ত লক্ষ্য। জান্নাত প্রত্যাশাকারীদের এটিই প্রত্যাশা করা উচিত। অগ্রগামীদের এরই প্রতি অগ্রগামী হওয়া উচিত। আমলকারীদের এ উদ্দেশ্যেই আমল করা চাই। জান্নাতীরা এ নিআমত লাভ করার পর জান্নাতের অন্য সকল নিআমতের কথা ভুলেই যাবে। এ নিআমত থেকে বঞ্চিত হওয়াই জাহান্নামীদের সর্বাপেক্ষা কঠিন শাস্তি।

সেদিন কেমন হবে, যেদিন একজন ঘোষক ঘোষণা করবে, হে জান্নাতবাসীরা! তোমাদের প্রভু তোমাদেরকে দর্শন দিবেন, সুতরাং তোমরা তার দর্শন লাভে এসো। তারা বলবে, আমরা শুনলাম ও আনুগত্য করলাম। তারা ক্ষিপ্রগতিতে আল্লাহ তাআলার দর্শন লাভের জন্য প্রস্তুত হবে। তারা অত্যন্ত দ্রুত গতিসম্পন্ন ঘোড়ায় চড়ে 'আফীহ' প্রান্তরে পৌঁছবে আর সেখানেই তারা সকলে সমবেত হবে।

আল্লাহ তাআলা তখন কুরসী রাখার নির্দেশ দিবেন। তা তখন সেখানে রাখা হবে। জান্নাতীদের জন্য সেখানে নূরের মুক্তার পোখরাজ ও স্বর্ণের

মিম্বর স্থাপন করা হবে। সর্বনিম্ন স্তরের জান্নাতী ব্যক্তিও সেদিন কস্তুরির টিলায় বসবে। সে অন্যদেরকে নিজের তুলনায় অধিক নেআমত লাভকারী মনে করবে না; স্বস্তির সাথে বসবে। তারা সে হালতে থাকা অবস্থায়ই একটি নূর প্রলম্বিত হতে দেখবে। তখন তারা মাথা উঠিয়ে দেখবে, আল্লাহ তাআলা উপর থেকে জান্নাতীদেরকে ঝুঁকে দেখছেন (তাঁর শান মোতাবেক)। এরপর বলবেন, হে জান্নাতীরা! তোমাদের প্রতি শান্তি! জান্নাতীরাও এমন ভাষায় জবাব দিবে, যার চেয়ে সুন্দর আর জবাব হতে পারে না-

اللهم انت السلام و منك السلام- تباركت ذو الجلال والاكرام

"হে আল্লাহ! আপনিই শান্তি, শান্তি আপনার পক্ষ হতেই। হে মহৎ ও মহান! তোমার সত্তা কতইনা মহান।"

আল্লাহ তাআলা তাঁর বড়ত্বের পর্দা সরিয়ে তাদের সামনে হাস্যোজ্জ্বল অবস্থায় দৃশ্যমান হবেন। আজ হলো ইয়াওমুল মাযীদ (অতিরিক্ত প্রতিদান প্রাপ্তির দিন)। সেদিন আল্লাহ তাআলার নূর জান্নাতীদেরকে আচ্ছন্ন করে রাখবে। যদি তাদেরকে ভস্মীভূত না করার ফয়সালা হত, তবে সকলে ভস্মীভূত হয়ে যেত। আহ্! সেদিন কী শ্রুতিমধুর বাক্যালাপ ও মধুময় আলোচনা হবে আমার রবের সাথে! মহান প্রভুর দীদার আর তাঁর সাথে কথোপকথনে তনু-মনে সে কী আলোড়ন সৃষ্টি হবে! আফসোস সে সকল লোকদের জন্য, যারা লাঞ্ছনাময় ক্ষতিগ্রস্ততার সওদা নিয়ে প্রভু মহানের দরবারে উপস্থিত হবে। "সেদিন কিছু মুখমণ্ডল উজ্জ্বল হবে, তারা তাদের প্রতিপালকের দিকে তাকিয়ে থাকবে। আর কিছু মুখমণ্ডল বিবর্ণ হয়ে

পড়বে, আশংকা করবে যে, এক ধ্বংসকারী বিপর্যয় তাদের উপর আপতিত হবে।” (সূরা কিয়ামাহ: ২২-২৫)

এসো হে বন্ধু! এসো তুমি চিরস্থায়ী উদ্যানে, এটাই তোমার উত্তম গন্তব্য, তাতে রয়েছে তোমার প্রভুর দীদার আর তাঁবুতে অপেক্ষমান সুরক্ষিতা হূর। কিন্তু আমরা তো হলাম শত্রুর বন্দিশালায় আবদ্ধ, তবে কি তুমি মনে কর, তুমি শয়তানের কারাগার হতে মুক্ত হয়ে গন্তব্যে পৌঁছতে পারবে?

ওহ্হো, বন্ধু! একটা বিষয় বাদ পড়ে গেল, বলতো সেটি কি? জান্নাতী স্ত্রীদের বর্ণনা, হূরে ঈ’নদের বর্ণনা। দুঃখিত বন্ধু! চলো সামনে অগ্রসর হই।

হুরে ঈ’নের প্রেমিকরা কোথায়?

বন্ধুরা! আপনাদেরকে এখন নিয়ে যাবো জান্নাতের পরম রোমান্টিক এক জগতে। প্রত্যেক যুবকেরই যার আশা করা উচিত এবং এর জন্য জীবন দিয়ে হলেও প্রতিযোগিতায় নেমে পড়া উচিত। তার আগে-

যে সত্তা আমাদেরকে এর সুসংবাদ দিয়েছেন তাঁর বড়ত্ব, মহত্ত্ব, সত্যবাদিতার ব্যাপারে চিন্তা করে দেখুন। এমনি ভাবে সে সত্ত্বার কথাও চিন্তা করুন, যাকে আমাদের নিকট এ সুসংবাদ দিয়ে প্রেরণ করেছেন এবং সে বস্তুর সংবাদ দিয়েছেন তার পরিমাণের ব্যাপারেও চিন্তা করে দেখুন, আল্লাহ তাআলা সামান্য বস্তুর বিনিময়েই আমাদের জন্য এ মহান নিয়ামত

লাভের ব্যবস্থা করেছেন। আর এই সুসংবাদ কোথায় দেয়া হয়েছে? কুরআন কারীমে। কুরআন কারীমের সত্যতার উপর কারো কোনো সন্দেহ থাকতে পারে কি? আপনাদের কি মনে আছে-

"আল-কুরআনে এক অত্যাশ্চর্য সংখ্যাতাত্ত্বিক জটিল জাল পাতা রয়েছে যা অতি অভিনব, অতিশয় বিস্ময়কর এবং যে কোনো সৃষ্টির পক্ষে তা অনুকরণের ক্ষমতা বহির্ভূত। এটি "১৯" সংখ্যার সুদৃঢ় বুনন। এ সম্পর্কে রায় দিয়েছে সর্বাধুনিক কম্পিউটার। বিশ্বে পড়েছে এক বিপুল সাড়া। কুরআন কারীমে যে সব নিয়ম-কানুন-শৃঙ্খলা মানা হয়েছে, "১৯" সংখ্যার জটিল জালকে এঁটে দেয়া হয়েছে এর মধ্যে- তেমনিভাবে সমশব্দে সম বাক্যসংখ্যায় সমানসংখ্যক অক্ষরে একটি অনুরূপ বৈশিষ্ট্যের গ্রন্থ রচনার জন্য প্রয়োজন পড়ত ৬.২৬ × ১০^{২৬} বছর। কত এর মান উল্লিখিত সেপটিলিয়ন সংখ্যাটির? এর পরিমাপ ভাষায় প্রকাশ করা সুকঠিন এবং তা অনুধাবনের অনেক বাইরে। সংখ্যাগতভাবে এর প্রকাশ ৬২৬,০০০,০০০,০০০,০০০,০০০,০০০,০০০,০০০ (৬২৬ এর পর ২৪ টি শূণ্য)। বর্তমানে পৃথিবীর বয়স মাত্র ৪৫০,০০০০০০০ (৪৫০ কোটি) বৎসর। আমরা যদি আজকের দুনিয়ার ৫০০ কোটি মানুষকে পৃথিবীর জন্মলগ্ন হতে নিরবচ্ছিন্নভাবে এই যামানার সকল প্রযুক্তি নিয়ে অনুরূপ একখানি গ্রন্থ লেখার কাজে নিয়োজিত বলে ধরে নেই, তবে উক্ত কম্পিউটার লব্ধ ফলাফল থেকে দেখা যায় যে, মানুষ জাতির এই মহাসম্মিলন প্রসূত কাজের অগ্রগতির মান হবে ৪৫০,০০০০০০০ × ৫০০,০০০০০০০ = ২২৫ × ১০^{১৭} কর্ম বছর যা সেপ্টিলিয়ন সংখ্যাটির একশ কোটি ভাগের মাত্র ৩৫ ভাগের সমান, যা হিমালয়ের পাদদেশে ছোট্ট

একটি নুড়ির মত তুল্য হবে। আর এ প্রকল্পের শর্ত হলো এই যে, প্রতিটি মানুষেরই আয়ুষ্কাল ৪৫০ কোটি বছর হওয়া বাঞ্ছনীয় এবং এই সময়ের মাঝে তারা অন্য কোনো কাজ করতে পারবে না। সুব্হানাল্লাহ!!!

(এই সম্পর্কে আমি আমার প্রথম কিতাবে বিস্তারিত আলোচনা করেছি।)

মনে হয় আজকের কম্পিউটার শুধু এই সত্যই আবিষ্কার করেছে, যেই চ্যালেঞ্জ মানবজাতিকে ছুড়ে দেয়া হয়েছিল ১৪০০ বছর পূর্বে-

"(হে মুহাম্মাদ) বল, যদি এই কুরআনের অনুরূপ গ্রন্থ রচনার উদ্দেশ্যে মানবকুল ও জ্বীন জাতি সমবেত হয় পরস্পর পরস্পরের সহযোগিতায়, তবু তারা তা সম্ভব করতে পারবে না।" (১৭ সূরা বনী ইসরাঈল :৮৮)।

"বল, আমার প্রভুর বাণীসমূহ লিখার জন্য সমুদ্র যদি কালি হয়, তবুও আমার প্রভুর বাণীসমূহ শেষ হওয়ার পূর্বে সমুদ্র শেষ হয়ে যাবে, যদিও অনুরূপ আরো অন্যান্য সমুদ্রকে সাহায্যের জন্য আনয়ন করা হয়।" (১৮ সূরা কাহাফ: ১০৯)।

বন্ধুরা! আসমানী এই গ্রন্থেই বর্ণিত হয়েছে এবং মুমিনদের সুসংবাদ দেয়া হয়েছে-

- "যারা ঈমান আনে ও সৎকর্ম করে তাদেরকে সুসংবাদ দাও, তাদের জন্য রয়েছে জান্নাত, যার তলদেশে নদী প্রবাহিত। যখনই তাদেরকে ফলমূল খেতে দেয়া হবে, তখনই তারা বলবে, আমাদেরকে পূর্বে জীবিকা রূপে যা দেওয়া হতো এ তো তাই; তাদেরকে অনুরূপ ফলই দেয়া হবে। সেখানে তাদের জন্য পবিত্র সঙ্গিনী থাকবে। তারা সেখানে স্থায়ী হবে।" (সূরা বাকারা ২:২৫)

- “মুত্তাকীরা থাকবে নিরাপদ স্থানে, উদ্যান ও ঝর্ণার মাঝে। তারা পরিধান করবে মিহি ও পুরু রেশমী বস্ত্র এবং মুখোমুখি হয়ে বসবে। এরূপই ঘটবে; আমি তাদেরকে সঙ্গিনী দান করব আয়তলোচনা হূর।” (সূরা দুখান ৪৪:৫১-৫৪)
- “(জান্নাতের নেয়ামতরাজির মধ্যে) রয়েছে বহু আনত নয়না হুর, যাদেরকে পূর্বে কোনো মানুষ বা জিন স্পর্শ করেনি। সুতরাং তোমরা উভয়ে তোমাদের প্রতিপালকের কোন্ কোন্ অনুগ্রহকে অস্বীকার করবে। প্রবাল ও পদ্মরাগ সদৃশ রমণীগণ।” (সূরা আর রহমান ৫৫: ৫৬-৫৯)
- “তথায় (জান্নাতে) থাকবে আনতনয়না হুরগণ, আবরণে রক্ষিত মোতির ন্যায়।” (সূরা ওয়াকিয়াহ ৫৬: ২২-২৩)
- “সেখানে থাকবে সচ্চরিত্রা সুন্দরী রমণীগণ।...তাবুতে অবস্থানকারিণী হুরগণ। (সূরা আর রহমান ৫৫: ৭০,৭২)
- “আমি জান্নাতী রমণীগণকে বিশেষরূপে সৃষ্টি করেছি। অতঃপর তাদেরকে করেছি চিরকুমারী। কামিনী, সমবয়স্কা।” (সূরা ওয়াকিয়াহ ৫৬: ৩৫-৩৭)
- “পরহেযগারদের জন্য রয়েছে সাফল্য, উদ্যান, আঙ্গুর, স্ফীত বক্ষ বিশিষ্ট, পূর্ণযৌবনা তরুণী।” (সূরা নাবা ৭৮: ৩১-৩২)
- “এ বিষয়ে প্রতিযোগীদের প্রতিযোগিতা করা উচিত।” (সূরা আত্-তাতফীফ ৮৩:২৬)

হুরে ঈ'ন এর বর্ণনাঃ

কুরআন কারীমের বিভিন্ন আয়াত, অসংখ্য হাদীস এবং বুযুর্গানে দ্বীনের উক্তি হতে হূরের যে সকল বর্ণনা পাওয়া যায়, সেগুলোকে একত্র করে নিম্নে দেয়া হলো-

বন্ধু! তুমি কি হূরে ঈ'ন সম্পর্কে জানতে চাও?

- **"হুরে ঈ'ন"** বলা হয় সেই সকল সমবয়স্কা জান্নাতী স্ত্রীদের, যারা হবে সুন্দরী, রূপবতী, শুভ্র মুখাবয়ব বিশিষ্টা, কাজল কালো ডাগর ডাগর চক্ষুওয়ালা, যাদেরকে আল্লাহ তাআলা মুমিন পুরুষদের জন্য যাফরান দ্বারা বিশেষভাবে জান্নাতের অভ্যন্তরেই সৃষ্টি করেছেন, যাদেরকে দেখলে দৃষ্টি স্তম্ভিত হয়ে পড়ে, যার মুখমণ্ডলের আলোক, ঔজ্জ্বল্য ও বিভার দরুন তাদের চেহারার প্রতি (পার্থিব চক্ষু দ্বারা) দৃষ্টি দেওয়া যাবে না। যাদের চোখের সাদা অংশ পূর্ণরূপে সাদা এবং কালো অংশ পূর্ণরূপে কালো থাকবে। তাদের স্বচ্ছতা হবে শঙ্খের খোলসে অবস্থিত মুক্তার মত, যাকে কেউ স্পর্শ করেনি। তাদের শরীরের বর্ণ হবে পদ্মরাগ মণি ও প্রবাল সাদৃশ্য।
- তাদের গায়ের সত্তর জোড়া রেশমী পোশাকের অভ্যন্তর হতেও তাদের পায়ের গোড়ালির মজ্জা পরিলক্ষিত হবে।
- তারা হবে গোলাকৃতির স্ফীত বক্ষবিশিষ্ট তরুনী, তাদের স্তন পুষ্ট আনারের ন্যায় উদভিন্ন থাকবে, নিজের দিকে ঝুলন্ত থাকবে না।
- তাদের কোমল ত্বক ও রূপ-লাবণ্যের দরুন দৃষ্টি মুগ্ধ ও আবিষ্ট হয়ে পড়বে। তাদের প্রতি দৃষ্টি নিক্ষেপকারী তাদের হৃদয়ে আপন ছবি

দেখতে পাবে, যেমনিভাবে আয়নায় দেখতে পায়। জান্নাতী তার স্ত্রীর গণ্ডদেশে তাকালে তাতে নিজ মুখমণ্ডল আয়নার চেয়েও পরিষ্কার দেখতে পাবে।

- তারা হবে উত্তম গুণাবলিসম্পন্না, উন্নত চরিত্রওয়ালী, সুশীলা এবং কমনীয়া নারী, যারা একমাত্র স্বীয় স্বামীর দিকেই আপন দৃষ্টিকে নিবদ্ধ রাখবে। তারা তাদের হৃদয়ের মনিকোঠায় একমাত্র নিজ স্বামীর জন্য আসন নির্ধারিত করে রাখবে, নিজ স্বামীর জন্যই সংরক্ষিতা থাকবে, তারা স্বামী ছাড়া অন্য কারো প্রত্যাশা করবে না এবং স্বামী ব্যতিত অন্য কারো প্রতি দৃষ্টি নিক্ষেপ করবে না।
- তারা যখন এক প্রাসাদ হতে আরেক প্রাসাদে স্থানান্তরিত হবে, তখন মনে হবে, এক রবি আকাশের কক্ষপথে স্থানান্তরিত হচ্ছে।
- যদি কোনো জান্নাতী হূর পৃথিবীর দিকে ঝুঁকে দেখত কিংবা আকাশের নিচে তার হাত প্রসারিত করতো, তবে সমগ্র দুনিয়া সুগন্ধিতে সুরভিত হয়ে যেত, সমগ্র পৃথিবী আলোয় উদ্ভাসিত হয়ে যেত এবং সকল মানুষ সংজ্ঞা হারিয়ে ফেলত। সূর্য তার আভার সামনে ঠিক তেমনি মনে হতো যেমনিভাবে সূর্যের কিরণের সামনে চেরাগ/কুপিবাতি হয়। তার মাথায় ব্যবহৃত ওড়না দুনিয়া ও দুনিয়ার সকল বস্তু হতে উত্তম।
- জান্নাতের হুর যদি সাত সমুদ্রেও থুথু নিক্ষেপ করে, তবে তার মুখের মধুরতায় সমগ্র সমুদ্রের পানি মিষ্ট হয়ে যাবে।
- জান্নাতে এক প্রলম্বিত আলোকরশ্মি উদ্ভাসিত হলে জান্নাতীগণ মাথা উঠিয়ে দেখবে, তখন অনুসন্ধান করে তারা জানতে পারবে, এ হচ্ছে সে হূরের দাঁতের আলোকরশ্মি, যে আপন স্বামীর সাথে হাসছে।

- তাদেরকে জীন ও মানুষের কেউ কখনো ইতোপূর্বে সম্ভোগ করেনি।
- তারা মুক্তামালার তাঁবুতে অবস্থান করবে। তাদের প্রত্যেকের ভিন্ন ভিন্ন তাঁবু থাকবে। প্রত্যেক তাঁবুর চারটি দরজা থাকবে। প্রত্যহ প্রত্যেক দরযা দিয়ে ফিরিশতাগণ এমন সব উপহার ও সম্মাননা নিয়ে প্রবেশ করবে যা সে ইতোপূর্বে লাভ করেনি।

বলতো বন্ধু! একটি মেয়েকে কখন বেশি সুন্দর লাগে?

- জান্নাতের হুরদের মাঝে সৌন্দর্যের পরিপূর্ণতা শতভাগ বিদ্যমান থাকবে। যেমন:

  ক. নারীদের চারটি অঙ্গের সংকীর্ণতা পছন্দনীয়: মুখ, নাকের ছিদ্র, কানের ছিদ্র ও লজ্জাস্থান।

  খ. আর চারটি অঙ্গের প্রশস্ততা পছন্দনীয়: মুখমণ্ডল, বক্ষস্থল, উভয় কাঁধের মধ্যবর্তী স্থল ও কপাল।

  গ. আর চারটি অঙ্গের শুভ্রতা পছন্দনীয়: বর্ণ, মাথার সিঁথি, দন্ত এবং চোখের সাদা অংশ অত্যন্ত সাদা হওয়া।

  ঘ. আর চারটি অঙ্গের কৃষ্ণতা পছন্দনীয়: চোখের কালো অংশ অত্যন্ত কালো হওয়া, চোখের ভ্রূ, চোখের পলক ও চুল।

  ঙ. আর চারটি অঙ্গের দীর্ঘতা পছন্দীয়: দেহের উচ্চতা, ঘাড়ের দীর্ঘতা, চুলের দীর্ঘতা এবং আঙ্গুলের দীর্ঘতা।

  চ. আর চারটি অঙ্গের ন্যূনতা অর্থাৎ ছোট হওয়া পছন্দীয় (এটা বাহ্যিকতার দিক থেকে নয়, বরং তাৎপর্যতার দিক হতে): যবান (স্বল্পভাষী হওয়া), হাত (স্বামীর অপছন্দীয় বস্তু না স্পর্শ করা), পা (ঘর

হতে বাহির না হওয়া/পর্দা করা) ও চোখ (কোনো কিছুর প্রতি লোলুপ দৃষ্টি না দেয়া/ অল্পেতুষ্টি)।

ছ. আর চারটি অঙ্গের ক্ষীণতা (চিকন হওয়া) পছন্দনীয়: কোমর, মাথার সিঁথি, ভ্রূ এবং নাসিকা।

বল বন্ধু! সৌন্দর্যের এই পূর্ণতা পৃথিবীর কোনো নারীর মাঝে পাওয়া যাবে কি? সুতরাং এই সৌন্দর্য কোনো পার্থিব নারীর মাঝে তালাশ করা নিরর্থক ও বোকামী।

বন্ধু, তুমি কি জান, হূরে ঈ'নগণ হবে সকল অপবিত্রতা হতে মুক্ত হবে?

- সে সকল রমণীরা কখনো অস্থির ও চিন্তাক্লিষ্ট হবে না। (যেন তাদের স্বামীরা তাদেরকে দেখে চিন্তাক্লিষ্ট ও অস্থির না হয়ে পড়ে।) তাদের দীর্ঘ কথা বিরক্তিকর হবেনা, শ্রোতারা তাদের কথা সংক্ষিপ্ত করতে বলবেনা। বরং এমন স্বাদ ও তৃপ্তিময় কথা, গীত-সংগীত শ্রোতারা শুধু শুনতেই চাইবে। তাদের শরীর কখনো দুর্গন্ধযুক্ত হবে না এবং তাদের মুখ হতেও দুর্গন্ধ বের হবে না। তারা মাসিক ঋতুস্রাব, প্রসূতি পরবর্তী রক্তস্রাব, প্রস্রাব-পায়খানা, নাকের শ্লেষ্মা, থুথু ইত্যাদি সকল প্রকার ময়লা থেকে পবিত্র হবে এবং যাবতীয় মেয়েলী দোষ-ত্রুটি, কু-স্বভাবসমূহ থেকে মুক্ত হবে। তাদের বীর্য স্খলিত হবে না, মযীও বের হবে না। তারা সন্তানও জন্ম দিবে না। এক কথায় তারা হবে অনিন্দ্য সুন্দরী ও গুণবতী জান্নাতী স্ত্রী। তাদের পোশাক কখনো মলিন হবে না, তাদের রূপ-লাবণ্য কখনো হ্রাস পাবেনা। তাদের রূপে জান্নাতের প্রাসাদসমূহও আলোকোজ্জ্বল হয়ে যাবে।

বন্ধু! তুমি কি হূরে ঈ’ন অপেক্ষা সুন্দরী হূর চাও?

- জান্নাতে **লূ’বা** নামের কিছু হূর রয়েছে, যাদের সৌন্দর্যতা ও কমনীয়তা দেখে জান্নাতের অন্য সকল হূর বিস্ময়াভিভূত হয়ে পড়ে। তার রূপ-সৌন্দর্য নিয়ে অন্যান্য জান্নাতবাসী গৌরব করে থাকে। যদি জান্নাতবাসীদের ব্যাপারে আল্লাহ তাআলার এমন ফয়সালা না হত যে, তারা কখনো মৃত্যুবরণ করবে না, তবে তার সৌন্দর্যের ঔজ্জ্বল্য সহ্য করতে না পেরে অন্যরা মৃত্যুমুখে পতিত হতো।

হূরে ঈ’নগণতো তোমার জন্যই অপেক্ষা করছে....

- হূর জান্নাতের দ্বারে স্বীয় স্বামীদের সাথে সাক্ষাৎ করবে এবং বলবে, বহুকাল অতিবাহিত হয়ে গেল আমরা তোমার প্রতীক্ষায় প্রহর গুনছিলাম। আমরা সর্বদাই তোমার প্রতি সন্তুষ্ট থাকব, কখনো অসন্তুষ্ট হবো না। এবং সর্বদা এখানে অবস্থান করবো, কখনো এখান হতে অন্য কোথায়ও যাবো না এবং আমরা চিরকাল থাকব, কখনো মৃত্যুবরণ করবো না। তোমরা যত প্রকার স্বর শুনেছ তাদের স্বর তন্মধ্যে সর্বাপেক্ষা মিষ্ট হবে। সে বলবে, তুমি আমার প্রিয় আর আমি তোমার প্রেয়সী।

তুমি কি জান্নাতী রমণীদের গান-বাদ্য ও নৃত্য উপভোগ করতে চাও না?

- দুনিয়ার যেসব নারীরা জান্নাতে যাবে, তাদের মর্যাদা ও সৌন্দর্য হবে জান্নাতের হুরদের চেয়ে বেশি। যেমনিভাবে আবরণী বস্ত্র অপেক্ষা

আবরণীর বস্তুগুলো উত্তম। কেননা, দুনিয়াতে তারা নামায, রোযা, পর্দা, স্বামীর খেদমত করেছে, কষ্ট ভোগ করেছে, স্বামী আল্লাহর রাস্তায় জিহাদের জন্য বের হলে ধৈর্য ধারণ করেছে। জান্নাতে তাদের শরীরের বর্ণ হবে শুভ্র, রেশমী পোশাক হবে সবুজ, অলংকার হবে হলদে, সুগন্ধিময় ধোঁয়া নির্গত হবে (কাঠের পরিবর্তে) মুক্তা হতে এবং তাদের কাঁকন হবে স্বর্ণের। তারা এবং অন্যান্য হূরেরা গাইতে থাকবে- "আমরা চিরস্থায়ী; আমরা মৃত্যুবরণ করবো না। আমরা ঐশ্বর্যশালী; তাই আমরা কখনো দুরবস্থা ও দুঃখ দুর্দশার শিকার হবো না। আমরা সদা অবস্থান কারিনী; কখনো আমরা স্থানান্তরিত হবো না। আমরা সদা উৎফুল্ল ও সন্তুষ্ট থাকব, কখনো বিমর্ষ ও অসন্তুষ্ট হবো না। সৌভাগ্যবান সেই ব্যক্তি যার জন্য আমরা হবো আর যে হবে আমাদের জন্যে।"

- জান্নাতে একটি দীর্ঘ নদী রয়েছে, যার উভয় পার্শ্বে কুমারী মেয়েরা দাঁড়িয়ে থাকবে। তারা সুরেলা কণ্ঠে গীত গাইবে। মানুষ যখন শুনবে, তারা তখন তাতে এমন স্বাদ ও তৃপ্তি পাবে, যা তারা জান্নাতের অন্য কোনো বস্তুতে পায়নি।

হূরে ঈ'নদের সাথে সহবাসের মুহূর্তটি কেমন হবে বলতো বন্ধু?

- তারা হবে স্বামী সোহাগিনী, সহবাসের সময় স্বামীর সামনে উত্তম ভঙ্গিতে শয়নকারিনী ও নম্রতা প্রদর্শনকারিনী। প্রত্যেক স্ত্রীর যোনি হবে অত্যন্ত কামোত্তেজনাপূর্ণ। তারা হবে স্বামীর প্রতি আসক্ত, অনুরক্ত, আদরিনী, চিত্তমুগ্ধকারিনী, মিষ্টভাষী, সাজ-সজ্জাকারিনী, তারা হবে মনমোহিনী, অত্যন্ত কামোদ্দীপ্ত ও কামিনী। তাদের অঙ্গ-প্রত্যঙ্গে যৌনরস ধাবমান থাকবে। যখন সে আলিঙ্গন করবে তখন সে দৃশ্য

কতই না চমৎকার হবে, যখন সে চুম্বন করবে, তখন তাদের কাছে সে চুম্বন অপেক্ষা তৃপ্তিদায়ক ও উপভোগ্য আর কিছুই হবে না।

- জান্নাতী ব্যক্তির অন্যতম মধুরতম প্রত্যাশা হবে সে সকল রমণীদের মিলন। তারা কুমারী হুরদের সাথে স্ত্রী-সহবাস করবে এবং ধাক্কা দেওয়ার ন্যায় লাফিয়ে লাফিয়ে, পশ্চাতে সরে সরে পূর্ণ শক্তিতে সহবাস করবে। সে ব্যক্তি যখন হূরের নিকট হতে চলে আসবে তখন সে হূর পূর্বের ন্যায় পবিত্র ও কুমারী হয়ে যাবে। জান্নাতী পুরুষরা এমন পুরুষাঙ্গ দ্বারা সহবাস করবে যাতে কোনো প্রকার নিস্তেজভাব থাকবে না এবং ক্লান্তি আসবে না এবং কামভাব এমন হবে যা কখনো দমে যাবে না, শেষ হবে না এবং ধাক্কা দেওয়ার ন্যায় পূর্ণ শক্তিতে সহবাস করবে। কিন্তু স্বামী ও স্ত্রী কারোরই বীর্যপাত হবে না। ফলে তাদের গোসল ও পবিত্রতার প্রয়োজন হবে না। কামোত্তেজনা তাদের শরীরে সত্তর বছর পর্যন্ত ঘূর্ণন করবে এবং এর দ্বারা সে তৃপ্তি উপভোগ করবে। সঙ্গম তার একমাত্র স্বাদ ও তৃপ্তি লাভের জন্যই হবে। এটি এমন এক নিয়ামত, যাতে কখনো বিপদ আসবে না। মানুষের মধ্যে সফলকাম এবং পুণ্যবান সেই ব্যক্তি যে এ পার্থিব জগতে নিজেকে হারাম থেকে বাঁচিয়ে রাখতে সক্ষম হবে, নিচের চোখের হেফাযত করবে, গুনাহ করবে না, আল্লাহ তাআলা তার জন্য যা হালাল করেছে তা নিয়ে সে সন্তুষ্ট থাকবে।

- প্রত্যেক পুরুষকে একশজন পুরুষের যৌনশক্তি দেয়া হবে, তার পুরুষাঙ্গ নিস্তেজহীন অবিরাম শক্তিধর হবে। ফলে একজন জান্নাতী দিনে কমপক্ষে একশতবার কুমারী সহবাস করতে পারবে। প্রতিবার সহবাসের পর পরই স্ত্রীর যোনি কুমারীর ন্যায় হয়ে যাবে।

তুমি কতজন হূর চাও বন্ধু?

- প্রত্যেক জান্নাতীকে দুই থেকে বাহাত্তর বা তদোর্ধ্ব সংখ্যক হুর দেয়া হবে। এদের মধ্যে দুই জন হবেন দুনিয়ার স্ত্রীলোক, বাকীরা হবেন জান্নাতী হুর। এক হাদীসে এসেছে, **প্রত্যেক জান্নাতী চার হাজার কুমারী, আট হাজার বিধবা ও এক শত হূরে-ঈ'ন বিবাহ করবে। (সুব্‌হানাল্লাহ্‌)**
- একটি মেঘমালা জান্নাতীদের নিকট দিয়ে অতিক্রম করবে এবং জান্নাতীদের লক্ষ্য করে বলবে, তোমরা কে কোন্‌ বস্তুর বৃষ্টি চাও? তখন তারা যে বস্তুর বৃষ্টি প্রত্যাশা করবে সে বস্তুর বৃষ্টিই বর্ষিত হবে। তখন অনেক জান্নাতী মেঘমালাকে সুদর্শনা, সুসজ্জিতা, কমনীয়া কুমারী বর্ষণ করতে বলবে।
- জান্নাতে বাইদাখ নামক এক নদী আছে। তার উপরে পদ্মরাগমণির গম্বুজ রয়েছে এবং তার তলদেশের মৃত্তিকা হতে হূর সৃষ্টি করা হয়। জান্নাতীগণ বলবে, আমাদেরকে বাইদাখ নদীর কাছে নিয়ে চল। তখন তারা সেখানে এসে সে সকল কুমারীর প্রতি অত্যন্ত গভীর দৃষ্টি দিবে। তাদের কারো সে কুমারীদের কাউকে পছন্দ হলে তার হাতের কব্জি স্পর্শ করলেই তার পেছনে পেছনে চলে আসবে।

[সূত্র: ইমাম কায়্যিম জাওযিয়্যাহ রহ. রচিত حادي الأرواح الى بلاد الأفراح কিতাব হতে সংকলিত]

হুরের বয়ান কেন করা হলো?

'মুসলিম যুবশক্তি' ইসলামের একটি বড় শক্তি, বিশাল বাহুবল। মুসলিম যুবসমাজ যতদিন আল্লাহ তাআলাকে চিনেছে, দুনিয়াকে চিনেছে, জীবন-মৃত্যুর হাকীকত অনুধাবন করেছে, আল্লাহ তাআলাকে সন্তুষ্টি করতে শাহাদাতের তামান্না নিয়ে হুরে ঈ'নের আশেক হয়ে ময়দানে ঝাঁপিয়ে পড়েছে, নিজের বুকের তাজা রক্ত আল্লাহর রাহে ঢেলে দিয়েছে, ততোদিন পর্যন্ত ইসলাম পৃথিবীতে কর্তৃত্ব করেছে। মুসলমানদের দিকে কেউ কখনো চোখ তুলে তাকাতে সাহস পায়নি। বাতিল বারবার হতাশ হয়ে ঘরে ফিরে গিয়েছে। কারণ তারা বুঝতে পেরেছিল, একজন মুসলিম নারীকে উত্যক্ত করার ফলাফল দাঁড়াবে, লাখো মুহাম্মাদ বিন কাসীমের আবির্ভাব। কিন্তু হায়! আজ মুসলিম যুবকরা কোথায়? তারা আজ কোথায় হারিয়ে গেলো? কোন্ জিনিস তাদেরকে গলা টিপে হত্যা করেছে? কোন্ জিনিস তাদেরকে নারীদের চেয়েও কাপুরুষ বানিয়ে ফেলেছে? কোন্ জিনিসের পিছনে সে তার জীবন, যৌবন আর মূল্যবান সময় ও অর্থ নষ্ট করছে? কোন্ জিনিসের কারণে সে আজ শাহাদাতের পরিবর্তে আত্মহত্যার পথ বেছে নিচ্ছে? কোন্ জিনিস তাকে কূপমুণ্ডুক আর অপদার্থ বানিয়ে কুফ্ফারদের মানসিক দাসে পরিণত করেছে? কেন সে সারারাত জেগে মোবাইল, কম্পিউটার, ফেইসবুক, মুভ্যি, ইন্টারনেট আর পর্ণগ্রাফী দেখে? কোন্ জিনিসের কারণে জান্নাতী হূরদের চিন্তা ছেড়ে পশ্চিমা নাপাক নগ্ন নারীদের দেখে তৃপ্তি লাভ করছে? কিসের কারণে তারা প্রেম ও ভালোবাসার নামে অবৈধ সম্পর্কে জড়িয়ে যাচ্ছে? কেন তারা নিজের ঘরে স্ত্রী রেখে পরকীয়া প্রেমে লিপ্ত হচ্ছে? কিসের কারণে তারা আজ অসীম নিয়ামতের জান্নাত থেকে দূরে

সরে গিয়ে জাহান্নামের অতল গহ্বরে নিক্ষিপ্ত হচ্ছে? কারণ একটাই। নারীর ফেতনা! বিশ্বব্যাপী মুসলমানদের কর্তৃত্ব ধ্বংস করতে তৃগুতী শক্তি সুকৌশলে সর্বপ্রথম যে হাতিয়ার গ্রহণ করে তা আর কিছুই নয়, এই "নারীর ফেতনা"! ইলেকট্রনিক্স ও প্রিন্ট মিডিয়া এক্ষেত্রে সবচেয়ে বেশি অবদান রাখছে। তাই আজ সময় এসেছে, মুসলমান যুবকদেরকে দুনিয়ার গান্ধা-পঁচা পশ্চিমা পতিতাদের হাত হতে উদ্ধার করে চিরস্থায়ী জান্নাতী হূরদের সাথে পরিচয় করিয়ে দেওয়ার।

হে মুসলিম যুবক ভাইয়েরা! না, তোমরা এমন কাজ করো না, যার কারণে তোমাদেরকে জান্নাতী হূরদের হারাতে হয়। আল্লাহর কসম, জান্নাত সত্য, জাহান্নাম সত্য, হূর সত্য, হূরের যে বর্ণনা দেয়া হয়েছে, তা অক্ষরে অক্ষরে সত্য। আল্লাহর চেয়ে অধিক সত্যবাদী আর কে? আল্লাহর রাসূলের চেয়ে অধিক সত্যবাদী আর কে? কুরআনের চেয়ে অধিক সত্য বাণী আর কী আছে? তাই স্মার্ট-ফোন ছাড়, কুরআন ধর, বাতিলের বিরুদ্ধে অস্ত্র ধর, শাহাদাতের অমীয় সুধা পান কর। তোমার জন্যে, হ্যাঁ, শুধু তোমার জন্যেই অপেক্ষা করছে হূরে ঈ'ন, হূরে লু'বা! তোমাকে অভ্যর্থনা জানানোর জন্যে জান্নাতের দ্বারে অপেক্ষমান রয়েছে তারা! তাই আর চোখের গুনাহ নয়, মনের অশ্লীল কল্পনা নয়, যৌনাঙ্গের হেফাযত করে চলো সবাই শাহাদাতের তামান্না নিয়ে ময়দানে। না'রায়ে তাকবীর! আল্লাহু আকবার!

কবে দেখা হবে আমাদের প্রতীক্ষিত হূরদের সাথে?

এটি তো বহু দূরের এবং কঠিন বিষয়! কেননা, মৃত্যু থেকে শুরু করে জান্নাত পর্যন্ত অনেক স্তর পার হতে হবে আর প্রতিটি স্তরেই একদিন, দুই দিন নয়, হাজার হাজার বছর অতিবাহিত হয়ে যাবে। যেমন: কিয়ামতের দিন সর্বশেষ যে ব্যক্তিটি মৃত্যুবরণ করবে, তাকেও মৃত্যুর পর হতে পুনরুত্থান পর্যন্ত কমপক্ষে চল্লিশ হাজার বছর বরযখে থাকতে হবে। এরপর কিয়ামতের ময়দানের পঞ্চাশ হাজার বছর। অতঃপর পুলসিরাতের ত্রিশ হাজার বছর। এরপর হয় জান্নাত, না হয় জাহান্নাম। যদি গোনাহের কারণে জাহান্নামে যেতে হয়, সেখান হতে মুক্তি যে কবে মিলবে তা আল্লাহ তাআলাই ভালো জানেন। কেননা এক ওয়াক্ত নামায কাযা করার দরুনই যদি দুই কোটি অষ্টআশি লক্ষ বছর জাহান্নামে থাকতে হয়, তাহলে সকল গুনাহের দরুন কত কোটি বছর জাহান্নামে থাকতে হবে? এরপর যদি মুক্তি মিলে তাহলে জান্নাতে যাওয়া হবে, অবশেষে হূরে ঈ'নদের দেখা মিলবে। আর পৃথিবীর সর্বশেষ ব্যক্তি এক চান্সে জান্নাত পেলেও তো হূরদের সাথে তার সাক্ষাতের সর্বনিম্ন সময়সীমা হচ্ছে, ৪০,০০০+৫০,০০০+৩০,০০০ বছর = ১,০,০০০ (এক লক্ষ বিশ হাজার বছর)। আহ্! কেম্নে কী? এত দীর্ঘ সময় পর হূরদের সাথে সাক্ষাৎ মিলবে, তা কিভাবে মানা যায়? কিভাবে এতকাল ধৈর্য ধরে অপেক্ষা করব?

শুধুই কি সময়ের দীর্ঘতা, আবার প্রতিটি স্তরেই রয়েছে ভয়াবহ সব বিপদ আর মুসীবত! এতো বিপদাপদ পেরিয়ে হুরদের সাথে সাক্ষাৎ লাভ কি আদৌ সম্ভব হবে?????

মৃত্যুর ভয়াবহতা:

মৃত্যু একটি ভয়াবহ মসীবতের নাম। মৃত্যুর কষ্ট (সাকরাতুল মাওত) অবশ্যই আসবে। স্বয়ং রাসূলুল্লাহ ﷺ মৃত্যু-যন্ত্রনা হইতে পানাহ চাইতেন। কেমন হবে একজন মানুষের মৃত্যুযন্ত্রণা? তা হবে তরবারির তিনশত আঘাতের যন্ত্রণার সমতুল্য। রাসূলুল্লাহ ﷺ বলেছেন, "সবচেয়ে সহজ মৃত্যু যন্ত্রণার তুলনা এইরূপ মনে করতে পার, যেমন একটি ত্রিধার বিশিষ্ট গোক্ষুর কাঁটা কারো পায়ের মধ্যে বিঁধে গেল এবং এমন ভাবে প্রবেশ করেছে যে, বহু চেষ্টা ও টানাটানি করে তা খোলা সম্ভব হচ্ছে না।" মৃত্যুর সময় একজন ব্যক্তি তার শরীরে এমন কোনো একটি শিরা বা স্নায়ু নাই যাতে পৃথকভাবে সে যন্ত্রণা অনুভব না করে। হযরত মূসা আলাইহিস্ সালামের মৃত্যুকাল নিকটবর্তী হলে আল্লাহ পাক তাঁকে জিজ্ঞাসা করলেন: 'মৃত্যু যন্ত্রণায় তুমি নিজের অবস্থা কেমন বোধ করছ?' তিনি উত্তরে বললেন: 'যেমন জীবন্ত মোরগকে চামড়া খসিয়ে পা বেঁধে তপ্ত কড়াই এর মধ্যে ভাজা হচ্ছে, সে উড়ে পালাতে পারছে না, প্রাণও বাহির হচ্ছে না যে, যন্ত্রণার হাত হতে অব্যাহতি পেতে পারে, আমার অবস্থাও ঠিক তদ্রূপ।' হযরত উমর রদিয়াল্লহু আনহু বলেন, 'ঘন কাঁটা বিশিষ্ট একটি শাখা কাহারও পেটের মধ্যে ঢুকিয়ে দিলে এবং প্রতিটি কাঁটা দেহের প্রতিটি শিরা-উপশিরার মধ্যে ঢুকে গেলে, একজন শক্তিমান পুরুষ বলপূর্বক সেই শাখাটি তার পেট হতে টেনে বাহির করতে থাকলে সে ব্যক্তি যেরূপ যন্ত্রণা ও কষ্ট অনুভব করে থাকে, মৃত্যু যন্ত্রণা ঠিক তদ্রূপ।'

এছাড়াও গুনাহগার ব্যক্তির মৃত্যুর সময় হযরত আযরাঈল আলাইহিস্ সালাম যে ভয়ংকর রূপ নিয়ে আগমন করেন, তা স্বতন্ত্র এক আযাব।

একবার হযরত ইবরাহীম আলাইহিস্ সালামের পীড়াপীড়ির প্রেক্ষিতে হযরত আযরাঈল আলাইহিস্ সালাম সেই মূর্তি ধারণ করেন, ফলে হযরত ইবরাহীম আলাইহিস্ সালাম দেখতে পান, তাঁর সামনে এক দীর্ঘকায় স্থূল দেহী বিকটাকার ব্যক্তি দণ্ডায়মান। তার মাথায় মোটা রুক্ষ কেশরাশি কাঁটার ন্যায় ঊর্ধ্বমুখী হয়ে আছে। সে কালো বর্ণের কাপড় পরিহিত। তার মুখ হতে আগুণের শিখা ও ধূঁয়া নির্গত হচ্ছে। এই ভয়ঙ্কর দৃশ্য দেখে হযরত ইবরাহীম আলাইহিস্ সালাম অজ্ঞান হয়ে মাটিতে পড়ে যান। অবশ্য নেককার লোকদের সামনে তিনি এই রূপ ধারণ করেন না।

কবরের ভয়াবহতা:

কবরের আযাব অবশ্যই সত্য, কোনো সন্দেহ নেই। রাসূলুল্লাহ ﷺ যখনই নামায পড়তেন, আল্লাহ তাআলার নিকট কবরের আযাব হতে আশ্রয় প্রার্থনা করতেন। হযরত উসমান রদিয়াল্লহু আনহু যখনই কোনো কবরের পাশে দাঁড়াতেন, তখনই এত কান্নাকাটি করতেন যে, (চোখের পানিতে) তাঁর দাঁড়ি ভিজে যেত। কেউ তাকে প্রশ্ন করলো যে, কি ব্যাপার জান্নাত-জাহান্নামের আলোচনা হলে তো আপনি এতো কান্না করেন না, কিন্তু কবর দেখেই কেন এত কান্না করেন? উত্তরে তিনি বলতেন যে, আমি শুনেছি যে, রাসূলুল্লাহ বলেছেন: নিশ্চয় কবর হলো আখিরাতের মনযিল সমূহের মাঝে প্রথম মনযিল। এই মনযিলে যে ব্যক্তি মুক্তি পাবে, পরবর্তী মনযিলগুলো অতিক্রম করা তার জন্য সহজ হয়ে যাবে। আর যদি এখানে কেউ ধরা পড়ে যায়, তাহলে পরবর্তী মনযিলগুলো হবে তার জন্য আরো ভয়াবহ। (তিরমিযী)

কবরে পৌঁছার সাথে সাথে প্রথম বিপদ হলো কবরে তিনটি প্রশ্ন করার জন্য মুনকার নাকীর ফেরেশতার আগমন। উক্ত ফেরেশতাদ্বয় হবেন ভীষণাকৃতির, তাদের আওয়ায হবে শত বজ্রকঠোর, ভয়ঙ্কর, চোখ দুটি হবে বিদ্যুচ্ছটার ন্যায় ভীষণোজ্জ্বল। তাদের ঘন কালো ও রুক্ষ চুল মাটি পর্যন্ত আলুলায়িত, লম্বা লম্বা তীক্ষ্ণধার দাঁত দ্বারা কবরের মাটি ওলট-পালট করতে করতে আগমন করে হাত দ্বারা নাড়াচাড়া করে মৃত ব্যক্তিকে নানা প্রশ্ন করবে।

কবরের দ্বিতীয় বিপদ হলো, কবরের মাটি অবশ্যই প্রত্যেক ব্যক্তিকে চাপ দিবে এবং চাপ এমন হবে যে, এক দিকের পাজরের হাড় অন্যদিকের পাজরের হাড়ের মাঝে ঢুকে যাবে।

কবরের তৃতীয় বিভীষিকা হলো, নিশ্চয় অবাধ্য ব্যক্তি ও কাফেরদের শাস্তি দেয়ার জন্য কবরের মধ্যে নিরানব্বইটি অজগর সাপ নিয়োজিত করে দেয়া হবে। কিয়ামত পর্যন্ত এরা তাকে দংশন করতে থাকবে। সেগুলো এতই বিষাক্ত যে, তাদের একটিও যদি একবার পৃথিবীর দিকে ফোঁস করে, তাহলে তার বিষক্রিয়ায় পৃথিবীতে আর একটি ঘাসও জন্মাবে না। (দারিমী)

কবরের চতুর্থ আযাব হলো, গুণাহগার ব্যক্তির নীচে আগুনের বিছানা বিছিয়ে দেয়া হবে, আগুনের তৈরি পোশাক পরিয়ে দেয়া হবে এবং দোযখের দিকে একটি দরজা খুলে দেয়া হবে। এর মাধ্যমে দোযখের তাপ এবং প্রচণ্ড উত্তপ্ত বায়ু তার কবরে আসতে থাকবে।

কবরের পঞ্চম ভয়াবহতা হলো, কবরবাসীদের শাস্তির জন্য একজন অন্ধ ও বধির ফেরেশতা নিয়োজিত করে দেয়া হবে (যেন যাকে শাস্তি দেয়া হবে তার চিৎকার ও আর্তনাদ শুনে, তার অবস্থা দেখে ফেরেশতার দীলে দয়ার

উদ্রেক না হয়)। তার হাতে লোহার গুর্য বা মুগুর থাকবে, যদি তা দ্বারা কোনো পাহাড়ে আঘাত করা হয়, পাহাড়টি মুহূর্তের মাঝে মাটির সাথে মিশে যাবে। ফিরিশতা একবার সেই মুগুর দ্বারা লোকটিকে আঘাত করলে লোকটি মাটির সাথে মিশে যাবে, যার আওয়ায মানুষ ছাড়া সকল মাখলূক শুনতে পায়। এরপর পুনরায় তাকে পূর্বের ন্যায় জীবিত করে দেয়া হবে।

কবরের ষষ্ঠ প্রকারের বিপদ হলোঃ এছাড়াও আরো বিভিন্ন প্রকারের আযাব কবরে দেয়া হবে। যেমনঃ

- মিথ্যাবাদীকে লোহার চিমটা দ্বারা মস্তক ছেদন করা হবে। চিমটাটি মুখের একদিন দিয়ে ঢুকিয়ে গ্রীবা পর্যন্ত কেটে ফেলা হবে আবার অন্যদিক থেকে তাই করে। একদিক কাটতে গেলে অপরদিক ভালো হয়ে যাবে।
- বে-আমল আলেমদেরকে পাথর দিয়ে মাথায় আঘাত করতে থাকা হবে। ফলে আঘাত করার সাথে সাথে মাথাটি চূর্ণ-বিচূর্ণ হয়ে যাবে এবং অনেক দূরে ছিটকে পড়বে। পাথর তুলতে তুলতেই মাথা আবারো আগের মতো স্বাভাবিক হয়ে যাবে।
- অবৈধ সম্পর্ক স্থাপনকারী প্রেমিক-প্রেমিকাদের, ব্যভিচারী পুরুষ ও ব্যভিচারিনী মহিলাদের দাউ দাউ করে জ্বলতে থাকা আগুনের গর্তে নিক্ষেপ করা হবে, যেটি ঠিক চুলার মতো উপরের দিক সরু আর নীচের দিক প্রশস্ত। আগুনের ঢেউয়ের সাথে লোকগুলো একবার উপরের দিকে উঠে গর্তের মুখে এসে বের হয়ে যাওয়ার উপক্রম হবে। আবার যখন আগুন নীচের দিকে যাবে সাথে সাথে মানুষগুলোও নীচে চলে যাবে।

এভাবে কেয়ামত পর্যন্ত এই সকল প্রেমিক-প্রেমিকাদের আগুনে ভাজা হবে।

- সুদখোরদেরকে রক্তের নদীতে নিয়ে যাওয়া হবে। তারা রক্তের নদীতে হাবুডুবু খাবে। সে সাঁতার কেটে কূলে আসার জন্য প্রাণপণ চেষ্টা করবে। যখনই তীরের কাছাকাছি পৌঁছবে, তাকে সজোরে পাথর নিক্ষেপ করা হবে। ফলে সে নদীর মাঝখানে পূর্বের অবস্থানে চলে যাবে।

এই সকল আযাব কেয়ামত পর্যন্ত বরযখে সংগঠিত হতে থাকবে।

কেয়ামতের ভয়াবহতা:

"হে মানুষ! তোমাদের প্রতিপালককে ভয় কর। নিশ্চয় কিয়ামতের প্রকম্পন একটি ভয়ংকর ব্যাপার। সেদিন তোমরা দেখবে প্রত্যেক দুগ্ধদানকারী মাতা তার স্তন্যপায়ী শিশুকে ভুলে যাবে এবং গর্ভবতী তার গর্ভপাত করে ফেলবে। মানুষকে দেখবে মাতালের ন্যায়; আসলে তারা মাতাল নয়। বস্তুতঃ আল্লাহর শাস্তি বড়ই কঠিন।" (২২ সূরা হজ্জ: ১-২)

সেদিন কেয়ামত সংগঠিত হবে-

যেদিন (প্রথমবার) শিঙায় ফুক দেয়া হবে, ফলে ভয়ংকর শব্দ হবে (৩৬:৪৯), এতে সঙ্গে সঙ্গে সকল মাখলূক সংজ্ঞাহীন হয়ে যাবে। (আল্লাহ তাআলা যাদেরকে চান তারা ব্যতীত)। অতঃপর যারা জীবিত আছে তারা মারা যাবে। আর যারা মারা গেছে তাদের আত্মার উপর বেহুশ অবস্থার সৃষ্টি হবে।

(যখন দ্বিতীয়বার) শিঙ্গায় ফুঁক দেয়া হবে, তখনই তারা কবর থেকে তাদের পালনকর্তার দিকে ছুটে চলবে। তারা বলবে, হায় আমাদের দুর্ভোগ! কে আমাদেরকে নিদ্রাস্থল থেকে উত্থিত করলো? রহমান আল্লাহ তো এরই ওয়াদা করেছিলেন এবং রসূলগণ সত্য বলেছিলেন। (৩৬:৫১-৫২)

সেদিন কেয়ামত সংগঠিত হবে-

যখন দৃষ্টি চমকে যাবে (৭৫:৭)। যেদিন পৃথিবী ও পর্বতমালা প্রকম্পিত হবে এবং পর্বতমালা হয়ে যাবে বহমান বালুকাস্তুপ (৭৩:১৪) ধুনিত রঙ্গীন পশমের মতো (১০১:৫)। সেদিন পৃথিবী তার অভ্যন্তরের সকল কিছু বের করে দিবে (৯৯:২)। সেদিন মানুষ হবে বিক্ষিপ্ত পতংগের মতো (১০১:৪)। সেদিনের ভয়াবহতা কিশোরকে বৃদ্ধে পরিণত করে দিবে (৭৩:১৭)। যখন বন্য পশুরা একত্রিত হয়ে যাবে, যখন সমুদ্রকে উত্তাল করে দেয়া হবে (৮১:৫-৬, ৮২:৩)। যেদিন চন্দ্র জ্যোতিহীন হয়ে যাবে এবং সূর্য ও চন্দ্রকে একত্রিত করা হবে (৭৫:৭-৮)। যখন সূর্য আলোহীন হয়ে যাবে, নক্ষত্রসমূহ যখন মলীন হয়ে যাবে (৮১:১-২)। যখন আকাশ বিদীর্ণ হবে (মাথার উপর আকাশ ঘুরতে ঘুরতে ফেটে পড়বে) এবং নক্ষত্রসমূহ ঝরে পড়বে (৮২:১-২)। এবং যখন কবরসমূহকে উন্মোচিত করা হবে (৮২:৪)।

সেদিন আল্লাহ তাআলার কাছে মানুষের কোনো কিছুই গোপন থাকবে না। মহাবিশ্বের সরিষা পরিমাণ বস্তুকেও আল্লাহ তাআলা সেদিন পুনরুত্থিত করে হাজির করবেন। (সেদিন আল্লাহ তাআলা ঘোষণা করবেন,) আজ রাজত্ব কার? এক প্রবল পরাক্রান্ত আল্লাহর (ওয়াহিদুল কাহ্‌হার)!

কিয়ামতের এই বিভীষিকা সকলকেই উপভোগ করতে হবে!

হাশরের ময়দানের ভয়াবহতা:

এরপর হাশরের ময়দান কায়েম হবে। সেখানে ফেরেশতা, জিন, মানব, শয়তান, বন্য জন্তু সকলেই সমবেত হবে। এত ভিড় হবে যে, মানুষ পায়ের আঙুলের উপর ভর করে দাঁড়াবে, একজনের কাঁধ অন্য জনের কাঁধের সাথে মিলে যাবে। মানুষকে খালি পায়ে, খালি গায়ে, খতনা বিহীন, উলঙ্গ অবস্থায় পুনরুত্থিত করা হবে। তা সত্ত্বেও ময়দানের ভয়াবহতা এরূপ হবে যে, একজন আরেকজনের দিকে তাকানোর সময় পাবে না, কুচিন্তার ফুরসত পাবে না। সে ময়দান হবে সমতল, যাতে লুকানোর মত কোন উঁচু টিলা ও নিচু গর্ত থাকবে না।

সেদিন সূর্য মানুষের মাথা থেকে মাত্র দু'ধনুক দূরে থাকবে এবং প্রচণ্ড তাপ বিকিরণ করতে থাকবে। আল্লাহ পাকের আরশের ছায়া ব্যতীত সেদিন আর কোনো ছায়া থাকবে না এবং নৈকট্যশীলরা (নবী-রাসূল, সিদ্দিক, শহীদ, আউলিয়া, নেককার আলেম ও আবেদগণ) ব্যতীত অন্য কেউ তাতে স্থান পাবেনা। হাদীসে এসেছে, (সাধারণ মুসলমানদের মধ্যে) সাত প্রকারের ব্যক্তি সেদিন আরশের নীচে স্থান পাবে-

১. ন্যায়পরায়ন (মুসলমান) বাদশাহ।
২. ঐ যুবক যে তার যৌবন কাল আল্লাহর ইবাদতে কাটিয়েছে।
৩. যে লোকের অন্তর মসজিদের সাথে লটকানো থাকে। যদিও সে বাহিরে থাকে। (সবসময় চিন্তা করে আবার কখন মসজিদে যাবো।)
৪. এমন দুই ব্যক্তি যারা পরস্পর আল্লাহর জন্যই মহব্বত করে এবং ঐ কারণেই একত্রিত হয় এবং ঐ কারণেই পৃথক হয়।
৫. যে ব্যক্তি নির্জনে আল্লাহ পাককে স্মরণ করতে থাকে এবং চক্ষু দিয়ে অশ্রু নির্গত হতে থাকে।

৬. যে পুরুষকে একজন উচ্চবংশীয়া সুন্দরী রমণী অসৎ কর্মের জন্য ডাকে আর ঐ পুরুষ (সব রকমের সুযোগ থাকা সত্ত্বেও) বলে যে, আমি আল্লাহ তাআলাকে ভয় করি।

৭. যে এমন গোপনে দান করে যে, তার বাম হাত টের পায় না যে ডান হাত কি দান করল। (বুখারী ও মুসলিম)

সূর্যের উত্তাপ, শ্বাস-প্রশ্বাসের উত্তাপ আর নিজের কৃতকর্মের জন্য অন্তর্জ্বালা এক ভয়াবহ মসীবত সৃষ্টি করবে। ঘামের দরুন মানুষের কষ্ট আরো বেড়ে যাবে। মানুষের বদ আমল অনুপাতে মানুষ ঘামে নিমজ্জিত হবে। সে হিসেবে কেউ কেউ ঘামে উরু পর্যন্ত, কারো কোমর পর্যন্ত, কারো কান পর্যন্ত ডুবে যাবে, কারো ঘাম হবে গলার লাগাম এবং কেউ কেউ সম্পূর্ণরূপে নিমজ্জিত হয়ে যাবে।

সুতরাং হে নিঃস্ব! হাশরবাসীদের দুঃখ-দুর্দশার কথা চিন্তা কর। এ কষ্টে পড়ে অনেকেই আরয করবে, প্রভু! আমাদেরকে হাশরের ময়দানের ভোগান্তি ও অপেক্ষার কষ্ট থেকে নাজাত দিন যদিও আমরা জাহান্নামে যাই। আর সেটি হবে হিসাব নিকাশ ও আযাবের আগের কষ্ট। এরকম পরিস্থিতিতে মানুষের উপর দিয়ে পঞ্চাশ হাজার বছর অতিবাহিত হবে, তথাপি আল্লাহ তাআলা মানুষের দিকে তাকাবেন না। হিসাব নিকাশ শুরু করবেন না।

বন্ধু হে! তুমি সেদিনের কথা স্মরণ কর, যেদিন অবশ্যই আসবে, যেদিন মানুষ পায়ের উপর ৫০,০০০ বছর দণ্ডায়মান থাকবে। এ সময়ে তারা কোনো খাদ্য পাবেনা এবং এক ঢোক পানিও পান করতে পারবেনা।

তাহলে কেমন হবে সেদিনের ক্ষুধা ও তৃষ্ণার যন্ত্রণা! চিন্তা করা যায় কি? অথচ এমনই ঘটবে, এমনই ঘটতে যাচ্ছে।

সেদিন সকল মানুষ এমনকি সকল নবী-রাসূলগণও 'ইয়া নাফসী, ইয়া নাফসী' বলতে থাকবে। সেদিন কেউ আল্লাহ তাআলার সামনে দাঁড়াবার সাহস করবেন না। কেবল আমাদের প্রিয় নবীজী ﷺ। তিনি তাঁর গুনাহগার উম্মতের জন্য শাফায়াত করবেন। বিচার কাজ শুরু হলে একদল লোককে বিনা হিসাবে জান্নাতে দেয়া হবে, আর সকল কাফের, মুশরিক, বেঈমান, নাস্তিক, মুরতাদ, ইহুদী, হিন্দু-বৌদ্ধ-খ্রিস্টান (ঐক্য পরিষদ!!!!) সকলকে একযোগে বিনা হিসেবে জাহান্নামের আগুনে চিরদিনের জন্য নিক্ষেপ করা হবে। তাদের কোনো হিসাব নেই। হিসাব হবে কেবল গুনাহগার মুসলমানদের। মীযানের পাল্লায় একপাশে নেক আমল, অপরপাশে বদ আমল তোলে ওজন করা হবে। অণু পরিমাণ নেক কিংবা বদীও সেদিন বাদ পড়বে না। নেকীর পাল্লা ভারী হলে আমলনামা ডানহাতে সামনের দিক হতে দেয়া হবে, এরাই হবে জান্নাতী। আর বদীর পাল্লা ভারী হলে পিছন দিক হতে বাম হাতে দেয়া হবে, এরাই ধ্বংসপ্রাপ্ত হবে, এরাই হবে জাহান্নামী। যাদের ব্যাপারে জাহান্নামের ফয়সালা হবে, আমাদের দয়াল নবী রাসূলুল্লাহ ﷺ তাদের মুক্তির জন্য শাফায়াত (সুপারিশ) করবেন। উম্মতের মাঝে থেকেও কিছু লোককে শাফায়াতের অধিকার দেয়া হবে, যেমন: একজন হাফেয দশজনের জন্য, একজন আলেম চল্লিশ জনের জন্য এবং একজন শহীদ সত্তর জন জাহান্নামী মুসলমানদের জন্য সুপারিশ করতে পারবেন। এছাড়াও নাবালেগ শিশুরা তাদের পিতা-মাতার জন্য সুপারিশ করবেন।

সেদিন আমাদের নবীজী ﷺ-কে হাউজে কাউসার দেয়া হবে। যে এর পানি পান করবে সে আর কখনো তৃষ্ণার্ত হবেনা। এর পাত্রের সংখ্যা আকাশের নক্ষত্ররাজির সমান হবে। সেদিন নবীজী ﷺ কে হাউজে কাউসার, মীযান এবং পুলসিরাত- এই তিন জায়গার একজায়গায় পাওয়া যাবে।

কিয়ামতের দিন জাহান্নামকে টেনে উপস্থিত করা হবে। তার সত্তর হাজার লাগাম থাকবে এবং প্রত্যেক লাগামের জন্য সত্তর হাজার ফেরেশতা নিয়োজিত থাকবে। জাহান্নামের উপর পুলসিরাত কায়েম করা হবে। যা হবে চুলের চেয়েও চিকন, তরবারির চেয়েও ধারালো। যা ত্রিশ হাজার বছরের রাস্তা। এটি পেরিয়ে মানুষকে জান্নাতে যেতে হবে। নেককারগণ বিদ্যুতের গতিতে পার হয়ে যাবে।

পুলসিরাত পেরিয়ে এ উম্মত সর্বপ্রথম জান্নাতে প্রবেশ করবে। জান্নাতের চাবি থাকবে আমাদের প্রিয়নবী ﷺ রাসূলুল্লাহ এর হাতে। তিনিই জান্নাতে তাঁর উম্মতকে নিয়ে সর্বপ্রথম প্রবেশ করবেন। আল্লাহ তাআলা সেদিন যেন আমাদেরকেও তাঁর ﷺ কাছে সাথে সাথে রাখেন। আমীন।

অন্যদিকে, সেদিন পুলসিরাতের উপর দিয়ে যাওয়ার সময় গুনাহগারদের শরীর দু’ টুকরা হয়ে জাহান্নামে পতিত হবে।

ওহে বন্ধু! মনে রেখো, জান্নাত একটি চরম সাম্প্রদায়িক স্থান, সেখানে কেবল নেককার মুসলমানগণই থাকতে পারবে। আর জাহান্নাম হচ্ছে পরম অসাম্প্রদায়িক, ধর্মনিরপেক্ষ স্থান, যেখানে সকল ধর্ম, মত, ইজম্, মতবাদ নির্বিশেষে সকল শ্রেণির, সকল সম্প্রদায়ের মানুষের আবাসস্থল ও সহাবস্থান হবে। তাই সাম্প্রদায়িক হওয়ার চেষ্টা করুন। এবার চলুন সেই অসাম্প্রদায়িক, ধর্মনিরপেক্ষ জায়গাটি সম্পর্কে অল্প কিছু জেনে নেয়া যাক।

জাহান্নামের ভয়াবহতা:

জাহান্নামের সাতটি স্তর রয়েছে। এর গভীরতার কোনো সীমা নেই। যদি একটি পাথর দোযখে নিক্ষেপ করা হয় তবে পাথরটি দোযখের তলদেশে পৌঁছতে সত্তর বছর সময় লাগবে। দোযখ চারটি দেয়াল দ্বারা পরিবেষ্টিত এবং তার প্রতি দেয়ালের পুরুত্ব এত বেশি যে, তা অতিক্রম করতে চল্লিশ বছর সময় লেগে যাবে। দোযখের ভিতর কোনো আলো নেই, সেখানকার আগুনও কালো। সে আগুনের তেজ দুনিয়ার আগুনের তুলনায় সত্তর গুণ বেশি। যদি কোনো দোযখীকে দুনিয়ার আগুনে এনে পুড়ানো হয়, তাহলে সে ঘুমিয়ে পড়বে। তার কাছে দুনিয়ার আগুন অনেক আরামদায়ক লাগবে। সেখানে সবচেয়ে কম যে শাস্তি দেয়া হবে, তা হলো দোযখীকে এক জোড়া আগুনের জুতা পরিয়ে দেয়া হবে, যার তাপে পাতিলের ফুটন্ত পানির ন্যায় তার মগজ টগবগ করতে থাকবে। কিন্তু সে মনে করবে তাকেই বুঝি সবচেয়ে বেশি শাস্তি দেয়া হচ্ছে। দোযখের ইন্ধন হবে মানুষ ও পাথর। দোযখের আগুন এতটাই ভয়াবহ যে, তা মানুষের হৃদয় পর্যন্ত পৌঁছবে এবং তাকেও গ্রাস করে ফেলবে। সেখানে মৃত্যু নেই, যতই শাস্তি দেয়া হোক মরবে না। দোযখের দায়িত্বে নিয়োজিত আছে নির্মম হৃদয় ও কঠোর স্বভাবের উনিশজন ফিরিশতা (যদিও সকল মানব ও জিনদের শাস্তি দেয়ার জন্য একজনই যথেষ্ট ছিল); আল্লাহর আদেশ অমান্য করেন না এবং যা আদেশ করা হয় তাই করেন। মানুষদেরকে যখন টেনে হিচড়ে জাহান্নামের দিকে নিয়ে যাওয়া হবে, দূর থেকে জাহান্নামের আগুন তাদের দেখে ফেলবে এবং ক্রুদ্ধ গর্জন ও চিৎকার শুরু করে দিবে। গুনাহগারদের সেখানে শৃংখলাবদ্ধ করে, (যদিও দোযখ প্রশস্ত জায়গা, তথাপি শাস্তি দেওয়ার জন্য) দোযখের সংকীর্ণ, অন্ধকারময় কোনো স্থানে নিক্ষেপ করে

অনন্তকাল পুড়তে থাকা হবে। সেখানে ধৈর্য ধারণ করা আর না করা উভয়েই সমান।

দোযখীদের পোশাক হবে গন্ধকের, যেন দ্রুত আগুন লেগে যায়।

দোযখীদের বিশাল দেহ দেয়া হবে যেন ভালোভাবে শাস্তি দেয়া যায়। তাদের জিহ্বা হবে দুই মাইল সমান। দুই কাঁধের স্থান দ্রুতগামী অশ্বারোহীর দুই দিনের পথের সমান দীর্ঘ হবে। চোয়াল হবে ওহুদ পাহাড়ের ন্যায় এবং তাদের চামড়া তিনদিনের পথের সমান মোটা ও পুরু হবে। কোন কোন দোযখীদের এত বড় দেহ দেয়া হবে যে, তাদের কানের লতি থেকে কাঁধ পর্যন্ত সত্তর বছরের রাস্তা হবে। তাতে রক্ত ও পূঁজের নালা প্রবাহিত হবে।

দোযখীদের দংশন করার জন্য উটের ন্যায় ঘাড় বিশিষ্ট ভয়াবহ সাপ এবং মালপত্র বোঝাই করা খচ্চরের ন্যায় উঁচু বিচ্ছু থাকবে। তারা একবার দংশন করলে চল্লিশ বছর তার ব্যথা অনুভূত হবে।

ক্ষুধা নিবারণ করার জন্য কণ্টকময় বৃক্ষ ছাড়া তাদের আর কোনো খাবার থাকবে না, যা তাদেরকে পুষ্ট করবে না এবং ক্ষুধাও নিবারণ করবে না, উপরন্তু তা তাদের গলায় আটকে যাবে। ফলে তারা পানি চাইবে। তাদেরকে অত্যন্ত গরম ফুটন্ত পানি পান করানো হবে, যা তাদের নাঁড়িভুঁড়ি ছিন্ন-ভিন্ন করে দিবে। সেদিন সেখানে তাদের কোন সুহৃদ ও বন্ধু থাকবে না। সকলেই হারিয়ে যাবে। সেদিন তারা এতই ক্ষুধার্ত থাকবে যে, তাদেরকে অন্য কোনো শাস্তি না দেয়া হলেও ক্ষুধার কষ্টই শাস্তি হিসেবে যথেষ্ট ছিল। তাদেরকে খেতে দেয়া হবে দোযখীদের ক্ষত নিঃসৃত পূঁজ (গাস্‌সাক)। এটি এতই দুর্গন্ধময় যে, এক বালতি গাস্‌সাক তথা পূঁজ যদি দুনিয়ায় নিক্ষেপ করা হতো তাহলে সমস্ত পৃথিবী পঁচে গলে যেতো। আরো

খাদ্য হবে যাক্কুম বৃক্ষ, যা তারা তৃষ্ণার্ত উটের ন্যায় গিলতে থাকবে, কিন্তু সেই খাদ্য গলিত তামার ন্যায় ফুটন্ত পানির মতো দোযখীদের পেটে ফুটতে থাকবে।

এছাড়াও তাদের মাথার উপর ঢালা হবে ফুটন্ত পানি, ফলে তাদের চামড়া বিগলিত হয়ে যাবে। পুড়ে যাওয়া কিংবা বিগলিত হওয়া চামড়াকে আবার আগের অবস্থায় ফিরিয়ে আনা হবে, যেন শাস্তি পুরোপুরি ভোগ করতে পারে। আরো আছে আগুনের শিকল, লোহার মুগুর, জাহান্নামের যন্ত্রনায় অতিষ্ঠ হয়ে বের হতে চাইলে তাদেরকে মুগুর মেরে ফেরত পাঠানো হবে। আর এই মুগুর কেমন ভারী হবে? সমস্ত মানব ও জিন জাতি যদি তা উঠাতে চেষ্টা করে তাহলেও তা উঠাতে সক্ষম হবে না।

এসব ছাড়াও আছে আগুনের বেড়ী।

যে মুনাফেকী করবে, বুকে বে-ঈমানী, মুখে ঈমানের কথা বলবে, উম্মতের সাথে গাদ্দারী করবে, উম্মতের বিরুদ্ধে গোয়েন্দাগিরি করে, তাদেরকে জাহান্নামের সর্বনিম্ন স্তরে নিক্ষেপ করা হবে। এদের শাস্তি হবে সবচেয়ে মর্মান্তিক। তাদেরকে পাঠানো হবে "যুব্বুল হুযন" (চিন্তার কূপ) নামক স্থানে। এটি এমনই ভয়ংকর যে, খোদ জাহান্নামই এর মসীবত থেকে আল্লাহর কাছে দিনে শতবার পানাহ চায়। সুতরাং উম্মতের গাদ্দাররা সাবধান!

যে ব্যক্তি ইলম গোপন করবে, তার মুখে আগুনের লাগাম পরানো হবে।

যে ব্যক্তি মদ পান করবে, তাকে 'তীনাতুল খাবাল' (দোযখীদের ঘাম ও দেহ নিংড়ানো পদার্থ) এবং 'নাহরুল গুতা' (জাহান্নামে ব্যভিচারীনী নারীর যৌনাঙ্গ থেকে প্রবাহিত নহর বা নদী) হতে পান করানো হবে।

যেসব লোক ওয়ায করে বেড়ায়, কিন্তু নিজে আমল করেনা, তাদের ঠোঁট আগুনের কেঁচি দ্বারা কাটা হবে।

যারা সোনা-রূপার পাত্রে খাবার/পানীয় খাবে, তারা যেন তাদের পেটে আগুন ভর্তি করছে।

যারা প্রাণির ছবি অংকন করবে বা ছবি তুলবে, তাদেরকে আগুনে সবচেয়ে বেশি শাস্তি ভোগ করতে হবে, কেননা তাদেরকে তাদের অংকিত বা তোলা প্রাণির ছবির মাঝে রূহ দিতে বলা হবে, কিন্তু তারা তা পারবে না।

আত্মহত্যাকারীরাও চিরকাল জাহান্নামে থাকবে। (অবশ্য মুসলমান উপযুক্ত শাস্তি ভোগ করার পর সে অন্যান্য গোনাহগার মুসলমানদের ন্যায় জান্নাতে প্রবেশ করবে।) সে যে উপায়ে আত্মহত্যা করেছিল, তাকে সেভাবেই শাস্তি দেয়া হবে। যেমন: যদি কেউ পাহাড় হতে লাফ দিয়ে আত্মহত্যা করে, তাহলে তাকে জাহান্নামে আগুনের পাহাড়ে তোলা হবে, সেখান থেকে ধাক্কা দিয়ে ফেলে দেয়া হবে। এভাবে বারবার করা হবে। যে বিষ খেয়ে আত্মহত্যা করবে তাকে বারবার জাহান্নামের বিষ পান করানো হবে।

সন্দেহ নেই! জাহান্নাম এমনই হবে। সন্দেহ নেই, কোনো সন্দেহ নেই। আল্লাহ তাআলার জন্য এটি সহজ, খুব সহজ।

হূরে ঈ'নের সাক্ষাৎ লাভের সহজ উপায়

উপরের আলোচনা হতে আমরা বুঝতে পারলাম, আমাদের সামনে কী পরিমাণ কঠিন পরিস্থিতি অপেক্ষা করছে। কিন্তু আফসোসের বিষয় হচ্ছে, আমরা এ সম্পর্কে চরম পর্যায়ের গাফেল (অমনোযোগী)। আমাদের অবস্থাদৃষ্টে মনে হয়, আমাদের মৃত্যু নেই, কবরের আযাব, হাশর, পুলসিরাত, জান্নাত, জাহান্নাম এগুলো রূপকথার গাল-গল্প বৈ নয়! কিন্তু এটি এমনই চিরসত্য, যা ঘটবেই, এতে কোনো সন্দেহ নেই। কেননা আল্লাহ তাআলার চেয়ে অধিক সত্যবাদী আর কে? আল্লাহ তাআলার চেয়ে ওয়াদা বাস্তবায়নকারী আর কে? তিনি কি আসমান যমীন 'কুন ফায়াকুন' এর দ্বারা মুহূর্তের মাঝেই সৃষ্টি করেননি? তিনি কি পুনরায় এগুলো ধ্বংস করে আবার সৃষ্টি করতে সক্ষম নন? লক্ষাধিক নবী-রাসূলগণ কি ভুল বলে গিয়েছেন? কক্ষণো নয়। কুরআন কারীমের একটি আয়াতও মিথ্যা নয়, ভুল নয়, বিন্দুমাত্র ভুলের কোনো সম্ভাবনা আছে কি?

বন্ধু হে! মৃত্যুর কষ্ট সত্য, কবরের আযাব সত্য, পুনরুত্থান সত্য, হাশর সত্য, পুলসিরাত সত্য, জাহান্নাম সত্য, জান্নাত সত্য, আল্লাহ তাআলার দীদার সত্য, হূরে ঈন, হূরে লূ'বা প্রাপ্তি সত্য। যেহেতু এগুলো ঘটবেই, তাই জান্নাত প্রাপ্তি আর জাহান্নাম হতে বাঁচার চেষ্টা করাই কি বুদ্ধিমানের কাজ নয়?

উপরের আলোচনা হতে বুঝা যায়, যদিও জান্নাত প্রাপ্তি, আল্লাহ তাআলার দীদার লাভ, হূরে ঈনের সাথে সাক্ষাত সত্য, কিন্তু তা ঘটবে বহু বছর পর। মৃত্যুর কষ্ট হতে বাঁচার সহজ কোনো পন্থা আছে কি? কবরের আযাব মাফ হওয়ার সহজ কোনো পদ্ধতি আছে কি? কিয়ামতের বিভীষিকা হতে রক্ষা

কিভাবে পাব? মৃত্যুর সাথে সাথে জান্নাতে যাওয়া এবং হূরে ঈ'নের সাথে সাক্ষাতের শর্টকাট কোনো রাস্তা আছে কি? হ্যাঁ, বন্ধু! এখন আপনাদেরকে সেই বিষয়ে কিছু বলব।

- রাসূলুল্লাহ ﷺ ইরশাদ করেন,"কাউকে পিপীলিকা দংশন করলে যতটুকু কষ্ট অনুভূত হয়, শত্রুর হাতে নিহত হওয়ার সময় একজন শহীদ ঠিক ততটুকু কষ্ট অনুভব করে থাকেন।" (মিশকাত শরীফ)

- রসূলুল্লাহ ﷺ ইরশাদ করেছেন, "আল্লাহ তাআলা শহীদকে ছয়টি পুরস্কার দান করবেন।
  ১. রক্তের প্রথম ফোটাটি মাটিতে পড়ার সাথে সাথে তাকে ক্ষমা করে দেয়া হয় এবং যে জান্নাত তার ঠিকানা, তা তাকে দেখিয়ে দেয়া হয়।
  ২. তাকে কবরের আযাব থেকে রক্ষা করা হয়।
  ৩. (কিয়ামতের) প্রচণ্ড ভীতি থেকে সে নিরাপদ থাকবে।
  ৪. তার মাথায় মর্যাদার মুকুট পরানো হবে, যার এক একটি ইয়াকুত দুনিয়া ও দুনিয়ার সমুদয় বস্তু হতে মূল্যবান।
  ৫. স্ত্রী রূপে তাকে বাহাত্তর জন ডাগর চক্ষু বিশিষ্ট হূর দেয়া হবে।
  ৬. তার সুপারিশে তার সত্তরজন আত্মীয়কে জান্নাত দান করা হবে।

  (তিরমিযী ও ইবনে মাজাহ শরীফ)

- প্রিয়নবী ﷺ আরো ইরশাদ করেন, "যে ব্যক্তি শত্রুর মুখোমুখী হল এবং দৃঢ়পদে জিহাদে নিহত কিংবা বিজয়ী হল, তাকে কবর আযাব দেয়া হবে না। (নাসায়ী ও তাবারানী শরীফ)

- যারা আল্লাহর রাস্তায় শহীদ হন, তারা তো মৃত নয়, বরং জীবিত। আল্লাহ তাআলার ইরশাদ,

وَلَا تَقُولُواْ لِمَنْ يُقْتَلُ فِى سَبِيلِ ٱللَّهِ أَمْوَاتٌ بَلْ أَحْيَاءٌ وَلَٰكِن لَّا تَشْعُرُونَ

"যারা আল্লাহর রাস্তায় শহীদ হয়, তাদেরকে তোমরা মৃত বলো না, বরং তারা জীবিত, কিন্তু তোমরা তা বুঝ না।" (২ সূরা বাকারা: ১৫৪)

وَلَا تَحْسَبَنَّ ٱلَّذِينَ قُتِلُواْ فِى سَبِيلِ ٱللَّهِ أَمْوَاتًا بَلْ أَحْيَاءٌ عِندَ رَبِّهِمْ يُرْزَقُونَ

"যারা আল্লাহর রাস্তায় শহীদ হয়, তাদেরকে তোমরা মৃত মনে করো না, বরং তারা জীবিত, তাদের প্রতিপালকের নিকট হতে তার জীবিকা প্রাপ্ত হন।" (৩ সূরা আলে ইমরান: ১৬৯)

সুব্‌হানাল্লাহ! এটিই তো শাশ্বত জীবন।

- রাসূলুল্লাহ ﷺ আরো ইরশাদ করেন, শহীদদের আত্মাসমূহ সবুজ বর্ণের পাখির আকৃতিতে রাখা হয়। আল্লাহ তাআলার আরশের নীচে তাদের জন্য ঝাড়-লণ্ঠন ঝুলিয়ে রাখা হয়েছে। জান্নাতে তারা তাদের ইচ্ছামত চলাফেরা করে অবশেষে সেই লণ্ঠনসমূহের নিকট এসে অবস্থান নেয়। আল্লাহ তাআলা তাদেরকে জিজ্ঞাসা করেন, তোমরা আমার নিকট কিছু চাও কি? উত্তরে তারা বলে, আমারা জান্নাতের মধ্যে যেখানে খুশি ঘুরাফেরা করে বেড়াই, এর চেয়ে বেশি আর কি চাইতে পারি? আল্লাহ তাআলা তিনবার এই প্রশ্ন করেন আর প্রতিবার তারা একই উত্তর প্রদান করে। অবশেষে যখন তারা বুঝতে পারে যে, আসলে কোনো কিছু না চাওয়া পর্যন্ত আল্লাহ তাআলা জিজ্ঞাসা করতেই থাকবেন তখন তারা

বলবে, ইয়া আল্লাহ! আমাদের একটি মাত্র আরয, আমাদের রূহগুলো পুনরায় আমাদের দেহের মধ্যে ফিরিয়ে দাও আমরা আবারও তোমার পথে লড়াই করে শহীদ হয়ে আসি! কিন্তু মৃত্যুর পর পুনরায় দুনিয়াতে আসা আল্লাহর নিয়মের পরিপন্থী বিধায় এই আবদার গ্রহণ করা হয় না। (মুসলিম) অর্থাৎ শহীদদেরকে আল্লাহ পাক এই পরিমাণ নেয়ামত দান করবেন, যার জন্য তারা পুনরায় দুনিয়াতে ফিরে আসার এবং আবারো শহীদ হওয়ার আকাঙ্ক্ষা করবে, যা অন্য কোনো জান্নাতী করবে না।

- রাসূলুল্লাহ ﷺ আরো ইরশাদ করেন, "যারা আল্লাহর পথে জিহাদ করে তাদের জন্য জান্নাতে একশতটি স্তর রয়েছে, প্রতিটি স্তরের পার্থক্য আসমান-যমীনের সমান। সুতরাং তোমরা যখন আল্লাহ তাআলার কাছে চাইবে, জান্নাতুল ফিরদাউস চাইবে।" (বুখারী)

- রাসূলুল্লাহ ﷺ ইরশাদ করেন, "মুসলিম মিল্লাতের অন্তর্ভূক্ত যে কোন ব্যক্তি ক্ষণকালের জন্যও আল্লাহর রাস্তায় জিহাদ করবে তার জন্য জান্নাত ওয়াজিব হয়ে যাবে।" (আবু দাউদ-২২১৬/২৫৪১, তিরমিযী-১৬৫৭)

- রাসূলুল্লাহ ﷺ ইরশাদ করেন, "জান্নাতের দরজা তরবারির ছায়াতলে অবস্থিত।" (মুসলিম-১৯০২)

- রাসূলুল্লাহ ﷺ ইরশাদ করেন, "আল্লাহর রাস্তায় (জিহাদে) বান্দার দুটি পা ধূলি ধূসরিত হবে এবং আবার তাকে জাহান্নামের আগুন স্পর্শ করবে, এমনটি কখনো হতে পারে না।" (বুখারী-২৮১১)

- নবী করীম ﷺ ইরশাদ করেন, "মৃত্যুর ভয়াবহ অবস্থার কারণে শহীদ ছাড়া কোনো মানুষ মৃত্যুর পর পুনরায় দুনিয়াতে আসার কামনা করবে না। যদিও তাকে গোটা দুনিয়া দেয়া হয়। কারণ, শহীদ (মৃত্যু থেকে শুরু করে জান্নাত পর্যন্ত) শাহাদাতের মর্যাদা অবলোকন করেছেন। তাই সে দুনিয়ায় ফিরে এসে আবার শহীদ হওয়ারই তামান্না করবে।" (বুখারী, মুসলিম, তিরমিযী, নাসাঈ, মুসনাদে আহমাদ, দারিমী)

- রাসূলুল্লাহ ﷺ ইরশাদ করেন,"ঋণ ব্যতীত আল্লাহ তাআলা শহীদের সব কিছু (পাপ) মাফ করে দিবেন।" (মুসলিম- ১৮৮৬)

- এছাড়াও হাদীসে পাক হতে শহীদদের আরো কয়েকটি বিশেষ ফাযায়েল পাওয়া যায়, তাদের মধ্যে উল্লেখযোগ্য হলো-

✓ আম্বিয়ায়ে কেরাম এবং শহীদগণ যেহেতু কবরে জীবিত, সেহেতু কবরের মাটির জন্য তাঁদের দেহ ভক্ষণ করা হারাম করে দেয়া হয়েছে।

✓ শহীদ মাটিতে পড়ার সাথে সাথে জান্নাত হতে দুইজন হূরে ঈ'ন আগমন করেন, তার শরীর মুছে দেন এবং তাকে জান্নাতী খুশবু লাগিয়ে দেন ও পোশাক পরিধান করিয়ে দেন।

জনৈক সাহাবী হতে বর্ণিত, তিনি বলেছেন, যখন মুজাহিদ বাহিনী শত্রু বাহিনীর মুখোমুখি হয়, তখন ডাগরনয়না হূররা সুসজ্জিত হয়ে উঁকি মেরে দেখতে থাকে। যখন কোনো মুজাহিদ সামনে অগ্রসর হয়, তখন বলে, হে আল্লাহ! তাকে সাহায্য কর। তাকে সহায়তা কর। আর যখন পশ্চাতে ফিরে আসে, তখন আত্মগোপন করে বলে, হে আল্লাহ! তাকে ক্ষমা কর। আর যখন নিহত হয়, তখন তার রক্তের প্রথম ফোঁটা ঝরার সাথে সাথে আল্লাহ

তাআলা তাকে ক্ষমা করে দেন। তার নিকট দুটি ডাগরনয়না হূর নেমে আসে এবং তার চেহারা থেকে ধূলি মুছে দেয়। (তাম্বীহুল গাফেলীন, পৃ: ৪৩৫)

শহীদদের লাশ কবরেও অক্ষত থাকে:

